CMYK





ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

গৌরবের ৬৬ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA

CMYK





অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 15 March, 2019 ■ আগরতলা, ১৫ মার্চ, ২০২০ ইং ■ ১ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ, রবিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

### যুবতীকে নৃশংসভাবে খুন করা হয়েছে, ঘটনা নিয়ে রাজনীতি না করার আবেদন জানালেন মহিলা কমিশনের চেয়ারপার্সন

# রাঙ্গাছড়া কান্ডের হয়নি রহস্য ভেদ, লেজেগোবরে পুলিশ

### অপহরণ, গণধর্ষণ, হত্যার মামলা নিয়ে প্রতিবেশী ম্যাজিক চালককে গ্রেপ্তার, শীঘ্রই জালে উঠবে আরও কয়েকজন, আশ্বাস থানার

**রাজনীতিতে অনেকে আছেন সবসময় মৃতদেহ খুঁজে বেড়ান। পুলিশের ভূমিকায় ষড়যন্ত্র দেখতে পাচ্ছে বিজেপি**




**দুষ্কৃতিকারীরা শোকাহত পরিবারের বাক স্বাধীনতা পর্যন্ত হরণ করেছে। পুলিশ ঠুঁটো জগন্নাথের ভূমিকায়, বলল কংগ্রেস**




**হত্যার ঘটনার প্রতিবাদে রাজপথে মিছিল। জড়িতদের খোঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে দাবী জানাল নারী সমিতি**




**রাঙ্গাছড়ায় ঘটনা লজ্জায় মাথা হেট করে দিয়েছে। এটি একটি পরিকল্পিত হত্যাকান্ড, বললেন সুদীপ বর্মণ**



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ মার্চ।।** সিধাই মোহনপুরের রাঙ্গাছড়া গ্রামের যুবতীর অগ্নিদগ্ধ হয়ে মৃত্যুর ঘটনা নিয়ে রাজ্যে রাজনৈতিক তৎপরতা যেমন চরমে তেমনি রাম পুলিশের ভূমিকা নিয়েও নিন্দা ও সমালোচনার ঝড় বইছে। প্রথমে যুবতী নিখোঁজ হওয়ার খবর মা-বাবা থানায় জানালেও পুলিশের দায়সারা মনোভাব এবং মৃতদেহ উদ্ধারের পর যেভাবে গোটা ঘটনাকে অন্য মোড় দেওয়ার চেষ্টা, পুরোটাতেই পুলিশের ঘৃণ্য ষড়যন্ত্রের গন্ধ পাওয়া গেল। শাসক দল বিজেপি থেকে শুরু করে সমস্ত রাজনৈতিক দলের চোখেই পুলিশ ভিলেন হয়ে গিয়েছে। মৃতদেহ উদ্ধারের পর প্রতিবেশী ম্যাজিক চালকের দিকে আঙুল উঠেছিল। পুলিশ তাকে আটক করেছিল। কিন্তু, প্রায় চব্বিশ ঘন্টা পর পুলিশ ঠেলায় পড়ে তাকে গ্রেপ্তার করেছে। সেই সাথে একটি মামলা নিয়েছে। মামলাটি হয়েছে ভারতীয় দন্ডবিধির ৩৬৪, ৩০২, ৩৭৬(ডি), ২০১, ৩৪ ধারা মোতাবেক। মামলা নিয়ে পুলিশ শনিবার ম্যাজিক চালক সৌরভ পালকে গ্রেপ্তার করেছে। আগামীকাল তাকে আদালতে সৌপর্দ করা হবে। সিধাই থানার পুলিশের দাবি খুব শীঘ্রই এই বর্বরোচিত ঘটনার সাথে জড়িত অন্যদেরও জালে তোলা হবে। এদিকে, যুবতীর অগ্নিদগ্ধ হয়ে মৃত্যুর ঘটনার পর বিভিন্ন রাজনৈতিক দলের তরফ থেকে যেমন প্রতিক্রিয়া ব্যক্ত করা হচ্ছে, তেমনি মহিলা কমিশনও এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে পুলিশের একহাত নিয়েছে।

রাঙ্গাছড়া গ্রামে যুবতীর অগ্নিদগ্ধ মৃতদেহ উদ্ধারের ঘটনায় সরেজমিনে খোঁজ খবর নিল মহিলা কমিশন। কমিশনের চেয়ারপারসন বর্ণালী গোস্বামীর দাবি, ওই যুবতীকে নৃশংসভাবে খুন করা হয়েছে। আত্মহত্যা করেছেন বলে তিনি মনে করছেন না। তিনি দোষীর কঠোর শাস্তি দাবি করেছেন। সাথে তিনি বর্বরতম ঘটনা নিয়ে রাজনীতির বদলে মানুষের মূল্যবোধ গড়ে তুলতে সকলকে সহায়তা করার আবেদন জানিয়েছেন।

প্রসঙ্গত, পশ্চিম ত্রিপুরা জেলার সিধাই থানাধীন রাঙ্গাছড়া গ্রামে খালি জমিতে গতকাল সকালে এক যুবতীর অগ্নিদগ্ধ মৃতদেহ উদ্ধার হয়েছিল। বছর বাইশের ওই যুবতী বৃহস্পতিবার বিকেলে কেনাকাটার জন্য বাড়ি থেকে বেরিয়েছিলেন। তার পর আর বাড়ি ফেরেননি। রাঙ্গাছড়া গ্রামের ওই যুবতীর পরিবার ওইদিন রাতেই সিধাই থানার দ্বারস্থ হয়েছিলেন। কিন্তু পুলিশ তাঁদের কোনও সহযোগিতা করেনি বলে মৃতার মা সীমা দেব অভিযোগ করেছেন। তিনি বলেন, স্থানীয় বাসিন্দা গাড়ি চালক সৌরভ পালের কাছে তাদের মেয়ের মোবাইল রয়েছে। তাঁদের ধারণা সৌরভই তাঁর মেয়েকে খুন করেছে। ওই যুবতীর পরিবারের অভিযোগে পুলিশ গাড়ি চালক সৌরভ পালকে গ্রেফতার করেছে।

শনিবার ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের চেয়ারপারসন বর্ণালী গোস্বামী স্বপার্ষদ রাঙ্গাছড়া গ্রামে ওই যুবতীর বাড়িতে যান এবং সমস্ত বিষয়ে খোঁজখবর নেন। মৃতার মায়ের সাথে দীর্ঘক্ষণ আলোচনা করেন এবং ঘটনা সম্পর্কে অবগত হন তিনি। ওই ঘটনা নিয়ে পুলিশের সাথেও কথা বলেছে মহিলা কমিশন। এ-বিষয়ে কমিশনের চেয়ারপারসন বর্ণালী গোস্বামী বলেন, মৃতার মায়ের বক্তব্য অনুসারে ধৃত গাড়ি চালক সৌরভ পাল তাঁর মেয়েকে প্রায়ই বিরক্ত করত। কিন্তু ওই ছেলের সাথে কোনও রকম সম্পর্কে যেতে রাজি ছিল না তাঁর মেয়ে। তাই তিনি ধারণা করছেন, হয়ত গুরুত্ব পাচ্ছে না দেখে তাঁর মেয়েকে নৃশংসভাবে খুন করেছে সৌরভ।

বর্ণালী গোস্বামীর কথায়, ওই যুবতী আত্মহত্যা করেছেন বলে মনে হচ্ছে না। কারণ, তাঁর শরীর যেভাবে পুড়েছে তাতে আত্মহত্যা বলে মেনে নেওয়া অসম্ভব। তাঁর দাবি, ওই যুবতীকে খুন করে আগুনে পুড়িয়ে ফেলার চেষ্টা হয়েছে। তিনি বলেন, ধৃত যুবক সৌরভ পালের জবানবন্দি থেকে জানা গেছে, ঘটনার আগেরদিন কিছুটা সময় তার সাথেই ছিল ওই যুবতী। তবে, পুলিশের তদন্তে ওই ঘটনায় সমস্ত রহস্য বেরিয়ে আসবে বলে তিনি বিশ্বাস করেন। সাথে তাঁর ধারণা, ওই যুবতীর মৃত্যুর ঘটনাকে পুলিশ আত্মহত্যা বলে চালিয়ে দেবে না। তিনি বলেন, ময়না তদন্ত এবং ফরেন্সিক রিপোর্ট আসার পর সমস্ত বিষয় পরিষ্কার হয়ে যাবে।

এদিকে, যুবতীর মর্মান্তিক মৃত্যুর ঘটনায় ত্রিপুরায় বিরোধীরা রাজ্য সরকারের তীব্র সমালোচনা করছে। ☞ ৬ এর পাতায় দেখুন

## দেরাদুনে পাঠরত ছেলে নিখোঁজ দিশেহারা পিতা পুলিশের দ্বারস্থ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ মার্চ।।** দেরাদুনে নিখোঁজ সন্তানকে খুঁজে পেতে ত্রিপুরা পুলিশের দ্বারস্থ হলেন এক পিতা। বিজেপি কিষাণ মোর্চা ত্রিপুরা প্রদেশ কমিটির সহযোগিতায় শম্ভুকুমার জমাতিয়া তার ছেলে জন জমাতিয়াকে খুঁজে বের করার জন্য শনিবার ত্রিপুরা পুলিশের অতিরিক্ত মহানির্দেশকের কাছে ডেপুটেশন দিয়েছেন। ছেলের নিখোঁজ সংক্রান্ত সমস্ত বিবরণী তুলে ধরে রাজ্য পুলিশের সহায়তা চেয়েছেন তিনি।

এ-বিষয়ে বিজেপি কিষাণ মোর্চার ত্রিপুরা প্রদেশ সভাপতি জহর সাহা বলেন, গোমতী জেলার গামাকুবরি গ্রামের বাসিন্দা শম্ভুকুমার জমাতিয়ার ছেলে জন জমাতিয়া (২২) দেরাদুনের হিমগিরি জি বিশ্ববিদ্যালয়ে এগ্রি বি.এসসি-র তৃতীয় বর্ষের ছাত্র। গত ১৮ ফেব্রুয়ারি থেকে সে নিখোঁজ। এখন পর্যন্ত তাঁর কোনও খোঁজ পাওয়া যায়নি। তিনি বলেন, গত ১৮ ফেব্রুয়ারি বাড়িতে ফোন করে তার বাবাকে জানিয়েছিল সে বাড়ি ফিরছে। কিন্তু এর পর থেকে তার কোনও খোঁজ পাওয়া যাচ্ছে না। তিনি ☞ ৬ এর পাতায় দেখুন

## দুই শিশু সন্তান ও মায়ের অস্বাভাবিক মৃত্যু স্বামী জেল হেফাজতে, রহস্য জনমনে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ মার্চ।।** দুই সন্তানের মুখে বিষ ঢেলে মা ফাঁসিতে আত্মঘাতী হওয়ার ঘটনায় পুলিশ মহিলার স্বামীকে গ্রেফতার করেছে। আজ তাকে আদালতে তোলা হলে আদালত রায়দান স্থগিত রেখে সোমবার পর্যন্ত তাকে জেল হেফাজতে পাঠিয়েছে। তবে ঘটনাটিকে ভীষণ রহস্যজনক বলেও মনে করা হচ্ছে।

গতকাল শুক্রবার গোমতি জেলার কাঁকড়াবন ব্লকের অধীন শম্বুকছড়া এডিসি ভিলেজের মধ্যপাড়া এলাকায় যমুনা দেববর্মা (২৬), তাঁর দুই সন্তান জবা দেববর্মা (৮) এবং অঙ্কুশ দেববর্মা (৪)-কে বিষ খাইয়ে ফাঁসিতে আত্মঘাতী হয়েছেন। ঘটনার সময় মহিলার স্বামী আন্দোলনকিশোর দেববর্মা বাড়িতে ছিলেন না। কিন্তু, তার কথাবার্তায় অসংলগ্নতার জন্য পুলিশ তাকে গ্রেফতার করেছে। এ বিষয়ে গোমতি জেলার অতিরিক্ত পুলিশ সুপার রাজীব নাগ জানিয়েছেন, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য টেপানিয়া জেলা হাসপাতালের মর্গে পাঠিয়েছিল। আজ ওই তিনটি মৃতদেহের ময়না তদন্ত সম্পন্ন হয়েছে। মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে।

তিনি বলেন, গতকাল ঘটনার সময় ওই মহিলার স্বামী বাড়িতে ছিলেন না। তিনি রবার সংগ্রহ করেন। ঘটনার সময়ও রবার বাগানে ছিলেন। কিন্তু ওই ঘটনায় স্থানীয় জনগণ, তাদের প্রতিবেশীরা তাকে জিজ্ঞাসাবাদের সময় তার কথাবার্তায় অসংলগ্নতা ধরা পড়েছে। তাই তাকে গ্রেফতার করা হয়েছে। তিনি বলেন, পুলিশ আজ তাকে জেলা ও দায়রা আদালতে রিমান্ড চেয়ে সোপর্দ করেছিল। কিন্তু আদালত আজ রায়দান স্থগিত রেখে সোমবার পর্যন্ত জেল হেফাজতে ☞ ৬ এর পাতায় দেখুন

### করোনা ভাইরাস ঃ বন্ধ শ্রীমন্তপুর ও মুহুরীঘাট

## পণ্য আমদানি-রফতানি আগরতলা আইসিপিতে চালু রয়েছে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ মার্চ।।** করোনা ভাইরাসের মোকাবিলায় সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে ত্রিপুরা থেকে প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশে দুই দেশের নাগরিকদের আসা-যাওয়া বন্ধ হয়ে গেছে। কিন্তু, পণ্য আমদানি-রফতানি এখনও প্রভাবিত হয় নি। ভারত সরকার সমস্ত ভিসা বাতিল করেছে, তাই বাংলাদেশী নাগরিক ত্রিপুরায় আসতে পারছেন না। তবে, এপাড়ে রয়ে গেছেন বাংলাদেশী নাগরিকরা দেশে ফিরে যেতে পারছেন। ত্রিপুরার আমদানি-রফতানিকারক সংগঠনের দাবি, আগরতলা ইন্টিগ্রেটেড চেকপোস্ট দিয়ে পণ্য আমদানি-রফতানি চালু রয়েছে। কিন্তু, শ্রীমন্তপুর এবং মুহুরীঘাট ইন্টিগ্রেটেড চেক পোস্ট দিয়ে পণ্য আমদানি-রফতানি বন্ধ করে দেওয়া হয়েছে।

এ-বিষয়ে আগরতলা স্থিত বাংলাদেশ সহকারী হাই কমিশনার কিরীটি চাকমা বলেন, করোনা ভাইরাস মোকাবিলায় নেওয়া সতর্কতামূলক পদক্ষেপে দুই দেশের মধ্যে বাণিজ্যিক প্রভাব পড়েছে কিনা, তা এখনই বলা সম্ভব নয়। তবে, কিছুটা প্রভাব পড়বে তা অস্বীকার করার কোন উপায় নেই।

এদিন আগরতলা ল্যান্ড পোর্ট ম্যানেজার দেবাশীষ নন্দী বলেন, বাংলাদেশের কোন নাগরিককে ত্রিপুরায় ঢুকতে দেওয়া হচ্ছে না। কারণ, ভারত সরকার সমস্ত ভিসা বাতিল করেছে। তবে, পণ্য আমদানি এবং রফতানি উভয়ই চালু রয়েছে। আমদানি-রফতানিকারক সংগঠনের জনৈক কর্মকর্তা জানিয়েছেন, আগরতলা ইন্টিগ্রেটেড ☞ ৬ এর পাতায় দেখুন

## বিজয় রাঙ্খলের আইএনপিটিতে মিশে গেল অনিমেশের এনসিটি, ঐক্যবদ্ধ লড়াইয়ের ডাক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ মার্চ।।** ইন্ডিজিনিয়াস ন্যাশনালিস্ট পার্টি অব তুইপ্রা (আইএনপিটি)-তে মিশে গেল ন্যাশনাল কনফারেন্স অব ত্রিপুরা (এনসিটি)। ত্রিপুরার দুই জনজাতিভিত্তিক আঞ্চলিক দল মিলেমিশে একাকার হয়ে গঠিত হল আইএনপিটি ইউনাইটেড। এডিসি নির্বাচনের প্রাক-মুহূর্তে দুই দল একত্রিত হয়ে গ্রাম-পাহাড়ে ভীষণ প্রভাব ফেলবে বলে দাবি করেছেন আইএনপিটি সভাপতি বিজয় কুমার রাঙ্খল। এদিকে এনসিটি সুপ্রিমো অনিমেষ দেববর্মার দাবি, বিক্ষিপ্তভাবে আন্দোলনে জনজাতিদের অস্তিত্ব সংকটে পড়েছে। তাই সময় হয়েছে একত্রিতভাবে লড়াইয়ের। শনিবারের দুই দলের সভায় উপস্থিত হয়ে ত্রিপুরার রাজ পরিবারের সদস্য প্রদ্যুৎ কিশোর দেববর্মণ জনজাতিদের ঐক্যবদ্ধ সংগ্রামের পক্ষে সওয়াল করেন।

ত্রিপুরায় একসময় অনিমেষ দেববর্মা আইএনপিটি-র সদস্য ছিলেন। কিন্তু মতানৈক্যের সৃষ্টি হলে তিনি আইএনপিটি ছেড়ে নতুন দল গঠন করেছিলেন, নাম দিয়েছিলেন ন্যাশনাল কনফারেন্স অব ত্রিপুরা। দীর্ঘ ১৩ বছর তিনি এনসিটি দলের সুপ্রিমো হিসেবে দায়িত্ব পালন করেছেন। জনজাতিদের জন্য রাজনীতির অন্যতম মুখ হিসেবে তিনি পরিচিত ছিলেন। কিন্তু, এনসিটি-র ব্যানারে তিনি কখনও সফলতা অর্জন করতে পারেননি। তাই ১৩ বছর পর ফের পুরনো দলে ফিরে যাওয়াই উচিত বলে মনে করেছেন অনিমেষ।

তিনি বলেন, ত্রিপুরায় বিক্ষিপ্ত আন্দোলনের সময় এখন সমাপ্ত হয়েছে। দীর্ঘদিন জনজাতিদের জন্য বিক্ষিপ্তভাবে লড়াই করেছি। কিন্তু, তার ফসল তুলতে পারিনি। তাঁর কথায়, বিক্ষিপ্তভাবে লড়াই করে আমরাই শেষ হয়ে গেছি। পরিস্থিতি এমন পর্যায়ে গিয়ে ঠেকেছে যে জনজাতিদের অস্তিত্বই সংকটে পড়েছে। তাই এখন আমাদের একত্রিত হওয়ার সময় এসেছে। তিনি বলেন, আজ এনসিটি দীর্ঘ ১৩ ☞ ৬ এর পাতায় দেখুন



রাঙ্গাছড়ায় অগ্নিদগ্ধ হয়ে মৃত যুবতীর বাড়িতে যান মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী।

## চাকরির নিশ্চয়তার দাবিতে ৪৮ ঘণ্টার গণঅবস্থানে অ্যাডহক শিক্ষকরা, আইন অমান্য আন্দোলনের হুমকি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ মার্চ।।** চাকরির নিশ্চয়তার দাবিতে ৪৮ ঘণ্টার গণ-অবস্থানে বসলেন অ্যাডহক শিক্ষকরা। শাঁখ বাজিয়ে এবং উলুধ্বনি দিয়ে শনিবার গণ-অবস্থানে বসেন তাঁরা। তা দেখে মনে হচ্ছিল, তাঁরা যুদ্ধে নামছেন। অবশ্য অ্যাডহক শিক্ষকদের জ্বালাময়ী ভাষণে অনেকটাই স্পষ্ট হয়ে গেছে, তাঁদের চাকরির নিশ্চয়তা না মিললে ত্রিপুরা সরকারের সাথে যুদ্ধ শুরু করবেন তাঁরা। প্রস্তুতিও এমনটাই নিয়েছেন, তা আজ সাফ জানিয়েছেন অ্যাডহক শিক্ষক সংগঠনের সভাপতি বিমল সাহা। তাঁর হুঁশিয়ারি, অ্যাডহক শিক্ষকদের চাকরি সুনিশ্চিত না হলে এবং ১৬ মার্চ সুপ্রিম কোর্টে মামলার শুনানিতে ত্রিপুরা সরকার সহযোগিতা না করলে ১৭ মার্চ থেকে তাঁরা আইন অমান্য আন্দোলনে ঝাঁপাবেন।

প্রসঙ্গত, আগামী ৩১ মার্চ অ্যাডহক শিক্ষকদের চাকরির সময়সীমা সমাপ্ত হচ্ছে। সময় যত ঘনিয়ে আসছে তাঁদের আন্দোলন ততই তেজি রূপ নিচ্ছে। পূর্ব ঘোষণা অনুযায়ী আজ ১০৩২৩ অ্যাডহক শিক্ষক সংগঠন ৪৮ ঘন্টার গণ-অবস্থান শুরু করেছে। গণ-অবস্থান মঞ্চ থেকে সংগঠনের সভাপতি বিমল সাহা বলেন, শিক্ষা দফতরের ভুলে তাঁদের চাকরি বাতিল হয়েছে। তাঁর মাশুল ত্রিপুরা সরকারকেই গুনতে হবে। তিনি বলেন, পাঁচ দফা দাবির ভিত্তিতে আমরা গণ-অবস্থানে বসেছি। ওই দাবিগুলি পূরণ না হলে আরও বৃহত্তর আন্দোলনে ঝাঁপাবো আমরা। তিনি বলেন, ভেলিডেশন অ্যাক্ট লাগু করে তাঁদের চাকরি সুনিশ্চিত এবং প্রয়াত অ্যাডহক শিক্ষকদের পরিবারকে ডাই-ইন-হারনেসে চাকরি-সহ পাঁচ দফা দাবি পূরণ করতেই হবে। সাথে তিনি বলেন, আগামী ১৬ মার্চ সুপ্রিম কোর্টে মামলার শুনানি রয়েছে। ওই দিন মামলায় ত্রিপুরা সরকারকে সহায়তা করতে হবে। তা না হলে, আগামী ১৭ মার্চ থেকে আইন অমান্য আন্দোলনে নামবো আমরা, হুঁশিয়ারি দিয়ে বলেন তিনি।

এদিন গণ-অবস্থান মঞ্চে বক্তারা ত্রিপুরা সরকারের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়েছেন। পূর্বতন সরকার এবং বর্তমান সরকার উভয়কেই কাঠগড়ায় দাঁড় করেছেন তাঁরা। তাঁদের বক্তব্য, পূর্বতন সরকারের ভুল নীতির কারণে আদালতের রায়ে ১০৩২৩ শিক্ষকদের চাকরি বাতিল হয়েছে। তেমনি, বর্তমান সরকার ভোটে জয়ী হওয়ার জন্য চাকরি বাঁচানোর প্রতিশ্রুতি দিয়েও এখন দু বছরে কোনও হেলদোল লক্ষ্য করা যাচ্ছে না। তাঁদের চাকরির নিশ্চয়তা না দেওয়া হলে ত্রিপুরায় বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে এবং তাতে রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি নষ্ট হলে তার জন্য ত্রিপুরা সরকার দায়ী থাকবে বলে তাঁরা হুঁশিয়ারি দিয়েছেন।

## চাঁদার হুমকি এনএলএফটির ধৃত দুই জঙ্গি জেল হেপাজতে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ মার্চ।।** অস্ত্রের মুখে চাঁদা সংগ্রহের হুমকিকে ঘিরে পুলিশ নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন এনএলএফটি-র দুই সদস্যকে গ্রেফতার করেছে। আদালত আজ তাদের ২৪ মার্চ পর্যন্ত জেল হেফাজতে পাঠিয়েছে।

এ-বিষয়ে এপিপি বিদ্যুৎ সূত্রধর বলেন, গত ৪ ফেব্রুয়ারি পশ্চিম ত্রিপুরা জেলার রাধাপুর থানাধীন কামিনী দেববর্মার রবার বাগানে অস্ত্রশস্ত্র নিয়ে কয়েকজনকে চাঁদা সংগ্রহের হুমকি দিয়েছিল এনএলএফটি জঙ্গিরা। ওই ঘটনায় রাধাপুর থানার পুলিশ একটি মামলা নিয়ে তদন্ত শুরু করে। গত ১২ মার্চ পুলিশ মঞ্জিন দেববর্মা ☞ ৬ এর পাতায় দেখুন

## ঊনকোটির রক্ষণাবেক্ষণে কোটি টাকার প্রস্তাব কেন্দ্রে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ মার্চ।।** ঊনকোটিতে দেব-দেবীর মূর্তি রক্ষণাবেক্ষণে প্রস্তাব পাঠানো হয়েছে। এতে ১ কোটি টাকা খরচ হবে হিসাবে ধরে প্রস্তাব অনুমোদনের অপেক্ষায়। জানালেন আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া (এএসআই)-র ত্রিপুরা সাব-সার্কলের সহকারী প্রত্নতত্ত্ববিদ এম জ্যাকসন। তবে, এই প্রস্তাব নতুন নয়। বছর তিনেক ধরে প্রস্তাবটি অনুমোদনের অপেক্ষায় রয়েছি আমরা, বলেন তিনি।

রাজ্যে সরকার পরিবর্তন হওয়ার পর থেকে পর্যটনে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। পর্যটকদের বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদানে নানা ব্যবস্থাও করা হয়েছে। ইতিমধ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে গুচ্ছ পদক্ষেপ নেওয়া হয়েছে। এতে বেড়েছে বিমানের সংখ্যা। বিভিন্ন রাজ্যের সাথে ত্রিপুরার সরাসরি ট্রেন যোগাযোগও স্থাপিত হয়েছে। ফলে প্রায় প্রতিদিন পর্যটক সংখ্যা বেড়ে চলেছে।

ঊনকোটি পর্যটকদের কাছে বিশেষ আকর্ষণীয় স্থান হিসেবেই চিহ্নিত। সেখানে পাথরে খোদাই করা দেব-দেবীর মূর্তি পর্যটকদের ভীষণ আকৃষ্ট করে। স্বাভাবিকভাবেই ঊনকোটির রক্ষণাবেক্ষণে বিশেষ নজর দেওয়া খুবই জরুরি বলেই মনে করা হচ্ছে। অবশ্য আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া ঊনকোটির রক্ষণাবেক্ষণে বিশেষ ☞ ৬ এর পাতায় দেখুন

CMYK

CMYK



শনিবার ত্রিপুরা সরকারী কর্মচারী সংগঠনের উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরে উদ্যোক্তারা। ছবি- নিজস্ব।

## মাও-হামলায় রক্তাক্ত বস্তার শহিদ দু'জন হেড কনস্টেবল

রায়পুর, ১৪ মার্চ (হি.স.): মাওবাদী হামলায় ফের রক্তাক্ত হল ছত্তিশগড়। ছত্তিশগড়ের মাওবাদী অধ্যুষিত বস্তার জেলায় মাওবাদীদের সঙ্গে গুলির লড়াই চলাকালীন প্রাণ হারিয়েছেন ছত্তিশগড় আর্মড ফোর্স (সিএএফ)-এর দু'জন হেড কনস্টেবলঊ এছাড়াও একজন জওয়ান গুরুতর আহত হয়েছেনঊ বস্তার জেলার মারডুম এলাকার ঘটনাঊ ছত্তিশগড় পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, শনিবার বস্তার জেলার মারডুম এলাকায় ছত্তিশগড় আর্মড ফোর্স এবং মাওবাদীদের মধ্যে গুলির লড়াই শুরু হয়ঊমাওবাদীদের অতর্কিত হামলায় দু'জন সিএএফ হেড কনস্টেবলের মৃত্যু হয়েছেঊ গুরুতর আহত হয়েছেন আরও একজন জওয়ানঊ ওই জওয়ানকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছেঊ শেষ পাওয়া খবর অনুযায়ী-গুলির লড়াই চলাকালীন মাওবাদীরা পালিয়ে যেতে সক্ষম হয়।

বস্তার রেঞ্জের ইন্সপেক্টর জেনারেল পি সুন্দররাজ জানিয়েছেন, 'মাওবাদীদের ঘটানো আইইডি বিস্ফোরণে সিএএফ-এর দুই জওয়ান উপেন্দ্র সাহু এবং দেবেন্দ্র সিং নিহত হয়েছেন। সামান্য আঘাতপ্রাপ্ত হয়েছেন এক সিআরপিএফ জওয়ান।'

তিনি জানিয়েছেন, বিস্ফোরণের পরে গভীর জঙ্গলের মধ্যে ওই জায়গায় অতিরিক্ত নিরাপত্তা বাহিনী পাঠানো হয়েছে। বিস্ফোরণের পরে জঙ্গিদের নিশানা করে সিআরপিএফ ও সিএএফ-এর যৌথ বাহিনী প্রত্যাঘাত হানলে জঙ্গলের ভিতরে গা-ঢাকা দেয় মাওবাদীরা। ঘটনায় খোয়া গিয়েছে বাহিনীর হেফাজতে থাকা দু'টি একে-৪৭ রাইফেল, জানিয়েছেন আইজি। ছত্তিশগড় প্রশাসনের হিসেব অনুযায়ী, ২০১৯ সালের ১ জানুয়ারি থেকে ২০২০ সালের ১ ফেব্রুয়ারি পর্যন্ত মাওবাদী হামলায় ২৫ জন নিরাপত্তাকর্মী নিহত হয়েছেন। অন্য দিকে, মোট ৮১ জন মাওবাদী জঙ্গিকে গুলি করে হত্যা করা হয়েছে। একই সময়কালে ৫৭ জন সাধারণ নাগরিকের মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে।

## ইউরোপ সব ফ্লাইট নিষিদ্ধ করেছে বাংলাদেশ

মনির হোসেন,ঢাকা মার্চ ১৪: ইউরোপ থেকে বাংলাদেশগামী সব ফ্লাইট নিষিদ্ধ করেছে বাংলাদেশ সরকার। এ নিষেধাজ্ঞা আগামী ৩১ মার্চ পর্যন্ত থাকবে। শনিবার স্থানীয় সময় রাত ৯ টায় এ তথ্য নিশ্চিত করেছেন দেশটির বিদেশমন্ত্রী ড় এ কে আবদুল মোমেন। এর আগে শনিবার সকালে ইতালি থেকে ১৪২ বাংলাদেশি দেশে ফেরেন। পরে তাদেরকে রাজধানীর আশকোনা হজ ক্যাম্পে অস্থায়ী কোয়ারেন্টাইনে নিয়ে যাওয়া হয়। কিন্তু তারা সেখানে থাকতে অস্বীকৃতি জানিয়ে বিক্ষোভ শুরু করেন। এ সময় বাইরে থেকে তাদের স্বজনরাও বিক্ষোভে যোগ দেন। এ পরিস্থিতিতে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুরোধে ইতালিফেরতদের প্রবেশাধিকার নিয়ন্ত্রণ ও নিরাপত্তায় শনিবার সন্ধ্যায় সেখানে সেনাবাহিনী মোতায়েন করা হয়েছে বলে জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদফতর (আইএসপিআর)।

## করোনা : 'শহিদ সুদেষ্ণা' শীর্ষক তথ্যচিত্রের প্রদর্শনী ও মহাসম্মেলন স্থগিত, পাথারকান্দিতে জানাল বিষ্ণুপ্রিয়া মণিপুরি যুব সংগঠন

পাথারকান্দি (অসম), ১৪ মার্চ (হি.স.) : বিশ্ব জুড়ে সন্ত্রাস ছড়ানো নোভেল করোনা ভাইরাসের জেরে পাথারকান্দিতে ভাষা শহিদ সুদেষ্ণা সিংহ-এর নামে নির্মিত তথ্যচিত্র প্রদর্শনী এবং বিষ্ণুপ্রিয়া মণিপুরি মহাসম্মেলনের দিন আপাতত স্থগিত করেছে আয়োজক সংস্থা। আগামী ১৬ মার্চ মহাসম্মেলন ও ভাষা শহিদ সুদেষ্ণা-র উপর নির্মিত তথ্যচিত্র প্রদর্শনীর কথা ছিল।

কিন্তু সাম্প্রতিককালে নোভেল করোনা ভাইরাসের দরুন সতর্কতাজনিত কারণে গোটা কার্যক্রম স্থগিত রাখা হয়েছে।

পাথারকান্দিতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তাঁদের এই সিদ্ধান্তের কথা জানান সংশ্লিষ্ট আয়োজক কমিটির আহ্বায়ক অনুপ সিংহ। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত পাথারকান্দি জেলা পরিষদ সদস্য শান্তিলাল সিংহ, বিষ্ণুপ্রিয়া মণিপুরি ইউনাইটেড ইয়ুথ অর্গানাইজেশন-এর উপদেষ্টা পৃথ্বীরাজ সিংহ প্রমুখ জানান, করোনা ভাইরাস নিয়ে ইতিমধ্যে করিমগঞ্জের জেলাশাসক আনবামুথান এমপি এবং পাথারকান্দির বিধায়ক কৃষ্ণেন্দু পাল উদ্ভূত পরিসিতির কারণে অনুষ্ঠানটি আপাতত সগিত রাখার পরামর্শ দিয়েছেন। তাই সঙ্গত কারণে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে সার্বিক দিক বিবেচনা করে আগামী ১৬ মার্চের নির্ধারিত অনুষ্ঠানটি বাতিল করা হয়েছে। অনুষ্ঠানের পরবর্তী তারিখ যথাসময়ে জানানো হবে বলে জানানো হয়েছে সাংবাদিকদের।

## নাগপুরের হাসপাতাল থেকে পালাল করোনা সন্দিগ্ধ দু'জন রোগী, ফিরে এল ৩ জন

নাগপুর, ১৪ মার্চ (হি.স.): মহারাষ্ট্রের নাগপুরের মায়ো হাসপাতালের আইসোলেশন ওয়ার্ড থেকে পালিয়ে গেল কোভিড-১৯ সন্দিগ্ধ দু'জন রোগীঊ প্রথমে পাঁচজন রোগী মায়ো হাসপাতালের আইসোলেশন ওয়ার্ড থেকে পালিয়েছিল, পরে তিনজন রোগী হাসপাতালে ফিরে আসে। খোঁজ পাওয়া যাযনি দু'জন রোগীর। নাগপুর পুলিশ স্টেশনের সাব-ইন্সপেক্টর এস সূর্যবংশী জানিয়েছেন, 'শুক্রবার রাতে মায়ো হাসপাতালের আইসোলেশন ওয়ার্ড থেকে পালিয়ে যায় ৫ জন করোনা সন্দিগ্ধ রোগী। তাঁদের মধ্যে একজনের শরীরের কোভিড-১৯ ভাইরাস পাওয়া যায়নি। বাকি ৪ জনের রিপোর্টের অপেক্ষায় রয়েছি। শুক্রবার রাতে পালিয়ে গেলেও, শনিবার ফের হাসপাতালে ফিরে আসে ওই পাঁচজনের মধ্যে তিনজন রোগী।

নাগপুরের কালেক্টর এবং জেলা শাসক রবীন্দ্র এইচ ঠাকরে জানিয়েছেন, মায়ো হাসপাতাল থেকে পালিয়ে যাওয়া পাঁচজন রোগীর মধ্যে তিনজন ফিরে এসেছে।

আইসোলেশন ওয়ার্ডের বাইরে পুলিশ মোতায়েন করা হবে।

## করোনা-সতর্ক অসমের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে প্রাতঃ সভা বাতিল-সহ বিভাগীয় কয়েকটি গুরুত্বপূর্ণ নির্দেশ

গুয়াহাটি, ১৪ মার্চ (হি.স.) : বিশ্বব্যাপী মহামারির রূপ ধারণ করেছে করোনা ভাইরাস। ভারতেও ছড়িয়েছে এই মারণ সংক্রমণের জীবাণু। তাই সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে অসমে সব শিক্ষা প্রতিষ্ঠানে প্রার্থনা সভা তথা প্রাতঃসভা (মর্নিং অ্যাসেমব্লি) বাতিল করার নির্দেশ দিয়েছে রাজ্যের শিক্ষা বিভাগ। পাশাপাশি দেওয়া হয়েছে আরও কয়েকটি গুরুত্বপূর্ণ নির্দেশ। আগামীকাল ১৫ মার্চ থেকে এই নির্দেশিকা কার্যকর করতে বলা হয়েছে।

শিক্ষা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশিকায় বলা হয়েছে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আগামীকাল ১৫ মার্চ (রবিবার) থেকে রাজ্যের কোনও বিদ্যালয় ও মহাবিদ্যালয়ে ক্লাশ শুরুর আগে কোনও প্রার্থনা বা প্রাতঃসভা করা যাবে না। এছাড়া কোনও ধরনের অনুষ্ঠান বা সমবেত কার্যক্রমও বিদ্যালয় বা মহাবিদ্যালয়-সহ যে কোনও ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে

ছয়ের পাতায়

## মহারাষ্ট্র : রায়গড়ের কাছে উল্টে গেল নৌকা, উদ্ধার ৮০ জন যাত্রী

মুম্বই, ১৪ মার্চ (হি.স.): বড়সড় বিপদ থেকে রক্ষাঊ মহারাষ্ট্রের রায়গড়ের কাছে মান্ডওয়া এবং কাসার মাঝে উল্টে গেল যাত্রীবোঝাই একটি নৌকাঊ সৌভাগ্যবশত এই ঘটনায় প্রাণহানির কোনও খবর নেইঊ নিরাপদেই উদ্ধার করা হয়েছে ৮০ জন যাত্রীকেঊ শনিবার সকাল ৯.৩০ মিনিট নাগাদ মান্ডওয়া ও কাসার মাঝে আরব সাগরে উল্টে যায় একটি নৌকাঊ জলে ভাসমান কোনও বস্তুতে আঘাত করার পরই নৌকাটি উল্টে যায়।ওই নৌকায় মোট ৮০ জন যাত্রী ছিলেনঊ স্পিড বোট এবং অন্যান্য বোটের সাহায্যে প্রত্যেককেই নিরাপদে উদ্ধার করা হয়েছেঊ দুর্ঘটনাগ্রস্ত ওই নৌকাটি অজন্তা কোম্পানিরঊ মহারাষ্ট্র মেরিটাইম বোর্ডের প্রধান বন্দর অফিসার সঞ্জয় শর্মা জানিয়েছেন, অজন্তা কোঅপারেটভি সোসাইটির ১০০টিরও বেশি বোট রয়েছে, তাঁরাই বেশ কয়েকটি বোট পাঠিয়ে ৮০ জন যাত্রীকে উদ্ধার করেছে।

## করোনা আতঙ্কে সাধারণের জন্য দরজা বন্ধ লোকসভার

নয়াদিল্লি, ১৪ মার্চ (হি.স.) : করোনা আতঙ্কের জের। সাধারণ দর্শকদের জন্য বন্ধ হয়ে গেল লোকসভার দরজা। বাজেট অধিবেশনের বাকি দিনগুলিতে আর লোকসভার ভেতরে প্রবেশ করতে পারবেন না দর্শকেরা। শনিবার লোকসভার সচিবালয় তরফে বিবৃতি জারি করে এই বার্তা জানানো হয়েছে। ফলে নতুন করে আর দর্শকদের জন্য পাস তৈরি করা হবে না। সাংসদদের কাছে আর্জি জানানো হয়েছে দর্শকদের পাসের জন্য তারা যেন কোনও সুপারিশ না করেন।

সংসদে বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্যায় শুরু হয়েছে ২ মার্চ থেকে চলবে ৩ এপ্রিল পর্যন্ত। কিন্তু বর্তমানে করোনাভাইরাস মহামারী আকার ধারণ করেছে গোটা বিশ্বে। ইতিমধ্যেই করোনাকে বিপর্যয় ঘোষণা করেছে কেন্দ্র। দিল্লিতে বন্ধ করে দেওয়া হয়েছে স্কুল, কলেজ সহ সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান। করোনা মোকাবিলায় তাই বাড়তি সতর্ক হয়ে লোকসভার সচিবালয় এই নির্দেশিকা জারি করেছে।

## করোনা আতঙ্কে পিছিয়ে পদ্ম সম্মান প্রদানের নির্ঘন্ট

নয়াদিল্লি, ১৪ মার্চ (হি.স.) : মারণ রোগ করোনাভাইরাসের দাপটে পিছিয়ে গেল পদ্ম সম্মান প্রদানের কর্মসূচি। পূর্ব ঘোষিত সূচী অনুযায়ী ৩ এপ্রিল রাষ্ট্রপতি ভবনে পদ্ম সম্মান প্রদানের নির্ঘন্ট ঠিক করা হয়েছিল। নতুন জারি করা নির্দেশিকায় সেই দিন পদ্ম সম্মান প্রদান হবে না। পরবর্তী নির্দেশিকা পর্যন্ত বন্ধ থাকবে পদ্ম সম্মান প্রদানের কর্মসূচী।প্রসঙ্গত, করোনা রোধে জমায়েত এড়িয়ে চলার পরামর্শ দিয়েছে চিকিৎসকেরা। সেই কারণে এবার হোলিও খেলেননি রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী। উল্লেখ করা যেতে পারে গোটা বিশ্বের সঙ্গে ত্রস্ত ভারত।

## নিজেদের সারাক্ষণ সুস্থ রাখার বার্তা দিলেন লক্ষ্মীরতন শুক্লা

হাওড়া, ১৪ মার্চ (হি.স.) : শুধু করোনা নিয়েই আতঙ্কগ্রস্ত না হয়ে, নিজেদের সারাক্ষণ সুস্থ রাখার বার্তা দিলেন প্রাক্তন জাতীয় ক্রিকেটার তথা রাজ্যের ক্রীড়া প্রতিমন্ত্রী লক্ষ্মীরতন শুক্লা। শনিবার হাওড়ায় নিজের ক্রিকেট আকাদেমিতে তিনি বোঝালেন, কেন নিজে সচেতন হয়ে নিজেকে সুস্থ রাখতে হবে। এলআরএস ক্রিকেট আকাদেমির এই উদ্যোগে অভিভাবকেরা বেজায় খুশী।

করোনাভাইরাস সংক্রমণের জেরে ক্রমশ স্তব্ধ হচ্ছে আন্তর্জাতিক খেলার দুনিয়া। এই অবস্থায় শনিবার আগামী প্রজন্মের ক্রিকেটারদের আরও সচেতন করে তুললেন প্রাক্তন জাতীয় ক্রিকেটার লক্ষ্মীরতন শুক্লা। শনিবার হাওড়ায় নিজের ক্রিকেট আকাদেমিতে বোঝালেন, কেন নিজে সচেতন হয়ে নিজেকে সুস্থ রাখতে হবে। শুধু 'করোনা' নিয়েই আতঙ্কগ্রস্ত না হয়ে, নিজেদের সারাক্ষণ সুস্থ রাখার এই বার্তা দিলেন ক্যাম্পের শিক্ষার্থীদের। যা এককথায় বলতে গেলে সত্যি এক অভিনব উদ্যোগ। এলআরএস ক্রিকেট আকাদেমির এই উদ্যোগে অভিভাবকেরা বেজায় খুশী।

## করোনা আতঙ্কে এবার স্থগিত অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ড সিরিজ

মেলবোর্ন, ১৪ মার্চ (হি.স.) : এবার মাঝ পথে বাতিল হয়ে গেল অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ড দ্বিপাক্ষিক ওয়ান-ডে সিরিজও। নোভেল করোনাভাইরাসের আতঙ্কে শুক্রবারই ভারত-দক্ষিণ আফ্রিকা'র একদিনের সিরিজের বাকি দুটি ম্যাচ বাতিল করা হয় ঊ সেই পথে হেঁটে স্থগিত হয়ে গেল অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ড দ্বিপাক্ষিক ওয়ান-ডে সিরিজও। বিশ্বজুড়ে করোনা ভাইরাসের আতঙ্কের জেরে এবার স্থগিত হয়ে গেল অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ডের ওয়ান ডে সিরিজের বাকি দুই ম্যাচ। ১৫ ও ২০ মার্চ যে দুটি ম্যাচ খেলার কথা ছিল। তবে সরকারের নির্দেশ মেনে চ্যাপেল-হ্যাডলি সিরিজের বাকি দু'ম্যাচ না খেলেই দেশে ফিরছে উইলিয়ামসন ব্রিগেড।

উল্লেখ্য, সিডনিতে শুক্রবার চ্যাপেল-হ্যাডলি সিরিজের প্রথম ওয়ান-ডে অনুষ্ঠিত হয়েছে দর্শকশূন্য গ্যালারিতে। প্রথম ম্যাচে সফরকারী নিউজিল্যান্ডকে ৭১ রানে হারিয়ে দারুণ শুরু করেছিল অ্যারন ফিঞ্চের অস্ট্রেলিয়া। আগামী রবিবার সিডনিতেই সিরিজের দ্বিতীয় ম্যাচ ও আগামী শুক্রবার হোবার্টে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল সিরিজের তৃতীয় ম্যাচটির। তবে যা স্থগিত রাখা হয়েছে ঊ অন্যদিকে, ওয়ান-ডে সিরিজ শেষ হওয়ার পর আগামি ২৪ মার্চ থেকে তিনম্যাচের টি-২০ সিরিজ শুরু হওয়ার কথা থাকলেও স্থগিত রাখা হয়েছে সেটিও। সীমিত ওভারের দক্ষিণ আফ্রিকা সফর বাতিল করেছে অস্ট্রেলিয়ার মহিলা ক্রিকেট দলও।

## অসমে করোনা : বরপেটা মেডিক্যাল কলেজের চিকিৎসক দম্পতি গৃহবন্দি, অজ্ঞাতে সৌদি সফর, ব্যবস্থা নেবে সরকার

বরপেটা (অসম), ১৪ মার্চ (হি.স.) : বরপেটা মেডিক্যাল কলেজ হাসপাতালের চিকিৎসক দম্পতিকে আগামী ১৪ দিনের জন্য তাঁদের ঘর থেকে বেরোতে নিষেধাজ্ঞা জারি করেছেন স্বাস্থ্য দফতরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। তাঁরা সম্প্রতি সৌদি সফরে করে ফিরেছেন। তাই তাঁদের শরীরে কোভিড-১৯-এর কোনও জীবাণু থাকতে পারে সন্দেহে গৃহবন্দি করার নির্দেশ দেওয়া হয়েছে। তাছাড়া বিভাগীয় ঊর্ধতন কর্তৃপক্ষকে না জানিয়ে বিদেশ সফর করার জন্য উভয়ের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে জানা গেছে। ঘটনা প্রসঙ্গে বরপেটা মেডিক্যাল কলেজ হাসপাতালের অধ্যক্ষ ডা. ধ্রুবজ্যোতি বরার কাছে জানতে চাওয়া হয়েছিল। তিনি জানান, এ মুহূর্তে চিকিৎসক দম্পতির শরীরে করোনা সংক্রমণের কোনও লক্ষণ ধরা পড়েনি। তবে সুরক্ষার খাতিরে উভয়কে তাঁদের ঘর থেকে বেরোতে সরকারিভাবে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। অধ্যক্ষ ডা. বরা জানান, সৌদি ভ্রমণ করে সংশ্লিষ্ট চিকিৎসক ও তাঁর পত্নী তাঁদের কর্মক্ষেত্র মেডিক্যাল কলেজ হাসপাতালে যোগদান করতে এসেছিলেন। কিন্তু তাঁদের কাজে যোগদান করতে দেওয়া হয়নি।

অধ্যক্ষ ডা. ধ্রুবজ্যোতি বরা আরও জানান, চিকিৎসক দম্পতি ব্যক্তিগত কাজের কথা বলে ছুটি নিয়েছিলেন। কিন্তু বিদেশে যাওয়ার জন্য ঊর্ধতন কর্তৃপক্ষের কোনও অনুমতি নেননি তাঁরা। এ ঘটনাকে গোপনে বিদেশ সফর বলে বিবেচনা করে রাজ্য সরকার তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে, জানান ডা. ধ্রবজ্যোতি বরা। ইতিমধ্যে তিনি এ ব্যাপারে সরকারের কাছে পত্রও পাঠিয়েছেন বলে জানান তিনি।

ডা. ধ্রুবজ্যোতি বরা জানান, দুজনের কারোর শরীরে করোনার কোনও লক্ষণ পাওয়া না গেলেও আগামী ১৪ দিন তাঁদের মেডিক্যাল অবজারভেশনে রাখা হবে। আরআরটি টিম তাঁদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করছেন। কোনও লক্ষণ ধরা পড়লে সঙ্গে সঙ্গে তাঁদের রক্তের সেম্পল সংগ্রহ করে প্রয়োজনীয় পরীক্ষার ব্যবস্থা করা হবে, জানান ডা. বরা। জানান, এখনই তাঁদের শরীরের কোনও পরীক্ষা করার প্রয়োজন পড়েনি।

বিভাগীয় কর্তৃপক্ষের কড়া অবস্থানের পর চিকিৎসক দম্পতি বর্তমানে বরপেটা শহরের মেটুয়াকুচিতে ভাড়া বাড়িতে সুস্থ শরীরে অবস্থান করছেন।

## বিনা প্রতিদ্বন্দ্বিতায় রাজ্যসভায় যাচ্ছেন বিজেপির ভুবনেশ্বর, জোট প্রার্থী বিশ্বজিৎ এবং কং-এআইইউডিফ সমর্থিত নির্দল অজিত ভুইয়াঁ

গুয়াহাটি, ১৪ মার্চ (হি.স.) : রাজ্যসভায় অসমের শূন্য তিন আসনে মনোনয়ন দাখিলকৃত তিন প্রার্থীই বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী হচ্ছেন, নিশ্চিত। তাঁরা বিজেপির ভুবনেশ্বর কলিতা, জোট শরিক বিপিএফ-এর বিশ্বজিৎ দৈমারি এবং কংগ্রেস ও এআইইউডিএফ সমর্থিত নির্দল প্রার্থী বরিষ্ঠ সাংবাদিক অজিতকুমার ভুইয়াঁ। আনুষ্ঠানিকভাবে এ ব্যাপারে ঘোষণা করা হয়নি। যাবতীয় চলবে নিয়মমাফিক। তাই ১৬ মার্চ প্রদত্ত মনোনয়নপত্রগুলি পরীক্ষা করা হবে।

এছাড়া ১৮ মার্চ মনোনয়নপত্র প্রত্যাহারের অন্তিম তারিখ ধার্য করে ভোট প্রক্রিয়া শেষে সরকারিভাবে ফলাফল ঘোষণা হবে ২৬ মার্চ।

গত ১১ মার্চ অসম বিধানসভায় রাজ্যের মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল, নেডা-র আহ্বায়ক তথা মন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা, শরিক দুই দল অগপ ও বিপিএফ সভাপতি যথাক্রমে মন্ত্রী অতুল বরা এবং বিটিসি-প্রধান হাগ্রামা মহিলারিকে সঙ্গে নিয়ে বিধানসভার সচিবের হাতে তাঁর মনোনয়নপত্র দাখিল করেছিলেন বিশ্বজিৎ দৈমারি। এর পর ১৩ মার্চ কংগ্রেছ-এআইইউডিএফ সমর্থিত নির্দল প্রার্থী অজিতকুমার ভুইয়াঁ তাঁর মনোনয়ন দাখিল করেছিলেন।

খবর ছিল, রাজ্যসভার তৃতীয় আসনের জন্য অজিতকুমার ভুইয়াঁর পাশাপাশি রাজ্যের আরেক সাংবাদিক অতনু ভুইয়াঁও মনোনয়ন পত্র সংগ্রহ করেছিলেন। কিন্তু গতকাল শুক্রবার শেষ দিন পর্যন্ত তিনি তাঁর মনোনয়ন পত্র দাখিল করেননি। যার ফলে ধারণা করা হচ্ছে ভুবনেশ্বর কলিতা, বিশ্বজিৎ দৈমারি এবং অজিতকুমার ভুইয়াঁ বিনা প্রতিদ্বন্দ্বিতায় রাজ্যসভায় নির্বাচিত হচ্ছেন, তা নিশ্চিত।

## বিএসএফের হাতে করিমগঞ্জের বাংলাদেশ সীমান্তে উদ্ধার পথভ্রষ্ট কর্ণাটকের মহিলা

করিমগঞ্জ (অসম), ১৪ মার্চ (হি.স.) : করিমগঞ্জের বাংলাদেশ সীমান্তবর্তী এলাকা থেকে জনৈক মহিলাকে উদ্ধার করেছে কর্তব্যরত বিএসএফ। মহিশাসন রেলগেট এলাকায় সন্দেহজনক অবস্থায় ঘোরাফেরা করছেন দেখে বিএসএফ তাকে আটক করেছিল। এর পর তাঁকে করিমগঞ্জ জেলার নিলামবাজার থানায় সমঝে দেওয়া হয়।

বিএসএফের জনৈক জওয়ান জানান, জিজ্ঞাসাবাদ করে মহিলাটির নাম কাল্লাম্মা বি বলে জানা গেছে।

তিনি কর্ণাটকের ডাবানিগেরে জেলার বাসিন্দা। মহিলার বয়ানের উদ্ধৃতি দিয়ে তিনি জানান, তাঁর গত প্রায় তিন মাস আগে কাল্লাম্মা তাঁর গৃহজেলা থেকে নিখোঁজ হয়েছিলেন। পথভ্রান্ত হয়েই নাকি তিনি ট্রেনে ট্রেনে করে করিমগঞ্জ এসে পড়েছেন।

জওয়ানটি জানান, গত ১২ মার্চ তাঁকে উদ্ধার করা হয়েছিল। এর পর নিলামবাজার থানা কর্তৃপক্ষের সহায়তায় তাঁকে নিলাবাজারে অবস্থিত উজ্জ্বলা নামের একটি হোমে নিয়ে রাখা হয়।

তাঁর কাছ থেকে মোটামুটি ঠিকানা সংগ্রহ করে কর্ণাটক পুলিশের সহায়তায় মহিলার বাড়ির সঙ্গে যোগাযোগ করা হয়েছিল। গতকাল মহিলার ভাই কুমারাচার্য আসেন কর্ণাটক থেকে। আজ শনিবার কাল্লাম্মা বিকে তাঁর ভাই কুমারাচার্যের হাতে সমঝে দেওয়া হয়েছে।

নিখোঁজ বোনকে পেয়ে বিএসএফ, নিলামবাজার পুলিশ এবং হোম কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়েছেন কুমারাচার্য।

## আইবি অফিসার খুন মামলা ধৃত আরও ৫ জন অভিযুক্ত

নয়াদিল্লি, ১৪ মার্চ (হি.স.): উত্তর-পূর্ব দিল্লিতে হিংসাত্মক ঘটনার সময় ইন্টেলিজেন্স ব্যুরো (আইবি) অফিসার অঙ্কিত শর্মা খুনের ঘটনায় আরও ৫ জন অভিযুক্তকে গ্রেফতার করল দিল্লি পুলিশ। দিল্লি পুলিশ সূত্রের খবর, ফেব্রুয়ারি মাসে উত্তর-পূর্ব দিল্লিতে হিংসার সময় আইবি অফিসার অঙ্কিত শর্মা খুনের ঘটনায় ৫ জন অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের নাম হল-ফিরোজ, জাভেদ, গুলফাম, শোয়েব এবং আনস। এর আগে গত বৃহস্পতিবার গ্রেফতার করা হয়েছিল সলমন নামে একজন অভিযুক্তকেঊ সলমন এখন পুলিশ হেফাজতে রয়েছে। এদিকে, আইবি অফিসার অঙ্কিত শর্মা খুনের ঘটনায় ময়নাতদন্তের রিপোর্টে উঠে এল চাঞ্চল্য তথ্য। ময়নাতদন্তের রিপোর্টে উল্লেখ, আঘাতের জেরে ফুসফুস ও মস্তিষ্কে রক্তক্ষরণেই মৃত্যু হয়েছিল আইবি অফিসার অঙ্কিত শর্মারঊ ধারালো অস্ত্রের আঘাতেই জখম হয়েছিলেন অঙ্কিত শর্মা।

ময়নাতদন্তের রিপোর্টে আরও জানানো হয়েছে, ভারী ধারালো অস্ত্র দিয়ে আঘাত করা হয়েছিল অঙ্কিতকে। মৃত্যুর আগে সমস্ত আঘাত স্পষ্ট ছিলঊ প্রসঙ্গত, গত মাসে উত্তর-পূর্ব দিল্লিতে হিংসাত্মক ঘটনার সময় মারা গিয়েছিলেন আইবি অফিসার অঙ্কিত শর্মা। আইবি অফিসার খুনের ঘটনায় গ্রেফতার করা হয়েছে আম আদমি পার্টি (আপ)-র বহিষ্কৃত কাউন্সিলর তাহির হুসেনকে।



শনিবার স্বাস্থ্য দপ্তরে কর্মরত নিয়মিত করার জন্য এক বিক্ষোভ সমাবেশ আয়োজিত হয়। ছবি- নিজস্ব।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## আল্ট্রাসনোগ্রাম করলে কি গর্ভের শিশুর কোনো ক্ষতি হয়?

সেতা প্রথমবারের মতো মা হচ্ছেন তার এই সময়টা নিয়ে আগ্রহ আর জিজ্ঞাসার শেষ নেই। সেতার মতো অনেকেই প্রশ্ন করেন, গর্ভাবস্থায় আল্ট্রাসনোগ্রাম করলে কি গর্ভের শিশুর কোনো ক্ষতি হয়, কতবার আল্ট্রাসনোগ্রাম করা নিরাপদ? উত্তরে ইবনে সিনা হাসপাতালের গাইনি বিশেষজ্ঞ জেসমিন আক্তার বলেন, প্রথমেই জেনে রাখা ভালো, আল্ট্রাসনোগ্রাম গর্ভের শিসুর কোনো ধরনের ক্ষতি করে না। অনেকেই মনে করেন, আল্ট্রাসনোগ্রাম থেকে কোনো তেজস্ক্রিয় রশ্মি শিশুর ক্ষতি করে। কিন্তু আসলে এটা এক্সরে নয়। আল্ট্রাসনোগ্রাম হচ্ছে অতি উচ্চ কম্পন সম্পন্ন শব্দ তরঙ্গ, যা সাধারণ শ্রবণ ক্ষমতার বাইরে। তিনি বলেন, একজন মহিলা সঠিকভাবে গগর্ভাবস্থায় প্রতিটি ধাপ পার করছেন কিনা, গর্ভের শিশু সুস্থ আছে কিনা, এসব কিছুই জানান সম্ভব আল্ট্রাসনোগ্রাম করার মাধ্যম। এক্ষেত্রে যদি গর্বের শিশু বা মায়ের কোনো বড় ধরনের শারীরিক সমস্যা দেখা দেয় তাও বোঝা সম্ভব আর সে অনুযায়ী ব্যবস্থাও নেয়া যায়।


কতবার আল্ট্রাসনোগ্রাম করা হয় যায় জানতে চাইলে জেসমিন আক্তার বলেন, যেহেতু এর ক্ষতিকারক দিক নেই তাই যতবার ইচ্ছা ততবারই করা যায়। এটা নিয়ে চিন্তারকিছু নেই। তবে এই পরীক্ষা কিছুটা ব্যয়ববহুল অনেকের জন্য। এছাড়া মা এবং শিশুর স ব সিমটম যদি স্বাভাবিক থাকে তবে দুই থেকে তিনবারের বেশি আল্ট্রাসনোগ্রাম করার প্রয়োজন নেই। সেক্ষেত্রে গর্ভের সময়কাল ও প্রসবের সঠিক সময় বের করার জন্য সন্তান ধারণের ৭-৮ সপ্তাহের মধ্যে প্রথমবার আল্ট্রাসনোগ্রাম করার হয়। ১৬ থেকে ২০ সপ্তাহের মধ্যে দ্বিতীয়বার করা হয়। এ সময় আল্ট্রাসনোগ্রাম করলে বাচ্চার জন্মগত কোনো ত্রুটি আছে কিনা তা জানা যায়। গর্ভের সন্তান ছেলে না মেয়ে এটাও জানা যায়। বাচ্চার ওজন বাড়ছে কিনা জানতে তৃতীয়বার ৩০-৩৮ সপ্তাহ আলট্রাসনোগ্রাম করার পরামর্শ দেয়া হয়। জন্মের সময় বাচ্চার পজিশনসহ অন্য বিষয়গুলো সব ঠিকভাবে অছে কিনা জানা যায়। হাসপাতালে ভেদে আলট্রাসনোগ্রাম করতে সাদা কালো ৫০০ থেকে ১০০০ এবং কালার করতে ১০০০ থেকে ২৫০০ টাকা খরচ হয়। গর্ভাবস্থায় একজন মহিলার সব স ময় পরিবার, কর্মক্ষেত্র সহ সবার সব ধরনের সহযোগিতা, পাশে থাকা, ভালাবাসা ও যত্ন নেয়া প্রয়োজন। মনে রাখতে হবে, প্রতিটি মহিলার জীবনে পূর্ণতা আসে মাতৃত্বে। আতঙ্কিত না হয়েগর্ভাবস্থায় পুরো সময়টাউপভোগ করুন। অবশ্যই একজন বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ মেনে চলুন।

## ক্যান্সার রোধ গ্রিন টিন



গ্রিন টি সবুজ চায়ের উপকারিতা অনেক। পানীয়টি মানুষের মুখের ক্যান্সার ঠেকাতে ভূমিকা রাখে। ক্যান্সারের জন্য দায়ী কোষ জন্মাতে দেয় গ্রিন টি। পাশাপাশি উপকারি কোষকে উজ্জীবিত করে। যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ের গবেষকরা এক প্রতিবেদনে জানান এ তথ্য। ক্যান্সার প্রতিরোধে এর আগেও একাধিক প্রতিবেদনে জানা গেছে গ্রিন টির গুণের বিষয়ে। মুখ গহ্বরের ক্যান্সার রোধে বিশেষ ধরনের এ চায়ের গুণ নিয়ে গবেষণা প্রতিবেদনটি সম্প্রতি প্রকাশ হয়। ক্যান্সার প্রতিরোধে গ্রিন টি কার্যকারিতার তথ্য প্রথম জানা যায় ২০০২ সালের এক প্রতিবেদনে। তবে পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ের গবেষণায় আরো সুস্পষ্ট তথ্য উঠে এসেছে। গবেষকরা পরীক্ষা নিরীক্ষার জন্য, গবেষণাগারে ক্যান্সারে আক্রান্ত মুখের কোষ ও সুস্থ কোষ জমা করেন। এর পরএগুলোকে ইজিসিজি নামে এক শ্রেণীর যৌগের সংস্পর্শে আনেন। যৌগটি গ্রিন টিতেও বিদ্যমান। গবেষণা প্রতিবেদনের প্রবন্ধকার জশুয়া জানান, যৌগটি স্বাভাবিক কোষকেও সতেজ করে। অবশ্য এখনই নিশ্চিত করে বলা যায় না, ক্যান্সার প্রতিরোদে কাজে আসবে গ্রিন টি। কেননা খুব বেশি রোগীর তথ্য নিয়ে তুলনামূলক পরীক্ষা চালানো সম্ভব হয়নি। তবে গ্রিন টির যৌগটি কাজে আসবে বলে আশাবাদী হওয়া যায়। তিনি বলেন, যদি ভবিষ্যতে যৌগটি মানবদেহে প্রয়োগে সুফল পাওয়া যায়, তবে মুখের ক্যান্সারে আক্রান্ত হয়ে মারা যান। আক্রান্ত হন ৪৩ হাজারের বেশি। বিশ্বজুড়ে ক্যান্সারের চিকিৎসা এখনো কেমোথেরাপি, সার্জারি ও রেডিয়েশনের মধ্যে সীমিত। কেমোথেরাপির পার্শ্বপ্রতিক্রিয়ায় মাথার চুল পড়ে যাওয়া সহ অন্য জটিলতায় পড়েন রোগী। কিন্তু গ্রিন টি পান করলে অন্তত তেমন জটিলতায় ভুগতে হয় না রোগীদের। প্রসঙ্গত, বিশেষ প্রজাতির চা গাছের পাতা প্রক্রিয়াজাত করে গ্রিন টি প্রস্তুত করা হয়।

## যে খাবারগুলো বাড়িয়ে দেবে আপনার ত্বকের উজ্জ্বলতা



আমরা অনেকেই অনেক কিছু ব্যবহার করে থাকি ত্বকের উজ্জ্বলতা বৃদ্ধি করতে। কত রকমের ক্রিম, ফেসপ্যাক, ফেসিয়াল ইত্যাদি অনেক কিছু ব্যবহার করে থাকি। কিন্তু যত যাই ব্যবহার করি না কেন ত্বকে তা হয়ত অল্প কিছু সময়ের জন্য উজ্জ্বলতা নিয়ে আসে তারপর বিরক্ত হয়ে যখন আপনি আবার সব রূপচর্চা করা বন্ধ করে দিবেন তখন ত্বক আবার আগের মতই হয়ে যাবে। তাই দেহ ও ত্বক সুন্দর এবং ভালো রাখতে অবশ্যই আমাদের নিজের লাইফস্টাইল ও খাওয়া দাওয়াতে পরিবর্তন আনতে হবে। বিভিন্ন কেমিক্যাল যুক্ত দ্রব্য ত্বকে ব্যবহার না করে বরং স্বাস্থ্য কর কিছু খাবার নিয়ম করে খেলে দেহ ও ত্বক উভয়ই ভালো থাকবে. তাই জেনে রাখুন এমন কিছু পরিচিত খাবার সম্পপর্কে যা ত্বকের উজ্জ্বলতা বাড়িয়ে দিতে সাহায্য করে।

গাজর — গাজরে আছে প্রচুর পরিমাণে ভিটামিন সি ও ক্যারোটিনএবং গাজরল সবজির মধ্যে সেরা সবজি যার স্বাস্থ্য উপকারিতা অনেক বেশি ও এটি আমাদেরত্বক ও চুলের জন্য খুবই ভালো। ত্বকের উজ্জ্বলতা বাড়াতে গাজর কিংবা গাজরের জুস খাদ্য তালিকায় রাখুন।

পেঁপে — দারুণ মজার সুস্বাদু ফল পেঁপে খেতেকে না ভালোবাসে। পেঁপেতে আছে ভিটামিন সি, এ, ই এবং অ্যান্টিঅক্সিডেন্ট যা আমাদের ত্বক পরিষ্কার রাখতে সাহায্য করে ও ত্বককে ব্রণ ও ব্লেমিসেসথেকে রক্ষা করে। পেঁপে আপনি খেতেও পারেন অথবা পেস্ট করে ত্বকে লাগাতে পারেন।

টম্যাটো — লাল রঙের তাজাএই জুসি সবজিটিতে আছে লাইকোফেন। ত্বকের জন্য টম্যাটো খুবই ভালো, তাছাড়া টম্যাটো দেহের ওজন কমায় এববং ক্যান্সার প্রতিরোধ করতে সাহায্য করে। সবুজ পাতার শাকসবজি --- সবুজ শাকসবজিতে আছে প্রচুর ভিটামিন যা শুধু ত্বকের জন্যই নয় পুরো দেহের জন্য অনেক ভালো। তাই প্রতিদিনের খাদ্য তালিকায় রাখুন সবজি। স্ট্রবেরি — স্ট্রবেরিতে আছে ভিটামিন সি যা ত্বককে সুরক্ষাদান করে ও উজ্জ্বলতা বৃদ্ধি করে।

গ্রিন টি--- গ্রিন টি হল একটি হারবাল পানীয় যা ত্বকের জন্য অনেক বালো। এটি ত্বকের পোড়া দাগ দূর করে, ত্বক নরম রাখে, ত্বকের উজ্জ্বলতা বৃদ্ধি করে, ত্বকের গভীর কাল দাগ দূর করে ও ব্লেমিসেস দূর করে। ব্রকলি --- ব্রকলির অ্যান্টিঅক্সিডেন্ট ও ভিটামিন এ ও সি প্রাকৃতিক ভাবেই ত্বকের উজ্জ্বলতা বৃদ্ধি করতে সাহায্য করে। মাছ — মাছের গুরুত্বপূর্ণ উপাদান ওমেগা৩ ফ্যাটি অ্যাসিড ও বিভিন্ন ভিটামিন ত্বকের জন্য খুবই ভালো। তাই উজ্জ্বল ত্বক পেতে বেশি করে মাছ খাওয়া উচিত।

## স্বাস্থ্য রক্ষায় উচ্চ ক্যালিরযুক্ত চারটি পানীয় যা অবশ্যই এড়িয়ে চলা উচিত



প্রতিদিনই ড্রিংকস খাওয়া দেহের জন্য বেশ ক্ষতিকর। এই গরমে ক্ষতিকর উপাদানটি প্রায়ই খাওয়া হয়ে থাকে। সাধারণত ড্রিংকসগুলোতে ক্যালরির পরিমাণ অনেক বেশি থাকে যেগুলোতে আমদের শরীরের স্থূলতা বাড়াতে সহায়তা করে থাকে। আসুন জেনে নিই এমন চারটি উচ্চ ক্যালরিযুক্ত ড্রিংকসগুলো এর কথা যা আমাদের শরীরের জন্য ক্ষতিকর। ফ্রুট স্মুথি— ফলের জুসে স্বাভাবিকভাবেই অনেক পুষ্টিকর উপাদান আছে কিন্তু ফ্রুট স্মুথিতে থাকে। এতে মোটামুটিভাবে ৪৫০ গ্রাম ক্যালরি, ২৪ গগ্রাম ফ্যাট থাকে যা শরীরের জন্য আসলেই ক্ষতিকর। তাই যতটা সম্ভব এই ফ্রুট স্মুথি ড্রিংকস থেকে দুরে থাকুন শরীর সুস্থ রাখুন। স্পেশাল কফি ড্রিংকস — সকাল সকাল কফি খেলে এর ক্যাফেইন শরীরে ক্যালরি উৎপাদন করতে থাকে। এচাড়া স্টেুবেন্টুগুলোতে করা স্পেশাল কফি ড্রিংকসগুলোতে ৫০০-৬০০ গ্রাম ক্যালরি এবং ২০-২৫ গ্রাম ফ্যাট থাকে যেগুলো আমাদের শরীরের ক্ষতিসাধন করে থাকে। তাই এই ড্রিংকসটি খাওয়া থেকেও বিরত থাকুন। ককটেল ড্রিংকস--- সাধারণত বিভিন্ন ধরনের অনুষ্ঠানে ছেলেমেয়েরা এই ককটেল ড্রিংকসটি খেয়ে থাকে। এই পানীয়টিতে কয়েকটি ড্রিংকস একই সাথে মেশানো তাকে। এতে ফ্যাটের পরিমাণ অনেক বেশি থাকে। এতে ৭০০ গ্রামের মত ক্যালরি থাকে। শরীর সুস্থ র াখতে এই ক কটেল ড্রিংকস খাওয়া থেকেও বিরত থাকা উচিত। এনার্জি ড্রিংকস— বাজারে পাওয়া বিভিন্ন ধরনের এনার্জি ড্রিংকসগুলোতে শরীরের জন্য বেশ ক্ষতিকারক। কেননা এগুলোতে ২৮০ পরিমাণ ক্যালরি, ৬২ গ্রাম ফ্যাট এবং প্রচুর পরিমামে সোডা থাকে এই এনার্জি ড্রিংকসগুলো খাওয়া থেকেও বিরত থাকা ‌ুচিত কেননা এগুলো খেলে লিভার আক্রান্ত থেকে শুরু করে হার্টের সমস্যাও হতে পারে।

## সফল ও সুস্থ যৌন জীবনের জন্য যে ব্যাপারগুলো জেনে রাখা খুব জরুরি

আমাদের সমাজে আমরা যৌনতা নিয়ে কথা বলি না, উপযুক্ত যৌন শিক্ষা গ্রহণ করার ব্যাপারেও আমরা আগ্রহী নই। পলে জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ যে অধ্যায়, সেটি নিয়ে বেশিরভাগ জিনিসই রয়ে যায় আমাদের ধারণার বাইরে। অনেকেই এই তীব্র কৌতূহল মেটাবার জন্য আশ্রয় নিয়ে থাকেন পর্ণগ্রাফি বা চটি লেখার। ফলে তাদের ভ্রান্ত ধারণা তাদের বেড়ে যায় আরো অনেক বেশি। যৌনতা সম্পর্কে ভ্রান্ত ধারণা একজন ম ানুষের স্বাভাবিক যৌন জীবনকে বিপর্যস্ত করে তুলে। বিষয়টি মোটেও অবহেলা করার মতন কিছু নয়, কেননা যৌন জীবন বিপর্যস্ত হলে দাম্পত্য সম্পর্কেও তৈরি হ তে পরে নানান সমস্যা। তাই সুন্দর দাম্পত্যের সুস্থ জীবনটাও অত্যাবশক। জেনে নিন এমন দশটি িবিষয়, যেগুলো সুস্থ, ‌ুসন্দর ও সফল যৌন জীবনের জন্য মনে রাখা জরুরি। যৌনতা কেবল শরীরি প্রেম নয়। সুন্দর ও আনন্দময় যৌন সম্পর্কের জন্য মনসিক ভ ালোবাসার বন্ধন অটুট হওয়া বাঞ্চনীয়। এবং কেবল সেভাবেই সফল হতে পাত্রে আপনার যৌন জীবন। মনে রাখবেনত, সৌন্দর্য দেহে নয় সৌন্দর্য মানুষের দৃষ্টিতে। একেকটা মানুষের শরীরে একে রকম। প্রত্যেকেই তার নিজের মত করে সুন্দর। প্রিয়জনের মাঝে তার সে বিশেষ সৌন্দর্যকে দেখার চেষ্টা করুন। আপনার নিজের শরীরে যেমন নানা ত্রুটি বিচ্যুতি আছে, তার শরীরেও আছে। এই ব্যাপারটিকে সহজভাবে গ্রহণ করুন।

যৌনতা সম্পর্কে পর্যাপ্ত ও সঠিক ধারণা থাকা একান্ত জরুরি। এক্ষেত্রে নানান রকম বৈজ্ঞানিক বইপত্র ও প্রবন্ধের সাহায্য নিতে পারেন। নিজে শিক্ষিত হোন, সঙ্গীকেও করে তুলুন। বন্ধুদের সাথে যৌন জীবনে নিয়ে আলাপ আলোচনা হতেই পারে। কিন্তু কখনো তাদের সাথে নিজের ৃন্ড্রেযৌন জীবনকে তুলনা করবেন না। কিংবা তাদের সঙ্গীর সাথে নিজের সঙ্গীকেও নয়। সফল যৌন জীবনের সাথে শারীরিক ভাবে সুস্থ ও ফিট থাকার একটা সম্পর্ক আছে। চেষ্টা করুন নিজেকে নীরোগ ও ঝরঝরে রাখতে। একটা কথা মনে প্রাণে গেঁথে নিন যে পর্ণগ্রাফি বা ব্লু ফিল্মে যা দেখানো হয় তার পুরোটাই অভিনয়। এসবে বাস্তবতার পরিমাণ খুবই অল্প। এত অল্প যে এগুলো নিজের বাস্তব জীবনে চেষ্টা ক রা অনেক ক্ষেত্রেই অসুস্থতায় পর্যায়ে বড় এবং সঙ্গীও বিমুখ হয়ে পড়তে পারেন আপনার প্রতি। তাই পর্ণগ্রাফির ছায়া থেকে মুকরাখুন নিজের যৌন জীবনকে।

প্রতিটি মানুষের যৌন চাহিদা বা যৌন ইচ্ছা কোনোক্রমেই একরকম হবে না। মহিলা ওপুরুষের কাছে ও যৌনতার অর্থ ভিন্ন র কম, চাহিদাও আলাদা আলাদা। তাই নিজের সঙ্গীকে বুঝতে চেষ্টা করুন। তার চাহিদা বুঝুন, তাকে নিজের চাহিদা বুঝেন।দুজনে সমঝোতার মাধ্যমে গড়ে তুলুন সুন্দর যৌন জীবন পেতে অবশ্যই এক সময়ে একজন সঙ্গীর প্রতি বিশ্বস্ত থাকুন। একাধিক সঙ্গী আপনাকে মূলত কারো সাথেই সুখী হতে দেবে না। শারীরিক সুখ হয়ত আসবে, মানসিক প্রশান্তি নয়। মিষ্টি স্পর্শ, ছোট্ট আদর, প্রশংসা মূলক কথা, পরস্পরের নিঃশ্বাসের একান্তে থাকা ইত্যাদি যৌনতার মতই গুরুত্বপূর্ণ। আর এগুলোর বহিঃ প্রকাশের ওপরেই নির্ভর করে সফল যৌন জীবন। কেবল নিজের তৃপ্তি নয়, স ঙ্গী মানসিক ও শারীরিকভাবে তৃপ্ত হচ্ছেন কিনা সেটাও অতি অবশ্যই লক্ষ্য রাখুন।

## স্তনে ব্যথা কিংবা চাকার অনুভূতি ঃ সাবধান হউন

স্তনে ব্যথা কিংবা শক্ত কোনো পিন্ড অনুভব করার সমস্যাটির মুখোমুখি যে কোন মেয়েই জীবনের কোনো না কোনো সময় হয়েছে। সদ্য কৈশোর পার করা মেয়েটি তার স্তনের বয়ঃসন্ধিকালীন পরিবর্তন দেখে রীতিমত অবাক হয়, সে সাথে স্তনে চাকা বা ব্যথার অনুভূতি তাকে ব্রেস্ট ক্যান্সার হবার শঙ্কায় শঙ্কিতকরে তুলে। কিন্তু সত্যিকার অর্থে ব্যথার বিষয়টি ডাক্তাররা বেশইতিবাচকভাবেই দেখেন, কারণ স্তনের কোন পিন্ড যদি প্রাথমিক পর্যায়েই ব্যথা করে তার মানে সেটি ক্যান্সার বা টিউমার রূপ নেবার সম্ভাবনা খুব কম। স্তন ক্যান্সারের শুরুর দিকে একেবারেই ব্যথাহীন থাকে। তাছাড়াও যাদের বয়স তুলনামূলকভাবে কম। তাদেরও ক্যান্সার হবার ঝুঁকি কম থাকে। যেহেতু আমাদের দেশে মহিলারা তাদের স্তনে কোনো সমস্যা হলে সেটি প্রকাশ করতে লজ্জা পান, তাই ঠিক কখন বা কি ধরনের সমস্যায় ডাক্তারের কাছে যেতে হবে সেই ব্যাপারটি জানা থাকা। অত্যন্ত জরুরি। ফলে কাজটি যেমন সহজ হয়ে যায়, তেমনি াপনার কারণ ভয় আর ঝুঁকির হারও কমে যায়। স্তনে অস্বাভাবিক তা দেখারআগে চলুন জেনে নেয়াাক আপনার স্তনের স্বাভাবিক অবস্থা বা ঝুঁকিহীন সমস্যাগুলো কি কী হতে পারে— প্রথম বয়ঃসন্ধিকালের পর থেকেই মেয়েদের স্তন একটি ছোট ও অপরটি বড় থাকতে পারে ।আকারের খুব বেশি অসামঞ্জস্য বা দৃষ্টিকটু পার্থক্য না থাকলে এ নিয়ে ভাবিত হবার কিছু নেই। তবে লক্ষ্য করুন দুই স্তনের একই জায়গাগুলোতে ঘনত্ব সমান কি না । হাত দিয়ে অনুভব করলে দেখবেন আপনার স্তনের উপরের ও বাইরের দিকের অংশ একটু শক্ত ও দড়ি পাকানো বলে মনে হয়, কারণ এই এলাকা থেকে স্তনগ্রন্থির শুরু। এর থেকে যত নিচের দিকে নামতে থাকবেন চর্বির কারণে তত নরম অনুভূত হবে। এছাড়াও প্রতি মাসে মাসিকের ঠিক আগে আগে বা মাসিকের সময় স্তনে ব্যথা বা পিন্ড অনুভূত হওয়াটা স্বাভাবিক কিছু নয়। কিন্তু লক্ষ্য রাখুন ব্যথা বা পিন্ডটি সে মাসের মাসিকের পর বা পরবর্তী মাসিক পর্যন্ত থাকে কি না। যদি না থাকে তবে সেটা নিয়েও চিন্তিত হবার কোনো কারণ নেই। তাহলে কখন যাবেন ডাক্তারের কাছে? প্রথমেই দেখবেন স্তনে অনুভূত হওয়া চাকাটি কি একেবারেই নতুন কী না, এর আগের কোনো মাসিকের সময় এর অস্তিত্ব টের পাননি এমন হয়েছিল কি না। নতুন অনুভূত অস্বাভাবিক অস্বস্তিকর পি ন্ডটি যদি পরবর্তী মাসিক পর্যন্ত থেকে যায় বা তুলনামূলকবাবে বড় হয় তবে অবস্যই ডাক্তারের কাছে যান। স্তনের শক্ত পিন্ডটির বৃদ্ধির হার লক্ষ্য করুন যদি কয়েকদিনের মধ্যে খুব দ্রুত বড় হতে থাকে এবং ব্যথা না থাকে তাহলে দ্রুত ডাক্তারের শরণাপন্ন হওয়ার দরকার। যদি দেখেন পিন্ডটি নড়ছে অর্থাৎ অনুভব করার সময় হাত থেকে পালিয়ে যেতে চাইছে এবং তার নির্দিষ্ট জায়গা থেকে বেশ দূরে চলে যাচ্ছে, তবে সেটা আপনার স্তনগ্রন্থির পরিবর্ত নির্দেশ করে, এমন পরিবর্তনে অনেক ক্ষেত্রেই অস্ত্রোপচারের প্রয়োজন হয়। স্তনের ত্বকে কোনো ধরনের পরিবর্তন হলে, যেমন ত্বক বেশি লাল হয়ে গেলে, কোচকানো বা বলিরেখার মত দাগ দৃষ্টি হলে, ত্বকে টোল খেয়ে গেলে কিংবা পাউরুটির শক্ত অংশের মত শক্ত হলে দেরি না করেই ডাক্তারের কাছে যেতে হবে। স্তনের বোটার বেশ কিছু পরিবর্তনেও সচেতন হতে হবে, উদাহরণস্বরূপ বলা যায়--- স্তনের বোটা স্বাভাবিক চেয়ে বেশি ভেতরে ডুকে গেলে কিংবা বোটা থেকে কোন ক্ষরণ নিঃসৃত হতে পারে। স্তন থেকে ক্ষরিত রস জলের মতো বা হলুদ, বাদামি লালচে বিভিন্ন রঙেরও হতে পারে। এছাড়াও স্তনে ব্যাকটেরিয়া আক্রমণে হঠাৎ করে প্রচন্ড ব্যথা ও পুঁজ হতে পারে, এই সময়ে ডাক্তারের ছুরির নিচে গিয়ে পুঁজের বিনাশ ঘটানোটা হবে বুদ্ধিদীপ্তি সিদ্ধান্ত।



শনিবার আগরতলায় এনসিটি আইএনপিটিতে বিলীন হয়েছে।এই উপলক্ষ্যে আয়োজিত সভায় বক্তব্য রাখছেন আইএনপিটি সভাপতি বিজয় কুমার রাঙ্খল। ছবি- নিজস্ব।

# ভোপালে সিন্ধিয়ার উপর প্রাণঘাতী হামলার চেষ্টা, ক্ষুব্ধ শিবরাজ

ভোপাল, ১৪ মার্চ (হি.স.): একসময় ছিলেন অন্যতম প্রিয় নেতা, এখন তিনিই চোখের বিষ! সময় বদলেছে, দীর্ঘ দিনের কংগ্রেস নেতা জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এখন পদ্ম-শিবিরে যোগ দিয়েছেনঊ বিজেপিতে যোগ দেওয়ার এক সপ্তাহের মধ্যে মধ্যপ্রদেশের রাজধানী ভোপালে, জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার উপর প্রাণঘাতী হামলা চালানো হয়েছে! এমনই অভিযোগ করেছেন মধ্যপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিজেপি নেতা শিবরাজ সিং চৌহানঊ সিন্ধিয়ার উপর প্রাণঘাতী হামলার তীব্র নিন্দা করে শিবরাজ সিং চৌহান জানিয়েছেন, মধ্যপ্রদেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতির চূড়ান্ত অবনতি হয়েছে। শুক্রবার বিমানবন্দর অভিমুখে যাচ্ছিলেন জ্যোতিরাদিত্য সিন্ধিয়াঊ সেই সময় কমলা পার্ক এলাকায় বেশ কয়েকজন সিন্ধিয়াকে কালো পতাকা দেখানঊ শিবরাজ জানিয়েছেন, জ্যোতিরাদিত্যর উপর হামলা চালানোর চেষ্টা হয়েছিলঊ তাঁর গাড়ি লক্ষ্য করে পাথর ছোড়া হয়ঊ প্রতিকূল পরিস্থিতিতেও, ওই স্থান থেকে গাড়ি নিয়ে যেতে সক্ষম হন চালকঊ শিবরাজ আরও জানিয়েছেন, 'রাজ্যে কী ধরনের পরিস্থিতি বিরাজমান, তা কল্পনা করতেই পারেনঊ এই ধরনের হামলার তীব্র নিন্দা জানাচ্ছিঊ দোষীদের বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য পুলিশ ও প্রশাসনের কাছে আবেদন জানাচ্ছি।

## জনহিতকর কাজে আরও বেশি মন দিতে চান, মাইক্রোসফট বোর্ড ছাড়লেন বিল গেটস

ওয়াশিংটন, ১৪ মার্চ (হি.স.): জনহিতকর কাজে আরও বেশি করে মন দিতে চান। তাই মাইক্রোসফট কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরের পদ থেকে ইস্তফা দিলেন সংস্থার প্রতিষ্ঠাতা এবং প্রযুক্তিগত উপদেষ্টা বিল গেটসঊ শুক্রবার মাইক্রোসফট কর্পোরেশনের পক্ষ থেকে জানানো হয়েছে, জনহিতকর কাজে আরও বেশি করে নিজেকে নিয়োজিত রাখতে চান বিল গেটসঊ তাই বোর্ড অফ ডিরেক্টরস পদ থেকে ইস্তফা দিয়েছেন তিনিঊ তবে, ইস্তফা দিলেও সংস্থার সিইও সত্য নাডেলার প্রযুক্তিগত উপদেষ্টা হিসেবে কাজ চালিয়ে যাবেন বিল গেটস। ২০১৪ সালেও বিল গেটস মাইক্রোসফট বোর্ডের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন। এখন তিনি সব দায়িত্ব থেকে নিজেকে সরিয়ে নিলেন।

এক দশক আগেই সরেছিলেন প্রতিদিনের কাজ থেকে বিশ্ব স্বাস্থ্য, শিক্ষা ও আবহাওয়ার পরিবর্তন নিয়ে দীর্ঘ দিন ধরেই কাজ করছেন বিল গেটসঊ ৬৪ বছর বয়সি বিল গেটস প্রায় এক দশক আগেই সংস্থার প্রতিদিনের কাজ থেকে নিজেকে সরিয়ে নিয়েছিলেনঊ ২০০০ সালে সংস্থার সিইও পদ থেকে সরেছিলেনঊ সত্য নাডেলাকে সংস্থার সিইও পদের দায়িত্বভার বুঝিয়ে দেন। বিল গেটসের প্রশংসায় সত্য মাইক্রোসফটের চিফ এগজিকিউটিভ অফিসার (সিইও) সত্য নাডেলা জানিয়েছেন, বিল গেটসের সঙ্গে কাজ করার অভিজ্ঞতা দারুণঊ তাঁর কাছ থেকে অনেক কিছু শিখেছি। প্রযুক্তিগত উপদেষ্টা হিসেবে কাজ করবেন বিল গেটস মাইক্রোসফটের বোর্ড অফ ডিরেক্টরস পদ থেকে ইস্তফা দিয়েছেন ঠিকই, তবে ভবিষ্যতে প্রযুক্তিগত উপদেষ্টা হিসেবে কাজ চালিয়ে যাবেন তিনি।

## দিল্লি : ফুসফুস-মস্তিষ্কে রক্তক্ষরণেই মৃত্যু আইবি অফিসারের ময়নাতদন্তের রিপোর্ট

নয়াদিল্লি, ১৪ মার্চ (হি.স.): আঘাতের জেরে ফুসফুস ও মস্তিষ্কে রক্তক্ষরণেই মৃত্যু হয়েছিল ইন্টেলিজেন্স ব্যুরো (আইবি) অফিসার অঙ্কিত শর্মারঊ ময়নাতদন্তের রিপোর্টে উঠে এসেছে এমনই চাঞ্চল্যকর তথ্য। ময়নাতদন্তের রিপোর্টে উল্লেখ, আঘাতের জেরে ফুসফুস ও মস্তিষ্কে রক্তক্ষরণেই মৃত্যু হয়েছিল আইবি অফিসার অঙ্কিত শর্মারঊ ধারালো অস্ত্রের আঘাতেই জখম হয়েছিলেন অঙ্কিত শর্মা।

ময়নাতদন্তের রিপোর্টে আরও জানানো হয়েছে, ভারী ধারালো অস্ত্র দিয়ে আঘাত করা হয়েছিল। মৃত্যুর আগে সমস্ত আঘাত স্পষ্ট ছিলঊ প্রসঙ্গত, গত মাসে উত্তর-পূর্ব দিল্লিতে হিংসাত্মক ঘটনার সময় মারা গিয়েছিলেন আইবি অফিসার অঙ্কিত শর্মা। আইবি অফিসার খুনের ঘটনায় গ্রেফতার করা হয়েছে আম আদমি পার্টি (আপ)-র বহিষ্কৃত কাউন্সিলর তাহির হুসেনকে।

## যোধপুরে ট্রেলার ট্রাক-জিপের সংঘর্ষে মৃত্যু ১১ জনের, গুরুতর আহত ৩ জন

যোধপুর, ১৪ মার্চ (হি.স.): রাজস্থানের যোধপুর জেলায় ট্রেলার ট্রাক এবং জিপের সংঘর্ষে অকালেই প্রাণ হারালেন ১১ জন। ভয়াবহ দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন আরও ৩ জন। শনিবার সকালে ভয়াবহ দুর্ঘটনাটি ঘটেছে যোধপুর জেলার শেরগড় এলাকায়, বালোত্রা-ফালোড়ি মেগা হাইওয়েতে। মৃত ১১ জনের মধ্যে ৬ জন মহিলা, ৪ জন পুরুষ এবং একটি শিশু রয়েছে।

পুলিশ সূত্রের খবর, শনিবার সকালে শেরগড় এলাকায় বালোত্রা-ফালোড়ি মেগা হাইওয়েতে ট্রেলার ট্রাক ও জিপের সংঘর্ষ হয়। সংঘর্ষের জেরে ট্রেলার ট্রাকের নীচে চলে যায় জিপটি। জিপটি ভেঙে দুমড়ে মুচড়ে যায়ঊ দুর্ঘটনার খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে ছুটে আসেন নিকটবর্তী থানার পুলিশ কর্মীরা। গুরুতর আহত অবস্থায় ৩ জনকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছেঊ কিন্তু, ভয়াবহ এই দুর্ঘটনায় ১১ জনের মৃত্যু হয়েছে। মামলা রুজু করে দুর্ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

ভয়াবহ এই দুর্ঘটনায় গভীর দুঃখপ্রকাশ করেছেন রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলট। টুইট করে অশোক গেহলট লিখেছেন, 'যোধপুরের শেরগড় এলাকায়, বালোত্রা-ফালোড়ি মেগা হাইওয়েতে বিয়োগান্তক দুর্ঘটনা সম্পর্কে জানতে পেরে গভীর শোকস্তব্ধ। প্রিয়জনদের যাঁরা হারিয়েছেন তাঁদের প্রতি গভীর সমবেদনা, আহতদের দ্রুত আরোগ্য কামনা করছি।

## করোনা-আতঙ্ক : বেঙ্গালুরুর অফিস খালি করল ইনফোসিস

বেঙ্গালুরু, ১৪ মার্চ (হি.স.): কোভিড-১৯ নভেল করোনাভাইরাস আতঙ্কে বেঙ্গালুরুর অফিস খালি করে দিল ইনফোসিসঊ শনিবার ইনফোসিস-এর পক্ষ থেকে জানানো হয়েছে, সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে বেঙ্গালুরুতে আমাদের একটি স্যাটেলাইট বিল্ডিং খালি করে দেওয়া হয়েছেঊ যেহেতু, কোভিড-১৯-এ সংক্রমিত একজনের সংস্পর্শে এসেছিলেন আমাদের একজন কর্মী।

এছাড়াও কর্মীদের প্রতি ইনফোসিস-এর অনুরোধ, বাড়ি থেকেই কাজ করুনঊ ইনফোসিস বিবৃতি মারফত জানিয়েছে, আমাদের কর্মীদের সুরক্ষার স্বার্থেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছেঊ প্রসঙ্গত, ভারতে দ্রুত গতিতে ছড়াচ্ছে কোভিড-১৯ নভেল করোনাভাইরাসঊ শনিবার সকাল পর্যন্ত ভারতের বিভিন্ন রাজ্যে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্তের সংখ্যা ৮৩-তে পৌঁছেছে, মৃত্যু হয়েছে দু'জনের।

## কোভিড-১৯ আতঙ্ক : ৩০ মার্চ পর্যন্ত রাজস্থানে বন্ধ থাকছে শিক্ষা প্রতিষ্ঠান, সিনেমা হল

জয়পুর, ১৪ মার্চ (হি.স.): ভারতে দ্রুত গতিতে ছড়াচ্ছে কোভিড-১৯ নভেল করোনাভাইরাসঊ শনিবার সকাল পর্যন্ত ভারতের বিভিন্ন রাজ্যে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্তের সংখ্যা ৮৩-তে পৌঁছেছে, মৃত্যু হয়েছে দু'জনেরঊ করোনা-সংক্রমণ রুখতে ভারতের বিভিন্ন রাজ্যে ইতিমধ্যেই বিধিনিষেধ জারি করা হয়েছেঊ এবার মরুরাজ্য রাজস্থানেও বিধিনিষেধ জারি করল অশোক গেহলট সরকার।

রাজস্থানের মুখ্যমন্ত্রীর দফতর-এর পক্ষ থেকে জানানো হয়েছে, করোনাভাইরাসের প্রেক্ষিতে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আগামী ৩০ মার্চ রাজস্থানের সর্বত্র স্কুল, কলেজ, কোচিং সেন্টার, ব্যামাগার এবং সিনেমা হল বন্ধ থাকবেঊ তবে, বোর্ডের পরীক্ষা পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ীই চলবেঊ অর্থাতস্কুল-কলেজের পরীক্ষায় কোনও প্রভাব পড়বে নাঊ এই বিধিনিষেধ রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলট নিজেও টুইট করে জানিয়েছেন।

## পুঞ্চে ফের সংঘর্ষ-বিরতি লঙ্ঘন গুলিবিদ্ধ সাধারণ নাগরিক

জম্মু, ১৪ মার্চ (হি.স.): জম্মু ও কাশ্মীরের পুঞ্চ জেলায় ফের সংঘর্ষ-বিরতি চুক্তি লঙ্ঘন করে হামলা চালাল পাকিস্তানি সেনাবাহিনী। পুঞ্চ জেলার মেন্ধর সেক্টরে পাক সেনাবাহিনীর গোলাগুলি বর্ষণে জখম হয়েছেন একজন সাধারণ নাগরিকঊ শনিবার পুঞ্চ জেলার মেন্ধর সেক্টরে নিয়ন্ত্রণরেখা বরাবর সংঘর্ষবিরতি চুক্তি লঙ্ঘন করে হামলা চালায় পাক সেনাবাহিনীঊ পাক সেনাবাহিনীকে যোগ্য জবাব ফিরিয়ে দিয়েছে ভারতীয় সেনাবাহিনী। তবে, পাক হামলায় ভারতীয় ভূখণ্ডে জখম হয়েছেন একজন সাধারণ নাগরিকঊ আহত ব্যক্তির নাম-মহম্মদ রফিক (৫২)ঊ তাঁর বাড়ি গোহলাদ মেন্ধরে।

জম্মু ও কাশ্মীর প্রশাসন সূত্রের খবর, উরুতে গুলি লেগেছে ওই ব্যক্তিরঊ তাঁকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছেঊ ব্লক মেডিক্যাল অফিসার, মেন্ধর, ড: পারভেজ খান জানিয়েছেন, গুলিবিদ্ধ হওয়ার পরই দ্রুত ওই ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

## মহারাষ্ট্রে করোনাভাইরাসে সংক্রমিত আরও দু'জন, সংক্রমণ বেড়ে ১৯

মুম্বই, ১৪ মার্চ (হি.স.): মহারাষ্ট্রে আরও দু'জনের শরীরের মিলল মারণ করোনাভাইরাসঊ আরও দু'জনের শরীরে করোনাভাইরাসের উপসর্গ পাওয়ার পর মহারাষ্ট্রে সংক্রমণের সংখ্যা ১৯-এ পৌঁছেছেঊ মহারাষ্ট্রের রাজধানী মুম্বই এবং আহমেদনগরে দু'জনের শরীরের করোনাভাইরাসের সন্ধান মিলেছে।

শনিবার সকালে মহারাষ্ট্রের স্বাস্থ্যমন্ত্রী রাজেশ তোপে জানিয়েছেন, শুক্রবার মহারাষ্ট্রে আরও দু'জনের শরীরে কোভিড-১৯ নভেল করোনাভাইরাসের পজিটিভ কেস ধরা পড়েছেঊ দু'জনের মধ্যে একজন আহমেদনগর এবং অপরজন মুম্বইয়ের বাসিন্দাঊ স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছেন, আরও দু'জনের শরীরে করোনাভাইরাসের সন্ধান পাওয়ার পর মহারাষ্ট্রে সংক্রমণের সংখ্যা ১৯-এ পৌঁছেছে।

## স্বস্তি গ্রাহকদের, ১৮ মার্চ তুলে নেওয়ার হবে ইয়েস ব্যাঙ্কের মোরাটোরিয়াম

নয়াদিল্লি, ১৪ মার্চ (হি.স.): আগামী বুধবার, ১৮ মার্চ কিছুটা হলেও স্বস্তি পেতে পারেন ইয়েস ব্যাঙ্কের গ্রাহকরা। কারণ, ১৮ মার্চ ইয়েস ব্যাঙ্কের 'মোরাটোরিয়াম' তুলে নেওয়া হবে। ফলে ওই দিন টাকা তোলার ক্ষেত্রে কোনও ঊর্ধসীমা থাকবে না, এমনই মনে করছে বিশেষজ্ঞ মহল।

শুক্রবার 'ইয়েস ব্যাঙ্ক লিমিটেড পুনর্গঠন প্রকল্প, ২০২০'-র বিজ্ঞপ্তি জারি করেছে কেন্দ্রীয় অর্থমন্ত্রক। বিজ্ঞপ্তি জারির ৩ দিনের মধ্যে ইয়েস ব্যাঙ্কের 'মোরাটোরিয়াম' তুলে নেওয়া হবে এবং বিজ্ঞপ্তির ৭ দিনের মধ্যে এসবিআই-এর কমপক্ষে ২ জন ডিরেক্টর থাকা নতুন বোর্ড দায়িত্ব গ্রহণ করবে।

## আফগানিস্তানে করোনাভাইরাসে আক্রান্ত আরও ৩ জন, সংক্রমিত বেড়ে ১০

কাবুল, ১৪ মার্চ (হি.স.): আফগানিস্তানের কোভিড-১৯ নভেল করোনাভাইরাসে আক্রান্ত হলেন আরও ৩ জনঊ নতুন করে আরও ৩ জন আক্রান্ত হওয়ার পর আফগানিস্তানে সংক্রমিত হয়েছেন ১০ জনঊ করোনাভাইরাস-এর সংক্রমণ রুখতে সমস্ত ধরনের ক্রীড়া প্রতিযোগিতা আপাতত নিষিদ্ধ করেছে আফগানিস্তান সরকার। শনিবার জন স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, আফগানিস্তানে কোভিড-১৯ ভাইরাসে আরও ৩ জন সংক্রমিত হয়েছেনঊ কেন্দ্রীয় প্রদেশ কাপিসা, উত্তরাঞ্চলীয় প্রদেশ বালখ এবং উত্তরাঞ্চলীয় প্রদেশ সামানগানে ৩ জন সংক্রমিত হয়েছেনঊ এদিকে, মারণ এই ভাইরাসের সংক্রমণ রুখতে আফগানিস্তানে আপাতত সমস্ত ধরনের ক্রীড়া প্রতিযোগিতা নিষিদ্ধ করা হয়েছেঊ শনিবার জাতীয় অলিম্পিক কমিটি এবং অন্যান্য ক্রীড়া প্রতিষ্ঠান সাংবাদিক সম্মেলন করে জানিয়েছে, পরবর্তী নির্দেশ পর্যন্ত আফগানিস্তানে সমস্ত ধরনের ক্রীড়া প্রতিযোগিতা নিষিদ্ধ থাকবে।

## অসমের ভারত-ভুটান আন্তর্জাতিক সড়কে পথ দুর্ঘটনা, হত স্কুল ছাত্রী

বাকসা (অসম), ১৪ মার্চ (হি.স.) : নিম্ন অসমের বাকসা জেলার অন্তর্গত ভারত-ভুটান সীমান্তে আন্তর্জাতিক সড়কে সংঘটিত এক সড়ক দুর্ঘটনায় বছর দশের জনৈক স্কুল ছাত্রীর মৃত্যু হয়েছে। নিহতকে কুমারিকাটা ডন বসকো স্কুলের ষষ্ঠ শ্রেণি ছাত্রী কৃতি নেওয়ার বলে শনাক্ত করা হয়েছে।

প্রাপ্ত খবরে প্রকাশ, শনিবার সকালে স্কুলে যাওয়ার সময় কুমারিকাটায় রঙিয়া (অসম)-ভুটান আন্তর্জাতিক সড়কে বিপি ৪-এ ০৫৪৮ নম্বরের বেসামাল দ্রুতগামী একটি ট্রাক পিষে দেয় কৃতিকে। ঘটনার সঙ্গে সঙ্গে স্থানীয় উত্তেজিত জনতা রঙিয়া-ভুটান আন্তর্জাতিক সড়কে অবরোধ গড়ে তুলেন। ছুটে আসেন পুলিশ ও সাধারণ প্রশাসনের আধিকারিকরা। তাঁরা এই সড়কে গাড়ির গতিবেগে লাগাম ধরার আশ্বাস দিলে প্রায় তিন ঘণ্টা পর অবরোধ তুলে নেন জনতা। এদিকে, পুলিশ নিহত কৃতির রক্তাক্ত মৃতদেহ উদ্ধার করে প্রথমে নিকটবর্তী হাসপাতালে নিয়ে যায়। সেখানে মৃত বলে ডাক্তারের ঘোষণার পর তার দেহ ময়না তদন্তের জন্য জেলা হাসপাতালে পাঠিয়েছে পুলিশ।

# অসম : দুর্ঘটনাগ্রস্ত বরযাত্রীর গাড়ি, হত পাঁচ, আহত ২৬

ওদালগুড়ি (অসম), ১৪ মার্চ (হি.স.) : এক ভয়ংকর সড়ক দুর্ঘটনায় পাঁচ বরযাত্রীর অকালমৃত্যু হয়েছে। একই দুর্ঘটনায় মহিলা ও শিশু-সহ ২৬ আহত হয়েছেন। তাঁদের মধ্যে চারজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। ১১ শিশু-সহ আহত সকলকে মঙ্গলদৈ হাসপাতালে ভরতি করে চিকিৎসা শুরু হয়েছে। তাছাড়া গুরুতর আহতদের পাঠানো হয়েছে গুয়াহাটি মেডিক্যাল কলেজ হাসাপাতালে।

দুর্ঘটনায় নিহতদের প্রতি গভীর শোক ব্যক্ত করে আহতদের চিকিৎসায় যাতে কোনও গাফিলতি না হয় সে ব্যাপারে বিশেষ নজর রাখতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন রাজ্যের ম্যুমন্ত্রী সর্বানন্দ সনোয়াল ও স্বাস্থ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা।

ঘটনা ওদালগুড়ি জেলার টংলা থানার পানেরি পুলিশ ফাঁড়ির অন্তর্গত নাচনশালিতে শুক্রবার রাতে সংঘটিত হয়েছে। জানা গেছে, এএস ২৫ সিসি ৭৬১৯ নম্বরের একটি ডিআই গাড়িতে গাদাগাদি করে বিয়ে বাড়ি গিয়েছিলেন বরযাত্রীরা। বিয়ের পর্ব সম্পন্ন করে তারা বাড়ি ফিরছিলেন। কিন্তু রাত প্রায় ১০:৩০টা নাগাদ নাচনশালি এলাকায় আসার পর রাস্তার পাশে একটি গাছের সঙ্গে প্রচণ্ড জোরে সংঘর্ষ হয় বরযাত্রীবাহী গাড়ির। ফলে গাড়ির এক আরোহী মণিরাম বড়ো (৩০)-র ঘটনাস্থলেই মৃত্যু হয়। এছাড়া মঙ্গলদৈ হাসপাতালে নিয়ে যাওয়ার পথে মৃত্যুবরণ করেন গোবিন্দ বড়ো (৩৫) এবং সানসুমা ব্রহ্ম (১৭। পরবর্তীতে হাসপাতালে নিয়ে যাওয়ার পর মৃত্যু হয় গাড়ির চালক জোহান কুল্লু (৪০) এবং জিতেন বড়ো নামের ব্যক্তির।

পুলিশের কাছে জানা গেছে, টংলার ডিমাকুচি ৩ নম্বর আমগুড়ির জনৈক সুরেন বড়োর মেয়ে হৈমা বড়োর বিয়েতে গিয়েছিল বরযাত্রীর দল। বিয়ের পর বাড়ি ফেরার পথেই এই দুর্ঘটনা সংঘটিত হয়েছে।

## ট্রাম্পের মুখে ফের মোদী স্তুতি, ভারত সফর ভুলতেই পারছেন না !

ওয়াশিংটন, ১৪ মার্চ (হি.স.): ট্রাম্পের মুখে ফের মোদী স্তুতি। দু''দিনের ভারত সফর ভুলতেই পারছেন না আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুক্রবার (ভারতীয় সময় অনুযায়ী শনিবার ভোররাত) মোদীকে ''অত্যন্ত প্রিয় বন্ধু'' আখ্যা দিয়ে ট্রাম্প বলেছেন, ''ভারতে আমরা দুর্দান্ত সময় কাটিয়েছি, দু''দিন ভীষণ সুন্দর ছিল। তিনি (মোদী) আমার অত্যন্ত প্রিয় বন্ধু, তিনি নিজের দেশের জনগণেরও অত্যন্ত প্রিয়। আমি তাঁর সঙ্গে থাকতে পছন্দ করতাম, আমরা প্রায় সমস্ত বিষয়েই কথা বলেছি।''

২৪ ও ২৫ ফেব্রুয়ারি, দু''দিনের সফরে ভারতে এসেছিলেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্পের ওটাই প্রথম ভারত সফর। শুধুমাত্র তিনি নিজেই নন, সপরিবারে অর্থাৎ স্ত্রী মেলানিয়া ট্রাম্প, মেয়ে ও জামাইকে নিয়েই ভারত সফরে এসেছিলেন ট্রাম্প। ট্রাম্পের এই সফর ভারতের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। এই সফরেই ভারত-আমেরিকার মধ্যে একাধিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ২৪ ফেব্রুয়ারি সপরিবারে আহমেদাবাদের সর্দার বল্লভভাই প্যাটেল বিমানবন্দরে এসেছিলেন ট্রাম্প। সেখান থেকে ট্রাম্প ও তাঁর স্ত্রী চলে যান সবরমতী আশ্রমে। সবরমতী আশ্রমে বেশ কিছু সময় কাটানোর পর ট্রাম্প ও স্ত্রী চলে যান বিশ্বের সবচেয়ে বড় ক্রিকেট স্টেডিয়াম ''মোতেরা স্টেডিয়াম''-এ। ''মোতেরা স্টেডিয়াম''-এ আয়োজিত নমস্তে ট্রাম্প ইভেন্টে যোগ দেন ট্রাম্প ও মেলানিয়া।

নমস্তে ট্রাম্প ইভেন্ট শেষে তাঁরা চলে যান তাজনগরী আগ্রায়। আগ্রার তাজমহল দর্শনের পর সপরিবারে ট্রাম্প চলে যান দিল্লিতে। দিল্লিতে রাত কাটানোর পর পরবর্তী দিন, ২৫ ফেব্রুয়ারি রাষ্ট্রপতি ভবনে যান ট্রাম্প, তাঁর স্ত্রী ও মেয়ে-জামাই।

রাষ্ট্রপতি ভবনে ট্রাম্পকে গার্ড অফ অনারে সম্মান জানানো হয়। সেখান থেকে ট্রাম্প-মেলানিয়া যান রাজঘাটে, জাতির জনক মহাত্মা গান্ধীকে শ্রদ্ধা জানাতে। রাজঘাট থেকে ট্রাম্প যান হায়দরাবাদ হাউসে মোদীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করতে, আমেরিকার ফার্স লেডি যান দিল্লির একটি সরকারি স্কুলে। হায়দরাবাদ হাউসে একদিকে মোদী-ট্রাম্প দ্বিপাক্ষিক বৈঠক হয়, সেই সময় দিল্লির সরকারি স্কুলের পড়ুয়াদের সঙ্গে কথা বলেন মেলানিয়া। ২৫ ফেব্রুয়ারিই দিল্লি থেকে সপরিবারে আমেরিকার উদ্দেশে রওনা দেন ট্রাম্প।

## করোনার প্রকোপে বাড়ছে উদ্বেগ, আমেরিকায় জাতীয় জরুরি অবস্থা ঘোষণা ট্রাম্পের

ওয়াশিংটন, ১৪ মার্চ (হি.স.): কোভিড-১৯ নভেল করোনাভাইরাস নিয়ে উদ্বেগ ক্রমশই বাড়ছে আমেরিকায়। মৃত্যুর পাশাপাশি আক্রান্তের সংখ্যাও লাফিয়ে লাফিয়ে বাড়ছে। করোনার প্রেক্ষিতে এবার আমেরিকায় ''জাতীয় জরুরি অবস্থা'' ঘোষণা করলেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ভারতীয় সময় অনুযায়ী শনিবার ভোররাতে ডোনাল্ড ট্রাম্প ঘোষণা করেছেন, ''সরকারিভাবে আমি জাতীয় জরুরি অবস্থা ঘোষণা করছি।'' ট্রাম্পের কথায়, ''আগামী কয়েক সপ্তাহে আমাদের প্রত্যেককে বেশ কিছু পরিবর্তন ও ত্যাগ স্বীকার করতে হবে। তবে, এই স্বল্প সময়ের ত্যাগ দীর্ঘমেয়েদের জন্য ফলপ্রসূ হবে। আগামী ৮ সপ্তাহ ভীষণ সঙ্কটপূর্ণ হতে চলেছে।'' প্রসঙ্গত, শুক্রবার রাত পর্যন্ত আমেরিকায় করোনা সংক্রমণে মৃত্যু হয়েছে ৪২ জনের। আক্রান্তের সংখ্যা ২,০০৬-এ গিয়ে ঠেকেছে।

## করোনা-আতঙ্ক! পিছল এরএসএস-এর অখিল ভারতীয় প্রতিনিধি সভার বৈঠক

নাগপুর, ১৪ মার্চ (হি.স.): কোভিড-১৯ নভেল করোনাভাইরাসের আতঙ্কে এই মুহূর্তে ত্রস্ত গোটা দেশঊ ভারতে ইতিমধ্যেই নভেল করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দু'জনের মৃত্যু হয়েছেঊ একজনের মৃত্যু হয়েছে কর্ণাটকে, অপরজন দিল্লিতে প্রাণ হারিয়েছেনঊ আক্রান্তের সংখ্যা ৮৩ ছাড়িয়েছেঊ এমতাবস্থায় করোনা-সংক্রমণ রুখতে আসন্ন অখিল ভারতীয় প্রতিনিধি সভা (এবিপিএস)-র বৈঠক পিছিয়ে দিল রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ (আরএসএস)। কর্ণাটকের রাজধানী বেঙ্গালুরুতে আগামী ১৫-১৭ মার্চ পর্যন্ত আয়োজিত হওয়ার কথা ছিল আরএসএস-এর অখিল ভারতীয় প্রতিনিধি সভার বৈঠক।

শনিবার আরএসএস-এর সরকার্যবাহ সুরেশ (ভাইয়াজি) যোশির বক্তব্য টুইট করে আরএসএস-এর পক্ষ থেকে জানানো হয়েছে, কোভিড-১৯-এর ভয়াবহতার কথা মাথায় রেখে, আসন্ন অখিল ভারতীয় প্রতিনিধি সভার বৈঠক পিছিয়ে দেওয়া হয়েছেঊ জনগণের মধ্যে সচেতনতা প্রসারের জন্য, প্রশাসনের সঙ্গে সহযোগিতা করা উচিত সমস্ত স্বয়ংসেবকদের।

প্রসঙ্গত, বেঙ্গালুরুতে ১৫-১৭ মার্চের অখিল ভারতীয় প্রতিনিধি সভার বৈঠকে ১৫০০ কার্যকর্তার উপস্থিত থাকার কথা ছিলঊ অখিল ভারতীয় কার্যকারী মণ্ডলের পাশাপাশি দেশের ৪৪টি প্রান্তের নির্বাচিত প্রতিনিধি, বিশেষ আমন্ত্রিত সদস্য, রাষ্ট্র সেবিকা সমিতির কার্যকর্তাদেরও উপস্থিত থাকার কথা ছিল।

## দক্ষিণ কোরিয়ায় করোনায় মৃত্যু আরও ৫ জনের, গোটা বিশ্বে মৃত ৫,০৭৭ জন

সিওল, ১৪ মার্চ (হি.স.): দক্ষিণ কোরিয়ায় করোনাভাইরাস সংক্রমণে প্রাণ হারালেন আরও ৫ জন। বিগত ২৪ ঘন্টায় নতুন করে আক্রান্ত হয়েছেন ১০৭ জন। আরও ৫ জনের মৃত্যুর পর দক্ষিণ কোরিয়ায় মৃতের সংখ্যা ৭২-এ পৌঁছেছে। সবমিলিয়ে দক্ষিণ কোরিয়ায় আক্রান্তের সংখ্যা ৮ হাজার ০৮৬ শনিবার সকালে কোরিয়া সেন্টার ফর ডিজিস কন্টোল এন্ড প্রিভেনসন-এর পক্ষ থেকে জানানো হয়েছে, শনিবার সকাল পর্যন্ত দক্ষিণ কোরিয়ায় নতুন করে সংক্রমিত হয়েছেন ১০৭ জন। এর ফলে গোটা দেশে সংক্রমিত রোগীর সংখ্যা ৮,০৮৬ জন। প্রাণ হারিয়েছেন ৫ জন, মৃতের সংখ্যা ৭২-এ পৌঁছেছে। প্রসঙ্গত, বিশ্বব্যাপী করোনা-হানায় বাড়ছে মৃত্যু। শনিবার বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু) জানিয়েছে, গোটা বিশ্বে ১৪ মার্চ সকাল পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১৩৬,৮৯৫। মৃতের সংখ্যা ৫,০৭৭।

## চিনে করোনায় ফের ১৩ জনের মৃত্যু, কমছে সংক্রমণ

বেজিং, ১৪ মার্চ (হি.স.): আগের তুলনায় মৃত্যুর সংখ্যা অনেকটাই কমেছে। তবে, মৃত্যু-মিছিল থামছেই না। বিগত ২৪ ঘন্টায় চিনে কোভিড-১৯ নভেল করোনাভাইরাসে সংক্রমিত হয়ে ১৩ জনের মৃত্যু হয়েছে। এই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছেন ১১ জন। আরও ১৩ জনের মৃত্যু পর চিনে করোনা-সংক্রমণে মৃতের সংখ্যা ৩,১৮৯-এ গিয়ে ঠেকেছে। হুবেই প্রদেশ-সহ সমগ্র চিনে আক্রান্তের সংখ্যা ৮০,৮২৪।

শনিবার সকালে চিনের জাতীয় স্বাস্থ্য কমিশন জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় চিনে মৃত্যু হয়েছে ১৩ জনের এবং সংক্রমিত হয়েছেন ১১ জন। মৃত্যু ও সংক্রমিত প্রত্যেকেই হুবেই প্রদেশের বাসিন্দা। সবমিলিয়ে চিনে এখনও পর্যন্ত করোনা-সংক্রমণে মৃতের সংখ্যা ৩,১৮৯-এ গিয়ে ঠেকেছে। হুবেই প্রদেশ-সহ সমগ্র চিনে আক্রান্তের সংখ্যা ৮০,৮২৪।

### করোনাভাইরাস-আতঙ্ক
## তিহাড় জেলেও, তৈরি করা হয়েছে আইসোলেশন ওয়ার্ড

নয়াদিল্লি, ১৪ মার্চ (হি.স.): কোভিড-১৯ নভেল করোনাভাইরাস আতঙ্ক এবার দিল্লির তিহাড় জেলেওঊ আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে বন্দিদের জন্য পৃথক আইসোলেশন ওয়ার্ড তৈরি করা হয়েছে তিহাড় জেলেঊ সমস্ত বন্দিদের শারীরিক পরীক্ষাও করা হয়েছে, তবে কারও শরীরে মারণ করোনাভাইরাসের উপসর্গ ধরা পড়েনি।

শনিবার তিহাড় জেল কর্তৃপক্ষ জানিয়েছে, তিহাড় জেলে আইসোলেশন ওয়ার্ড তৈরি করা হয়েছেঊ সমস্ত বন্দিদের শারীরিক পরীক্ষা করা হয়েছে এবং কারণ শরীরে ভাইরাসের উপসর্গ ধরা পড়েনিঊ নতুন বন্দিদের স্ক্রিনিং করা হচ্ছে এবং ওই সমস্ত বন্দিদের আগামী ৩ দিন পৃথক ওয়ার্ডে রাখা হবেঊ তিহাড় জেল কর্তৃপক্ষ জানিয়েছে, এই মুহূর্তে ১৭,৫০০ জন বন্দি রয়েছে তিহাড় জেলে।

# করোনা আতঙ্ক, ভিন রাজ্যের খদ্দের আনাগোনা থাকলেও প্রচার নেই দুর্গাপুরের যৌনপল্লীতে

দুর্গাপুর, ১৪ মার্চ(হি.স.): করোনা আতঙ্কে সিটিয়ে গোটা বিশ্ব। করোনা গ্রাসে বাদ পড়েনি ভারত। ইতিমধ্যে দেশের কয়েকটি রাজ্যে থাবা বসিয়েছে করোনা ভাইরাস। জোরকদমে সচেতনতার প্রচারে নেমেছে রাজ্য ও কেন্দ্র সরকার। ভিন রাজ্যের খদ্দের আসলেও, করোনার সচেতনতা প্রচারে অন্ধকারে রয়েছে দুর্গাপুরের কাদারোডের যৌনপল্লী। আতঙ্কে যৌনকর্মীরা।

চীনের মহামারি করোনা ভাইরাসের জব্বর থাবার প্রভাব পড়েছে বিশ্বজুড়ে। বন্ধ হয়েছে সে দেশ থেকে আসা যাওয়া। করোনা ঠেকাতে ব্যাস্ত বিশ্বের শক্তিশালী দেশের বিজ্ঞানী ও চিকিৎসা মহল। গত কয়েক মাসেই করোনা প্রচারে বদলে গিয়েছে মোবাইলের রিং টোন। করোনা মোকাবিলায় সচেতনতার জন্য সপ্তাহখানেক আগে রাজ্যের সব জেলার সমস্ত হাসপাতাল, নার্সিংহোমকে সজাগ ও সতর্ক করা হয়েছে। সপ্তাহ খানেক আগে জেলাশাসকের উদ্যোগে পশ্চিম বর্ধমান জেলায় সমস্ত হাসপাতাল নিয়ে বৈঠক হয়। সচেতনতার প্রচারে একগুচ্ছ কর্মসুচীও নেওয়া হয়। করোনার প্রাথমিক লক্ষণ কি, মোকাবিলায় সতর্কতায় কি করা উচিত। সেসব নিয়ে সাধারণ মানুষ, স্কুল, কলেজ পড়ুয়াদের সচেতন করার নির্দেশ দেওয়া হয়। বিভিন্ন এলাকায় স্বাস্থ্যবিধির নিয়মাবলি সম্বলিত পোস্টার সাটানোর নির্দেশ দেওয়া হয়।

করোনা নিয়ে গোটা বিশ্ব যখন ত্রস্ত, তখন দুর্গাপুর কাদারোডের যৌনপল্লীতে স্বাস্থ্য বিভাগের কোন প্রচারই নেই। সেখানের দুর্বার সংগঠন সূত্রে জানা গেছে, প্রায় ২৫০ পরিবার বসবাস করে সেখানে। প্রায় ৭০০ যৌনকর্মী রয়েছে। দুর্গাপুরে সেইলের দুর্গাপুর ইস্পাত, মিশ্র ইস্পাত সহ একাধিক সরকারি বেসরকারি শিল্পকারখানা রয়েছে। ওই সব কারখানায় পণ্য পরিবহণে রাজ্য ছাড়াও, ঝাড়খন্ড, বিহার, ওডিশা, কেরল, গুজরাট সহ বিভিন্ন রাজ্যের লরি, ট্রেলার আসা-যাওয়া করে। কাদারোড যৌনপল্লীতে ভিন রাজ্যের ওইসব বহু যান চালক শারীরিক সম্পর্কে যায়। এ ছাড়াও শহরে আসা যাওয়া বহু বহিরাগত লোকজনও সেখানে যায়। এ দেশের কেরলের মত কয়েকটি রাজ্যে করোনার থাবা বসায় আতঙ্কিত যৌনকর্মীরা। সচেতনতায় সংক্রামিত দেশ, রাজ্য থেকে আগতদের ১৪ দিন ঘরে আবদ্ধ থাকার পরামর্শ দেওয়া হচ্ছে। জ্বর, সর্দি, কাশি শ্বাসকষ্ট হলে সচেতন ও সতর্ক থাকতে বলা হচ্ছে। তখন অজান্তে যৌনপল্লীতে সংক্রামিত রাজ্যের খদ্দের শারিরিক সম্পর্কে লিপ্ত হচ্ছে না। সেটাও উড়িয়ে দেওয়া যায় না। অথচ সেই যৌনপল্লীতে করোনা সচেতনতার প্রচারে অন্ধকারে।


শনিবার কাদা রোড যৌনপল্লী এলাকায় তেমন কোন প্রচার পোষ্টার, ফেস্টুর্নও দেখা মিলল না। যৌনকর্মীদের সংগঠন দুর্বার মহিলা সমতির পক্ষে রেহেনা বিবি বলেন,'করোনা ভাইরাস আতঙ্ক রয়েছে। ছেলেমেয়েদের মাস্ক পরে বের করছি। বিভিন্ন রাজ্যের লরি চালকরা আসে। অজান্তে সংক্রামিত রাজ্য থেকে আসতে পারে। সেই আতঙ্কও রয়েছে।' দুর্বারের শাখা সংগঠন "আমরা পদাতিক" এর সম্পাদক নীলকমল মিশ্র জানান,' স্বাস্থ্য বিভাগ থেকে এইচআইভি নিয়ে সচেতন করা হয়। করোনা নিয়ে এখনও কোন নির্দেশিকা আসেনি। তবুও নিজেদের উদ্যোগে যৌনকর্মীদের নিয়ে সম্মিলিত মিটিং করব। করোনা ভাইরাসের বিস্তারিত নিয়ে সচেতন করা হবে। খদ্দেরদের সাবান দিয়ে হাত,মুখ ধুয়ে রুমে ঢোকানো, মাস্ক ব্যাবহার করার পরামর্শ দেওয়া হবে।' দুর্গাপুর পুরসভার মেয়র পারিষদ(স্বাস্থ্য) রাখী তেওয়ারী জানান,'সমস্ত বরো গুলিতে করোনা সচেতনতার প্রচার করতে নির্দেশ দেওয়া হয়েছে। ইতিমধ্যে কাজও শুরু হয়েছে। স্কুল, কলেজ কর্তৃপক্ষকে ডাকা হয়েছে। মাস্ক বিতরণের চিন্তা ভাবনা রয়েছে। জনবহুল বাসস্ট্যান্ড, বাজার গুলি সাফাই করে কিটনাশক ছড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে। কাদা রোড যৌনপল্লীতেও প্রচার অভিযান করা হবে।'

## গুরুত্বপূর্ণ নির্দেশ

**তিনের পাতার পর**

পালন না করতে বলা হয়েছে। নির্দেশিকায় আরও বলা হয়েছে, বিদ্যালয়, মহাবিদ্যালয়ের কোনও শিক্ষার্থীকে শিক্ষামূলক ভ্রমণে যেন পাঠানো না হয়। পাশাপাশি সব বিদ্যালয় ও মহাবিদ্যালয় চত্বর পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নির্দেশ দেওয়া হয়েছে।

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# ঝাড়গ্রামে পুকুর থেকে উদ্ধার নিখোঁজ ব্যক্তির দেহ, তদন্তে পুলিশ

ঝাড়গ্রাম, ১৪ মার্চ (হি.স.): ঝাড়গ্রামে পুকুর থেকে উদ্ধার নিখোঁজ ব্যক্তির দেহ ঊ গ্রামবাসীদের কাছ থেকে খবর পেয়ে শনিবার জামবনী থানার পুলিশ ঘোং এলাকার বড়াশোল গ্রাম থেকে ওই ব্যক্তির দেহ উদ্ধার করে ঊ সেটি ময়নাতদন্তের জন্য ঝাড়্গাম জেলা সুপার স্পেশালিটি হাসপাতালে পাঠিয়ে ঘটনা তদন্ত শুরু করেছে পুলিশ।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে বৃহস্পতিবার গ্রাম সংলগ্ন একটি পুকুরে স্নান করতে গিয়েছিলেন রামদাস বাবু। তারপর আর বাড়ি ফিরে আসেননি। ওই দিন দীর্ঘ সময় ধরে বাড়ি ফিরে না আসায় চারিদিকে খোঁজাখুঁজি শুরু করেন পরিবারের লোকজনেরা। কিন্তু কোথাও তার খোঁজ পাওয়া যায়নি। পরের দিন শুক্রবারও চারিদিকে খোঁজাখুঁজি করেও সন্ধান পাইনি। এরপর জামবনী থানায় নিখোঁজের অভিযোগ দায়ের করেন পরিবারের লোকজনেরা।

# ৯২ বছরে শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন প্রাক্তন পূর্তমন্ত্রী অমর চৌধুরী

কলকাতা,১৪ মার্চ (হি. স.): বার্ধক্যজনিত কারণে ৯২ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন প্রাক্তন পূর্তমন্ত্রী অমর চৌধুরি। শনিবার সকালে এসএসকেএম হাসপাতালে দেহত্যাগ করেন তিনি। রেখে গেলেন তার পুত্র, পুত্রবধূ এবং নাতি-নাতনিদের। এসএসকেএম হাসপাতালে দেহ দান করা হবে বলে জানান তার পুত্রবধূ।

পরিবার সূত্রে জানা গেছে, দীর্ঘদিন চোখ ও কানের সমস্যা ছিল। দক্ষিণ ২৪ পরগনা এলাকায় কৃষক আন্দোলনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন। আরএসপি নেতা মতিশ রায়ের ১৯৯৩ সালে মৃত্যুের পর বরানগর বিধানসভা কেন্দ্র থেকে জিতে বিধায়ক হন।২০০১-২০০৬ পুর্তমন্ত্রীর দায়িত্ব পালন করেন।আরএসপি-র রাজ্য সম্পাদকমন্ডলীর সদস্য ও কেন্দ্রীয় কমিটির সদস্যও ছিলেন।

# দ্রুতগামী মারুতি গাড়ির ধাক্কায় আহত এক ব্যক্তি

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৪ মার্চ।।** একটি দ্রুতগামী মারুতি গাড়ির ধাক্কায় আহত এক ব্যক্তি । ঘটনার বিবরণে জানা যায় আজ দুপুর দুটো নাগাদ বিলোনীয়া মহকুমার বনকর গেরেইজ টিলা এলাকায় ধ্রুত গামী একটি ওয়াগনার গাড়ী এক ব্যক্তিকে সজোরে ধাক্কা মেরে পালিয়ে যায়। ওই ব্যক্তি সঙ্গে সঙ্গে রাস্তায় ছিটকে পড়েন। তখন এলাকার লোকজন ছুটে আসে, খবর দেওয়া হয় অগ্নি নির্বাপক দপ্তরে। অগ্নিনির্বাপক দপ্তরের কর্মীরা এসে আহত ব্যক্তিকে বিলোনিয়া হাসপাতালে নিয়ে যায়। এরপর খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বিলোনিয়া থানার পুলিশ। প্রাথমিক চিকিৎসার পর তার অবস্থা আশঙ্কাজনক দেখে কর্তব্যরত চিকিৎসক তাকে আগরতলার জিবি হাসপাতালে রেফার করেন দেন। জানা গেছে আহত ব্যক্তির নাম রবীন্দ্র কুমার দেবনাথ, বয়ষ প্রায় ৫৮বছর। বাড়ী মনুরমুখ আমতলী এলাকায়। ঘাতক ওয়াগনার গাড়ীটির এখনো কোন খোজ পাওয়া যায়নি। তবে বিলোনিয়া থানার পুলিশ গাড়িটিকে আটক করার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে।

# বিনা শর্তে জমি দান

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১৪ মার্চ।।** একটি মেডিটেশন সেন্টার লাইব্রেরী শিশুদের জন্য বাগান ও বিদ্যালয় তৈরি করার লক্ষ ছিল। তিন বছরের মাথায় কৈলাশহর পাইতুর বাজার এলাকার বাসিন্দা শিক্ষক তাপস দত্ত চৌধুরী ও ওনার স্ত্রী মনিদিপা দত্ত চৌধুরী কৈলাশহর পৌর পরিষদের কালিপুর এলাকায় সারে ১৩ গন্ডা জায়গা এই অরবিন্দ সোসাইটিকে সম্পূর্ণ বিনা শর্তে দান করে। এই জায়গাতেই আজ সোসাইটির আন্তর্জাতিক সম্পাদক গোপাল ভট্টাচার্যের হাত ধরে শিলান্যাস হয় স্থায়ী ভবনের। শ্রী অরবিন্দ সোসাইটির উদ্দেশ্য সম্পর্কে বলতে গিয়ে সোসাইটির কৈলাশহর কমিটির চেয়ারম্যান অবসরপ্রাপ্ত চিকিৎসক সুশান্ত সিনহা বলেন এলাকার সকলের সাহায্য ও সহযোগিতা নিয়ে শ্রী অরবিন্দ ও শ্রী মায়ের আদর্শ প্রতিষ্ঠা করাই মূল লক্ষ্য

# দক্ষিণ জেলা হাসপাতালের পরিষেবা লাটে উঠেছে

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৪ মার্চ।।** দক্ষিণ ত্রিপুরা জেলা হাসপাতালের চিকিৎসা পরিষেবা তলানিতে গিয়ে ঠেকেছে। হাসপাতালের বিভিন্ন বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসক নেই। সেই সাথে যেকয়েকজন চিকিৎসক রয়েছেন তাঁরাও সিংহভাগ সময় ছুটিতে থাকেন। আবার অনেকে শান্তিরবাজার থেকে উদয়পুরে বাসভবনে চলে আসেন। তাতে করে রোগীরা চিকিৎসা পরিষেবা পেতে সমস্যায় পড়ছেন। অবিলম্বে চিকিৎসক সংকট নিরসনের দাবী উঠেছে।

# দুই সন্তান ও মায়ের মৃত্যুতে উদ্বেগ প্রকাশ করল জিএমপি

**আগরতলা, ১৪ মার্চ।।** উদয়পুর মহকুমার শামুকছড়া এডিসি ভিলেজে দুই শিশু সন্তানসহ এক উপজাতি মহিলার মৃত্যুর ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে ত্রিপুরা রাজ্য গণমুক্তি পরিষদ। বিধ্বস্থ পরিবারের পরিজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছে সংগঠন। সংগঠনের পক্ষ থেকে এক বিবৃতিতে দাবি করা হয়েছে অভাবের তাড়নায় এই মৃত্যুর ঘটনা। সেই সাথে এই ধরণের ঘটনা যাতে আর না ঘটে সেজন্য রাজ্য সরকারকে দ্রুত পদক্ষেপ নেওয়ার দাবী জানিয়েছে সংগঠন।

# কার্ল মার্কসের মৃত্যু দিবস পালন করল এসইউসিআই

**আগরতলা, ১৪ মার্চ।।** কার্ল মার্কসের ১৩৭ তম মৃত্যুবার্ষিকী ১৪ মার্চ। এই উপলক্ষে এসইউসিআই এর উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় দিনটি পালন করা হয়েছে। সকালে দলের রাজ্য কার্য্যালায়ে রক্তিম পতাকা উত্তোলন সহ মার্কসের প্রতিকৃতিতে মাল্যদান ও আন্তর্জাতিক সংগীত পরিবেশী হয়। তাছাড়াও একটি প্রদর্শনীরও আয়োজন করা হয়।

# মুঙ্গিয়াকামীতে জনজাতি মোর্চার কর্মী সম্মেলন অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৪ মার্চ।।** আজ মুঙ্গিয়াকামী কমিউনিটি হলে কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের জনজাতি মোর্চার এক কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। এই সম্মেলনে উপস্থিত ছিলেন পুর্ব ত্রিপুরা লোকসভা আসনের সাংসদ রেবতী কুমার ত্রিপুরা। এছাড়া উপস্থিত ছিলেন ওই বিধানসভা কেন্দ্রের বিধায়ক ডাঃ অতুল দেববর্মা, সংগঠনের রাজ্য কমিটির সদস্য বিকাশ দেববর্মা প্রমুখ।

# দূর্ঘটনার আড়াই ঘন্টা পর পৌঁছল ফায়ার সার্ভিস, ক্ষোভ

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৪ মার্চ।।** যান দূর্ঘটনার প্রায় আড়াই ঘন্টা পর অগ্নিনির্বাপক দপ্তরের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছায়। এতে করে এলাকার লোকজনের মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে। ঘটনা আমবাসা থানার অধীন আঠারমুড়া পাহাড়ে জাতীয় সড়কে। জানা গিয়েছে, শনিবার দুপুর তিনটা নাগাদ চামল ছড়া এলাকায় বাঁক নিতে গিয়ে দূর্ঘটনার কবলে পড়ে টিআর-০১জে-১৭১৭ নম্বরের একটি ট্রাক। চালক আহত হয়েছে। ফায়ার সার্ভিসের কর্মীরা আড়াই ঘন্টা পর সেখানে পৌঁছে।

## হেপাজতে

● **প্রথম পাতার পর**

নামের এক জঙ্গিকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করে পাঁচদিনের রিমান্ডের আবেদন জানায়। আদালত ৩ দিনের পুলিশ রিমান্ড মঞ্জুর করেছিল। বিদ্যুৎবাবু বলেন, মঞ্জিন দেববর্মাকে জেরা করে পুলিশ আরও এক জঙ্গি বিশ্বজিৎ দেববর্মার হদিশ পায়। আজ শনিবার তাকেও পুলিশ গ্রেফতার করে আদালতে সোপর্দ করে। তিনি বলেন, পুলিশ আজ আদালতে মঞ্জিন দেববর্মা এবং বিশ্বজিৎ দেববর্মার রিমান্ডের আবেদন জানিয়েছিল। কিন্তু আদালত আগামী ২৪ মার্চ পর্যন্ত তাদের জেল হেফাজতে পাঠিয়েছে। তিনি বলেন, আদালত জেল হেফাজতে তাদেরকে জিজ্ঞাসাবাদের পুলিশকে অনুমতি দিয়েছে।

বিদ্যুৎ সূত্রধর বলেন, পুলিশ তাদের বিরুদ্ধে ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ১২০ বি, ১২১, ১২২ এবং ১২৪ এ ধারায় মামলা রুজু করেছে।

## চালু

● **প্রথম পাতার পর**

চেকপোস্ট দিয়ে পণ্য আমদানি-রফতানি চালু রয়েছে ঠিকই। কিন্তু, শ্রীমন্তপুর এবং মুহুরীঘাট ইন্টিগ্রেটেড চেকপোস্ট দিয়ে পণ্য আমদানি-রপ্তানি বন্ধ করে দেওয়া হয়েছে। কারণ, সেখানে পরীক্ষা-নিরীক্ষা করা এবং কোয়ারেন্টাইন-র কোন ব্যবস্থা নেই। সূত্রের খবর, আগামী সোম অথবা মঙ্গলবার থেকে আগরতলা ইন্টিগ্রেটেড চেকপোস্ট দিয়েও পণ্য আমদানি-রফতানি বন্ধ হয়ে যেতে পারে। অবশ্য, এমন কোন নির্দেশিকা ভারত সরকার এখনও জারি করেনি বলে জানিয়েছেন আগরতলা ল্যান্ড পোর্ট-র ম্যানেজার দেবাশীষ নন্দী।

করোনা ভাইরাস নিয়ে উদ্বেগজনক পরিস্থিতি সম্পর্কে আগরতলাস্থিত বাংলাদেশ সহকারী হাই কমিশনার কিরীটি চাকমা বলেন, ভারত-বাংলাদেশ সতর্কতা অবলম্বন করেছে। ওই ভাইরাস মোকাবিলায় প্রয়োজনীয় ব্যবস্থাও নিয়েছে। তাই,ভারত সরকার সমস্ত ভিসা বাতিল করেছে। তিনি আরও বলেন, বিশেষ প্রয়োজনে পরীক্ষা-নিরীক্ষা করে চিকিৎসকের রিপোর্ট নিয়ে ভিসা-র আবেদনে সম্মতি দেওয়া হবে, ভারত সরকারের নির্দেশিকায় এমন কোন কথা উল্লেখ নেই। ভারত সরকার সমস্ত ভিসা বাতিল করেছে। তাতে, মেডিকেল ভিসাও বাতিল হয়েছে। এদিকে, করোনা ভাইরাসের জন্য উদ্বেগজনক পরিস্থিতিতে ইন্দো-বাংলা বাণিজ্যে কেমন প্রভাব পড়বে তা এখনই অনুমান করা সম্ভব নয় বলে মন্তব্য করেন তিনি। তাঁর কথায়, এই পরিস্থিতিতে বাণিজ্যে কিছুটা প্রভাব পড়া অস্বাভাবিক নয়। তবে, সমস্ত প্রতিকূলতা কাটিয়ে উঠতে আমরা সক্ষম, দাবি করেন তিনি। কিরীট চাকমা বলেন, এখন ত্রিপুরায় অবস্থিত বাংলাদেশী নাগরিকরা দেশে ফিরে যাচ্ছেন। কিন্তু, আগামীকাল থেকে সমস্ত ইন্টিগ্রেটেড চেক পোস্ট দিয়ে মানুষের যাতায়াত নিষিদ্ধ করা হচ্ছে।

## দ্বারস্থ

● **প্রথম পাতার পর**

জানান, দেরাদুনে গত ১৯ ফেব্রুয়ারি তার বন্ধু নিখোঁজ হয়েছে। একই দিনে তার বাবা বীরগঞ্জ থানায় নিখোঁজ ডায়েরি করেছেন। কিন্তু, এখন পর্যন্ত ছেলের কোনও খোঁজ পাননি শম্ভু কুমার জমাতিয়া। পেশায় প্রাথমিক স্কুলের শিক্ষক শম্ভুবাবু ছেলের খোঁজ না পেয়ে দিশেহারা হয়ে পড়েছেন। তাই, রাজ্য পুলিশের অতিরিক্ত মহানির্দেশকের দ্বারস্থ হয়েছেন।

জহর সাহা বলেন, বর্তমান যুগে প্রযুক্তির সহায়তায় কাউকে খুঁজে বের করা কঠিন কাজ নয়। তা সত্ত্বেও জন জমাতিয়াকে কেন খোঁজে পাওয়া যাচ্ছে না তা বুঝতে পারছি না। অবশ্য, তাকে খুঁজে বের করতে পুলিশের গাফিলতি রয়েছে কিনা, সন্দেহ প্রকাশ করেন তিনি। তাঁর বক্তব্য, এ ধরণের ঘটনায় পুলিশের সহযোগিতা না পাওয়া গেলে সন্তানদের উচ্চ শিক্ষার জন্য বাইরে পাঠিয়ে অভিভাবকরা সর্বদা দুশ্চিন্তায় থাকবেন।

## ডাক

● **প্রথম পাতার পর**

বছর লড়াই করার পর আইএনপিটি-তে মিশে যাচ্ছে। তা থেকে গঠিত হচ্ছে আইএনপিটি ইউনাইটেড। তিনি আশা প্রকাশ করে বলেন, জনজাতিদের স্বার্থে যারা বিক্ষিপ্তভাবে লড়াই করছেন, তাঁরাও একত্রিত হবেন। তাঁর দাবি, এনসিটি দল গঠন কোনও ভুল সিদ্ধান্ত ছিল না। কিন্তু এখন মনে হচ্ছে, একত্রিত হয়ে কাজ করি, তবেই মিলবে সাফল্য।

এদিন আইএনপিটি সভাপতি বিজয় রাঙ্খল বলেন, এডিসি নির্বাচনের আগে দুই জনজাতিভিত্তিক রাজনৈতিক দলের একত্রিত হওয়ায় গ্রাম-পাহাড়ে ভীষণ প্রভাব ফেলবে। তিনি বলেন, আগামীদিনে আমরা আরও জনজাতিভিত্তিক রাজনৈতিক দলকে কাছে টানার চেষ্টা করব। তাঁর দাবি, আজকের এই কর্মসূচি এডিসি নির্বাচনের মহড়া বলা যেতেই পারে।

এদিকে, ত্রিপুরার রাজ পরিবারের সদস্য প্রদ্যুৎ কিশোর দেববর্মণ জনজাতিদের ঐক্যবদ্ধ সংগ্রামের পক্ষে সওয়াল করেছেন। তাঁর কথায়, শুধু দুই দল একত্রিত হলে চলবে না। সমস্ত জনজাতিদের এক ছাতার তলায় আসার সময় এবং প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

## জনমনে

● **প্রথম পাতার পর**

পাঠিয়েছে।

এক পরিবারে তিনজনের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় উদয়পুরের মহকুমাশাসক গোমতির জেলাশাসকের কাছে রিপোর্ট জমা দিয়েছেন। মহকুমাশাসকের রিপোর্ট অনুযায়ী, তাদের সংসারে আর্থিক অনটন ছিল না। কারণ, আন্দোলনকিশোর দেববর্মা রবার বিক্রি করে এবং জমির বর্গা দিয়ে মাসে ১০ হাজার টাকা উপার্জন করেন। তাই, বিপিএল হলেও তাদের পরিবারে রেগার জবকার্ড দেওয়া হয়নি। মহকুমাশাসকের রিপোর্টে আরও বলা হয়েছে, তাদের একমাত্র কন্যা সন্তান যথেষ্ট মেধাবী ছাত্রী ছিল। কুকিবাড়ি ইংরেজি মাধ্যমের আবাসিক স্কুলে প্রথম শ্রেণির ছাত্রী ছিল সে। ছুটিতে বাড়ি এসেছিল। প্রতিবেশীদের বক্তব্য তুলে ধরে রিপোর্টে বলা হয়েছে, গত ১২ ফেব্রুয়ারি তাদের বাড়িতে ঝগড়ার শব্দ পাওয়া শোনা গিয়েছিল। তবে মোটের উপর পরিবারে কোনও অশান্তি ছিল না তাদের। মুরগির মাংস রান্না করার জন্য মেয়ের আবদারে বাবা রাজি না হওয়ায় তাদের বাড়িতে তীব্র বাকবিতণ্ডা হয়েছিল। কিন্তু ওই ছোট্ট কারণে এত বড় ঘটনা ঘটবে বলে কোনও যৌক্তিকতা খুঁজে পাননি মহকুমাশাসক।

এদিকে, স্ত্রী ও দুই সন্তানের মৃত্যুতে আন্দোলনকিশোর দেববর্মা নিজেও আত্মঘাতী হতে চেয়েছিলেন, প্রতিবেশীরা তাকে বাঁচিয়েছেন বলে মহকুমা শাসক রিপোর্টে উল্লেখ করেছেন। সাথে জানিয়েছেন, যমুনা দেববর্মা সবসময় অতি সক্রিয় এবং অতি সংবেদনশীল ছিলেন। তিনি আরও বলেছেন, পরিবারের অন্যান্য সদস্য এবং প্রতিবেশীদের বক্তব্য অনুযায়ী মৃত্যুর কারণ অন্য কিছু হতে পারে। ফলে, ময়না তদন্তের রিপোর্ট না আসা পর্যন্ত মৃত্যুর প্রকৃত কারণ জানা সম্ভব নয়। তবে, মহকুমাশাসকের রিপোর্টে স্পষ্ট, তাদের সংসারে অভাব অনটন ছিল না। ফলে, দুই শিশু সন্তান ও মহিলার অস্বাভাবিক মৃত্যু যথেষ্ট রহস্যজনক বলে মনে করা হচ্ছে।

## কেন্দ্র

● **প্রথম পাতার পর**

গুরুত্ব দিতে চাইছে।

সহকারী প্রত্নতত্ত্ববিদ এম জ্যাকসনের কথায়, ঊনকোটির রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় খরচের হিসাব করে যে প্রস্তাব পাঠানো হয়েছে শীঘ্রই এতে অনুমোদন মিলবে। তিনি জানান, ভুবনেশ্বরী মন্দির-সহ বেশ কয়েকটি স্থানের সংস্কারের জন্যও উদ্যোগ নেওয়া হয়েছে।

# রাঙ্গাছড়া কান্ডের প্রতিবাদে শহরে বিক্ষোভ সভা এআইডিওয়াইও এর

**আগরতলা, ১৪ মার্চ।।** রাঙ্গাছড়ায় যুবতীর মৃত্যুর প্রতিবাদে অল ইন্ডিয়া ডিওয়াইও এবং সংগঠনের অন্যান্য সহযোগি সংগঠনের উদ্যোগে আগরতলায় সিটি সেন্টারের সামনে বিক্ষোভ সভার আয়োজন করা হয়। এই বিক্ষোভ সভায় সংগঠনের বিভিন্ন নেতৃবৃন্দ বক্তব্য রাখতে গিয়ে বলেন, এই পাশবিক ঘটনা নিন্দনীয়। রাজ্যের সকল ছাত্র যুবক সহ সকল বুদ্ধিজীবী জনসাধারণকে ঘটনার বিরুদ্ধে প্রতিবাদে সোচ্চার হতে আহ্বান জানান নেতৃত্বরা। সেই সাথে দোষীদের অবিলম্বে গ্রেপ্তারের দাবী জানান।

## লেজেগোবরে পুলিশ

● **প্রথম পাতার পর**

সরকারের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করে ইতিমধ্যে বামপন্থী ছাত্র সংগঠন রাস্তায় নেমে পড়েছে। গণতান্ত্রিক নারী সমিতিও আজ বিক্ষোভ মিছিল সংগঠিত করেছে। শুধু তা-ই নয়, কংগ্রেস নেতা সুবল ভৌমিক আজ সকালে রাঙ্গাছড়া গ্রামে গিয়ে ওই যুবতীর পরিবারের সাথে দেখা করেছেন এবং ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন। ত্রিপুরায় নারী সুরক্ষিত নন বলে তিনি অভিযোগ করেছেন।

এ-বিষয়ে মহিলা কমিশনের চেয়ারপারসন বর্ণালী গোস্বামী বলেন, ওই যুবতীর সাথে বর্বরতম ঘটনা নিয়ে রাজনীতি করা উচিত নয়। বরং, কীভাবে এ ধরনের ঘটনা প্রতিহত করা যায়, তা নিয়ে ভাবা খুবই জরুরি। তাঁর কথায়, এ ধরনের ঘটনা প্রতিহত করার বদলে কোনও একটি রাজনৈতিক দল কিংবা সরকারকে দোষারোপ করলে উদ্দেশ্য সফল হবে না। রাজনীতির ঊর্ধ ওঠে আমাদের সকলকে তা মোকাবিলা করতে হবে। কারণ, মানুষের মধ্যে মূল্যবোধ গড়ে তোলা সম্ভব না হলে এমন ঘটনা প্রতিহত করা যাবে না, বলেন তিনি।

রাঙ্গাছড়া গ্রামে যুবতীর অগ্নিদগ্ধ মৃতদেহ উদ্ধারের ঘটনায় পুলিশের ভূমিকায় ষড়যন্ত্র দেখতে পাচ্ছে বিজেপি। শুধু তা-ই নয়, বিরোধীরা ওই ঘটনাকে ঘিরে উত্তেজনা ছড়াতে চাইছেন বলে অভিযোগ শাসক দলের। শনিবার সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা বিজেপির প্রদেশ কমিটির মুখপাত্র নবেন্দু ভট্টাচার্য এ-কথা বলে দোষীর কঠোর শাস্তির দাবি জানিয়েছেন।

পশ্চিম ত্রিপুরা জেলার সিধাই থানাধীন রাঙ্গাছড়া গ্রামে গতকাল সকালে খালি জমিতে যুবতীর অগ্নিদগ্ধ মৃতদেহ উদ্ধার হয়েছিল। তাকে ধর্ষণের পর নৃশংসভাবে খুনের অভিযোগ উঠেছে। ওই ঘটনা ত্রিপুরার জনমনে ভয়ঙ্কর প্রভাব ফেলেছে। বিরোধীরা সুযোগ পেয়েই মাঠে নেমে পড়েছেন। শনিবার কংগ্রেস নেতা সুবল ভৌমিক ওই যুবতীর বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের সাথে কথা বলেছেন। ওই সময় স্থানীয় কয়েকজন দুষ্কৃতী তাকে হুমকি দিয়েছে বলে তিনি অভিযোগ করেছেন।

আজ নবেন্দু নাম না করে কটাক্ষের সুরে বলেন, রাজনীতিতে অনেকে আছেন সবসময় মৃতদেহ খুঁজে বেড়ান। কোনও একটি ঘটনা নিয়ে উত্তেজিত করার রসদ সংগ্রহ করেন তারা। আসলে রাজনীতিতে ব্রাত্য হয়ে পড়ায় জমি খুঁজে পেতেই নোংরা খেলায় মেতে উঠেন এঁরা। তিনি বলেন, রাঙ্গাছড়ার ঘটনায় নোংরা রাজনীতি করার বদলে দোষীর শাস্তির জন্য আওয়াজ ওঠা উচিত। তাঁর দাবি, ওই ঘটনার সঙ্গে জড়িত মূল অভিযুক্ত সিপিএম সমর্থক। তাঁর কঠোর শাস্তি হোক, দাবি জানিয়েছেন তিনি। সাথে তিনি ওই পৈশাচিক ঘটনায় তীব্র নিন্দাও জানিয়েছেন।

এদিন তিনি সুর চড়িয়ে বলেন, অস্থিরতা সৃষ্টির জন্যই বিরোধী রাজনৈতিক দলের নেতা সেখানে গিয়েছিলেন। পুলিশ ঘটনার তদন্ত করে ব্যবস্থা নিক, চাইছে বিজেপি। তাঁর দাবি, রাজনৈতিক উত্তেজনা ছড়ানো ওই সব নেতাদের একমাত্র লক্ষ্য। তাদের বিষয়ে সতর্ক থাকতে হবে। সাথে তিনি স্বীকার করেন, ওই যুবতীর মৃত্যুর ঘটনায় পুলিশের গাফিলতি রয়েছে। তবে এর পেছনে ত্রিপুরা সরকারকে বদনাম করার ষড়যন্ত্র থাকতে পারে বলে তিনি দাবি করেন।

সিধাই থানা এলাকার মোহনপুরের রাঙ্গাছড়ায় অগ্নিদগ্ধ করে এক যুবতীকে হত্যার ঘটনা সম্পর্কে শোকাহত পরিবার পরিজনদের কাছ থেকে খোঁজ খবর নিতে গিয়ে আক্রান্ত হলেন কংগ্রেস নেতা সুবল ভৌমিক সহ মহিলা নেত্রীরা। আক্রমণের হাত থেকে রক্ষা পাননি চিত্র সাংবাদিকরাও। সাংবাদিককে মারধর করে ক্যামেরা ছিনতাই করে নিয়ে গেছে। ঘটনাকে কেন্দ্র করে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে।

ঘটনার তীব্র নিন্দা ও ধিক্কার জানিয়েছেন কংগ্রেস নেতা সুবল ভৌমিক। কংগ্রেস নেতা সুবল ভৌমিক মোহনপুরের রাঙ্গাছড়ায় যুবতীকে ধর্ষণ শেষে অগ্নিদগ্ধ করে হত্যার ঘটনাকে হায়দ্রাবাদের পশু চিকিৎসক ডাঃ প্রিয়াঙ্কা রেড্ডির হত্যাকাণ্ডের সঙ্গে তুলনা করে বলেন, এ ধরনের ঘটনা কোনভাবেই মেনে নেওয়া যায় না। ঘটনা সম্পর্কে খোঁজ খবর নিতে গিয়ে কংগ্রেসের প্রতিনিধি দল এবং সফরত সাংবাদিকরা আক্রমণের শিকার হয়েছেন বলে তিনি অভিযোগ করেন।

সুবলবাবু বলেন, তারা যখন শোকাহত মা ও মাসীর সঙ্গে কথা বলছিলেন তখনই তাদের উপর হামলা সংগঠিত করা হয়। ঘটনা সম্পর্কে শোকাহত পরিবারের লোকজনরা হাতে কোন কিছু বলতে না পারেন সেজন্য নিহত মন্টি দেবের মাকে চুলের মুঠি ধরে টেনে হ্যাচড়ে ধরে নিয়ে গেছে বলে জানান তিনি। দুষ্কৃতিকারীরা শোকাহত পরিবারের বাক স্বাধীনতা পর্যন্ত হরণ করেছে। সফরত সাংবাদিকদের উপরও তারা আক্রমণ করেছে। ক্যামেরা ছিনতাই করে নিয়ে গেছে। রাজ্যে সংবাদ মাধ্যমের অধিকারও হরণ করা হয়েছে বলে তিনি অভিযোগ করেন। ঘটনা প্রত্যক্ষ করে পুলিশ ঠুঁঠো জগন্নাথের ভূমিকা পালন করেছে বলেও তিনি অভিযোগ করেন।

হত্যাকাণ্ডের মামলা নথীভুক্ত না করতে আইনমন্ত্রী পুলিশকে নির্দেশ দিয়েছেন বলেও অভিযোগ করেন সুবল বাবু। ঘটনার জড়িত যে যুবককে গ্রেপ্তার করা হয়েছে সে পঞ্চায়েতের সমিতির ভাইস চেয়ারপার্সনের ভাই বলেও জানান সুবল বাবু।

সিধাই মোহনপুরের রাঙ্গাছড়ায় যুবতীকে জ্যান্ত অগ্নিদগ্ধ করে হত্যার ঘটনা ও ঘটনা সম্পর্কে খোঁজ খবর নিতে যাওয়া বিরোধী দলের নেতাদের উপর হামলা, বাধা দান এবং সর্বোপরি সাংবাদিকদের উপর হামলা ও ক্যামেরা ভাঙচুর ছিনতাইয়ের ঘটনার প্রতিবাদে শনিবার আগরতলায় প্রতিবাদ বিক্ষোভ মিছিল সংগঠিত করেছে গণতান্ত্রিক নারী সমিতি। রাজ্য সংবাদ মাধ্যমের স্বাধীনতা নিয়ে প্রশ্ন তুলেছেন গণতান্ত্রিক নারী সমিতির বর্ষীয়ান নেত্রী রমা দাস।

শনিবার আগরতলায় প্রতিবাদ বিক্ষোভ মিছিলে সামিল হয়ে তিনি বলেন, বিগত বাম সরকারের আমলে সাংবাদিকরা নির্ভয়ে স্বাধীনভাবে কাজ করেছেন। বর্তমান সরকার সাংবাদিকদের অধিকার কেড়ে নেবার চেষ্টা করছে। শনিবার মোহনপুরে সাংবাদিক আক্রান্তের ঘটনায় নারী নেত্রী রমা দাস গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। সত্য ঘটনা হাতে জনসমক্ষে বেরিয়ে আসতে না পারে সেজন্যই তারা সাংবাদিকদের উপর হামলা হুজ্জুতি সংগঠিত করে চলেছে বলে তিনি অভিযোগ করেন। রাঙ্গাছড়ায় ২২ বছরের যুবতীকে অগ্নিদগ্ধ করে হত্যার ঘটনায় জড়িতদের খোঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে নারী সমিতির পক্ষ থেকে দাবি জানানো হয়েছে।

শোকাহত পরিবার পরিজনদের সঙ্গে দেখা করে ঘটনা সম্পর্কে খোঁজখবর নিয়েছেন। মোহনপুরের রাঙ্গাছড়ায় যুবতীকে হত্যা ও অগ্নিদগ্ধ করার ঘটনাকে রাজ্যের লজ্জা ও মানবজাতির লজ্জা বলে আখ্যায়িত করেছেন বিধায়ক সুদীপ রায় বর্মন। তিনি বলেন, মানুষ সচেতন না হলে কোন সরকারের পক্ষেই এ ধরনের ঘটনা বন্ধ করা সম্ভব নয়। সুদীপ বাবু বলেন, এ ধরনের ঘটনা কোন ব্যক্তির একার পক্ষে সংগঠিত করা বিশ্বাসযোগ্য নয়। এই ঘটনায় যারা জড়িত রয়েছে তাদের বিরুদ্ধে পুলিশ কঠোর ব্যবস্থা নেবে বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

পুলিশ কোন ঘটনার কিনারা করতে পারে না তা বিশ্বাসযোগ্য নয়। পুলিশ ইচ্ছে করলে সব ঘটনারই কিনারা করতে পারে। এক্ষেত্রেও পুলিশ সক্রিয় ভূমিকা গ্রহণ করে অভিযুক্তদের গ্রেপ্তার এবং কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে বলে তিনি মনে করেন। সুদীপ বাবু বলেন, আমাদের রাজ্যে এ ধরনের দুর্ভাগ্যজনক, পাশবিক, অমানবিক, হিংস্রতম, বর্বরতম ঘটনা ঘটবে তা আমাদের প্রত্যাশার বাইরে। তা কখনোও বাবেনি। কিছুদিন আগে হায়দ্রাবাদের ডাঃ প্রিয়াঙ্কা রেড্ডির ঘটনা যেমন দেশবাসীর মাথা লজ্জায় হেট করেছে, আমাদের রাজ্যের রাঙ্গাছড়ায় ঘটনাও লজ্জায় মাথা হটে করে দিয়েছে। এটি একটি পরিকল্পিত ঘটনা বলেও তিনি উল্লেখ করেন। বিদ্যুৎহীন করে ঘটনা সংগঠিত করেছে।

## বেতন বৃদ্ধি

**আটের পাতার পর**

মাদ্রাসা স্কুলগুলির মুখ্য সম্প্রসারক-সম্প্রসারিকা, করণিক ও গ্রুপ ডি স্টাফদের বেতন বৃদ্ধির বিষয়টি বেশ কিছুদিন ধরেই রাজ্য সরকারের সংখ্যালঘু বিষয়ক এবং মাদ্রাসা শিক্ষা দফতরের নজরে ছিল। শুক্রবার মাদ্রাসা শিক্ষা কেন্দ্র, মাধ্যমিক শিক্ষা কেন্দ্র (সিনিয়র মাদ্রাসা) এবং শিশু শিক্ষা কেন্দ্রের শিক্ষক ও অশিক্ষক পদের কর্মীদের বেতন বৃদ্ধির সিদ্ধান্ত নিল রাজ্য সরকার।

সরকারি বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, মার্চ ২০২০ পর্যন্ত বর্ধিত বেতন পাওয়ার জন্য মাদ্রাসা কর্মীদের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে। বর্ধিত বেতন অনুমোদিত মাদ্রাসা কেন্দ্রগুলির স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষক-অশিক্ষক কর্মীদের অ্যাকাউন্টে জমা করা হবে। বিশেষ বিশেষ ক্ষেত্রে আদালতের নির্দেশই হবে শেষ সিদ্ধান্ত।

# প্রয়োজন হলে এবারের আই পি এল ছোট করে হবে : সৌরভ

মুম্বই, ১৪ মার্চ (হি.স.) : প্রয়োজন হলে এবারের আই পি এল ছোট করে হবে। শনিবার মুম্বইয়ে আই পি এল গভর্নিং কাউন্সিলের সভার শেষে এ কথা বলেন বোর্ড প্রেসিডেন্ট সৌরভ গঙ্গোপাধ্যায়। সভায় আই পি এল ফ্রাঞ্চাইজিদেরও ডাকা হয়েছিল।

করোনাভাইরাসের জন্য ইতিমধ্যেই ১৫ এপ্রিল পর্যন্ত আই পি এল স্থগিত হয়ে গেছে। এবং শেষ পর্যন্ত আই পি এল যখন শুরু হবে তখন অনেক ছোট করে হতে পারে। শনিবার মুম্বইয়ে আই পি এল গভর্নিং কাউন্সিলের সভার শেষে এ কথা বলেন বোর্ড প্রেসিডেন্ট সৌরভ গঙ্গোপাধ্যায়। সভায় আই পি এল ফ্রাঞ্চাইজিদেরও ডাকা হয়েছিল। এদিনের সভার পরে সাংবাদিক সম্মেলনে সৌরভ বলেন, "এখনই বলা সম্ভব নয়, কী হবে, কখন হবে। আমরা পরিস্থিতির দিকে নজর রাখছি। এক সপ্তাহ অন্তর পরিস্থিতি পর্যালোচনা করা হবে। তার পর সিদ্ধান্ত। সাবধানতা আগে। মানুষের জীবন নিয়ে ছেলেখেলা করা যাবে না। যদি প্রয়োজন হয় তা হলে এবারের আই পি এল ছোট করে হবে।"

উল্লেখ্য, এর মধ্যেই দিল্লি, কর্নাটক এবং মহারাষ্ট্র জানিয়ে দিয়েছে তাদের রাজ্যে কোনও খেলা হবে না। ওই তিনটে রাজ্যে তিনটি ফ্রাঞ্চাইজি আছে। সব মিলিয়ে যখন আই পি এল শুরু হবে তখন কোথায় খেলা হবে, সব ম্যাচ হবে কিনা তা নিয়ে আনেক আলোচনার দরকার আছে, বলে মনে করেন সৌরভ। তবে শুধু আই পি এল-ই নয়, গোটা দেশে কোনও ক্রিকেট খেলা হবে না।

# "বাদুড় খেকো" চীনাদের ওপর ক্ষোভ ঝারলেন শোয়েব আখতার

করোনা ভাইরাসের উৎপত্তিস্থল যে চীন সে কারো অজানা নয়। কিন্তু তাই বলে এই ভাইরাস ছড়ানোর জন্য সরাসরি চীনকে দায়ী করার ঘটনা সত্যিই বিরল। আর এই বিরল কাজটিই করেছেন সাবেক পাকিস্তানি ফাস্ট বোলার শোয়েব আখতার। শুধু তাই না, চীনাদের "বাদুড় খেকো" বলেও কটাক্ষ করেছেন তিনি। শুরু থেকেই ধারণা করা হচ্ছে, করোনা ভাইরাসের সূত্রপাত হয়েছে বাদুড় থেকে। চীনের উহানের কোনো এক বাজারে ওই বাদুড় বিক্রি হয়েছিল বলে জানা গেছে। তবে এটা এখনও প্রমাণিত হয়নি। কিন্তু শোয়েব আখতার সেসব প্রমাণের ধার ধারেননি। নিজের ইউটিউব চ্যানেলে প্রকাশিত এক ভিডিওতে তিনি বলেন, "আমি বুঝি না কেন আপনাদের বাদুড়ের মতো জিনিস খেতে হবে, তাদের রক্ত ও মুত্র পান করতে হবে এবং সারাবিশ্বে ভাইরাস ছড়িয়ে দিতে হবে... আমি চীনাদের সম্পর্কে বলছি। তারা সারাবিশ্বকে বিপদের মুখে ঠেকে দিয়েছে। আমি সত্যিই বুঝতে পারছি না আপনারা কীভাবে বাদুড়, কুকুর এবং বিড়াল খেতে পারেন। আমি সত্যি খুব ক্ষুব্ধ।"তিনি আরও বলেন, "সারা বিশ্ব এখন ঝুঁকিতে পড়ে গেছে। পর্যটন শিল্প ক্ষতিগ্রস্ত হয়েছে, অর্থনীতি বাজেভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং সারা বিশ্ব কার্যত বন্দি হওয়ার পথে। আমি চীনাদের বিপক্ষে যাচ্ছি না কিন্তু আমি পশু আইনের বিপক্ষে। আমি বুঝতে পারছি যে এটা আপনাদের সংস্কৃতির অংশ কিন্তু এটা এখন আর আপনাদের উপকারে আসছে না, এটা মানবতাকে ধ্বংস করছে। আমি বলছি না আপনারা চীনাদের বয়কট করুন কিন্তু অবশ্যই এ নিয়ে একটা আইন থাকা উচিত। আপনি চাইলেই যা খুশি তাই খেতে পারেন না।"

চীনের উহান থেকে বিশ্বের ১৪৯টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে গেছে করোনা ভাইরাসে। এখন পর্যন্ত এ রোগে প্রাণ গেছে ৫ হাজার ৬০৪ জনের। মোট আক্রান্ত হয়েছেন প্রায় ১ লাখ ৫০ হাজার। চিকিৎসা নিয়ে সুস্থ হয়েছেন প্রায় ৭৪ হাজার রোগী। করোনা আতঙ্কে পিছিয়ে গেছে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল)। এর পর বিভিন্ন আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচের পর বন্ধ হওয়ার দশা পাকিস্তান সুপার লিগও (পিএসএল)। পিএসএল"র বাকি ম্যাচগুলো দর্শকশুন্য মাঠে খেলা হবে। এ নিয়ে শোয়েব বলেন, "সবচেয়ে বড় কারণ গলো পিএসএল। অনেক বছর পর পাকিস্তানে ক্রিকেট ফিরেছে। অথচ ঝুঁকি থাকা সত্ত্বেও প্রথমবারের মতো আমাদের ঘরের মাটিতে অনুষ্ঠিত হচ্ছে পিএসএল। এখন বিদেশিরা চলে যাচ্ছে, এখন এটা দর্শকশুন্য মাঠে গড়াবে।"

## বিশ্বকাপ বাছাই স্থগিত হওয়ায় চলবে লিগ

কাতার বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচ ২৬ মার্চে থাকায় আগের সূচি অনুযায়ী ১৫ মার্চের পর ছিল প্রিমিয়ার লিগের বিরতি। লিগ ফেরার কথা ছিল ৫ এপ্রিল। করোনাভাইরাস আতঙ্কে বাছাইয়ের ম্যাচ স্থগিত হয়ে যাওয়ায় মাঝের সময়েও লিগের ম্যাচগুলো আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে)।

বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনাভাইরাস আতঙ্কে একের পর টুর্নামেন্ট স্থগিত হয়ে যাচ্ছে। আতঙ্ক বিরাজ করছে এ দেশের মানুষের মধ্যেও। কদিন ধরে শোনা যাচ্ছিল স্থগিত হয়ে যেতে পারে বাংলাদেশ প্রিমিয়ার লিগের খেলা। সাত ভেন্যুর বদলে এক ভেন্যুতে খেলা হতে পারে বলেও গুঞ্জন উঠেছিল।

তবে শনিবার ডাকা জরুরি সভা শেষে পেশাদার লিগ কমিটির প্রধান সালাম মুর্শেদী জানালেন, লিগ স্থগিত নয়, বাছাইয়ের ম্যাচ স্থগিত হওয়ার সময়টা কাজে লাগানোর কথা। নতুন সূচিতে আগামী ১৯ মার্চ থেকে খেলা চলবে।

"জাতীয় দলের যে আবাসিক ক্যাম্প হওয়ার কথা ছিল ফিফা বিশ্বকাপ বাছাইপর্বের জন্য, সেটি স্থগিত থাকায় ক্লাবগুলোর মতামতের ভিত্তিতে রিভাইজড ফিক্সার করেছি। যেন এই সময়ে খেলা চালিয়ে যেতে পারি। ক্লাবগুলো একমত হয়েছে।"

"এছাড়া সভাপতির নির্দেশ আছে খেলা চালিয়ে নেওয়ার জন্য। সেগুলো নিয়ে ক্লাবগুলোর সঙ্গে আলোচনা করা হয়েছে। নতুন সূচি অনুযায়ী সাত ভেন্যুতে যেভাবে খেলা চলছে, ঠিক একইভাবে খেলা চলবে।"

# 'বন্ধ দরজা' ম্যাচে কিউইদের হারালো অস্ট্রেলিয়া

দর্শকশুন্য স্টেডিয়াম। ফাঁকা গ্যালারি থেকে ফিরে আসছে ব্যাট আর বলের সংঘর্ষের অদ্ভুত প্রতিধ্বনি। এমনকি খেলোয়াড়রা 'হাই ফাইভ' করা থেকেও বিরত থাকলেন। সিডনি ক্রিকেট গ্রাউন্ডে এমন দৃশ্য আগে কখনো দেখা যায়নি। এসবই করোনাভাইরাস আতঙ্কের কারণে। তবে এমন অস্বাভাবিক দিনে শেষ হাসি হেসেছে অস্ট্রেলিয়া।

করোনাভাইরাসের প্রভাবের মাঝেও শুক্রবার (১৩ মার্চ) চ্যাপেল-হেডলি সিরিজের প্রথম ওয়ানডেতে নিউজিল্যান্ডকে ৭১ রানের বড় ব্যবধানে হারিয়েছে স্বাগতিক অস্ট্রেলিয়া।

তিন ম্যাচের ওয়ানডে সিরিজে যে দর্শকশুন্য স্টেডিয়ামে খেলা হবে এমন ঘোষণা দেওয়া হয় শুক্রবার সকালেই। এমন ঘোষণার পর খেলা মাঠে গড়ালেও সবকিছুই যেন অচেনা লাগছিল। সিডনির সেই চেনা গ্যালারি ভর্তি দর্শক নেই। চার-ছক্কায় বল গ্যালারিতে গেলেও কোনো আওয়াজ নেই। কিংবা ফিফটি আর উইকেট পতনের পর খেলোয়াড়দের মাঝেও নেই সেই চেনা উচ্ছ্বাস। এমনকি টস সাক্ষাৎকারটাও নেওয়া হলো স্পাইডারক্যামে। সবই করোনার ভয়ে। ভাবা যায়! তবে নীরব এক ম্যাচ শেষে উদযাপনটা করল অজিরাই।

শুরুতে ব্যাট করতে নামা স্বাগতিকদের ২৪ ওভারেই ১২৪ রানের জুটি উপহার দেন ডেভিড ওয়ার্নার ও অ্যারন ফিঞ্চ। ওয়ার্নার বিদায় নেন ৬৭ রান করে আর অজি অধিনায়কের ব্যাট থেকে আসে ৬০ রান। পরে কিউই স্পিনারদের দাপুটে বোলিংয়ে পথ হারানোর পর ঘুরে দাঁড়িয়ে অজি ইনিংসকে সম্মানজনক সংগ্রহ এনে দেন মার্নাস লাবুশানে (৫৬)।

বল হাতে কিউই স্পিনার ইশ সোদি নেন ২ উইকেট। আর ২টি করে উইকেট নেন লোকি ফার্গুসন ও মিচেল স্যান্টনার।

পরে জবাব দিতে নেমে প্যাট কামিন্স, মিচেল মার্শ, অ্যাডাম জাম্পা ও জশ হ্যাজেলউডদের সম্মিলিত বোলিং সাফল্যে মাত্র ১৮৭ রানেই থামে কিউইদের ইনিংস। সফরকারীদের ইনিংসে বলার মতো রান এসেছে শুধু মার্টিন গাপটিল (৪০) ও টম ল্যাথামের (৩৮) ব্যাট থেকে।

বল হাতে ৩টি করে উইকেট নিয়েছেন কামিন্স ও মার্শ। আর ২টি করে উইকেট গেছে হ্যাজেলউড ও জাম্পার দখলে।

ম্যাচ সেরা নির্বাচিত হয়েছেন অজি অলরাউন্ডার মিচেল মার্শ।

## পেটের পীড়ায় ছিটকে গেলেন বেন স্টোকস

শ্রীলঙ্কার বিপক্ষে দুই টেস্ট সিরিজ শুরুর আগে দুঃসংবাদ শুনলো ইংল্যান্ড। পেটের পীড়ায় আক্রান্ত হয়েছেন বেন স্টোকস। যার কারণে সফরে শ্রীলঙ্কা বোর্ড প্রেসিডেন্ট একাদশের বিপক্ষে দ্বিতীয় ম্যাচ থেকে ছিটকে গেছেন ২৮ বছর বয়সী অলরাউন্ডার।

কলম্বোর পি সারা ওভালে প্রস্তুতিমূলক ম্যাচটিতে স্টোকসের পরিবর্তে তার নির্ধারিত ব্যাটিং পজিসন পাঁচে ব্যাট করেছেন ওলি পোপ। ২২ বছর বয়সী উইকেটরক্ষক-ব্যাটসম্যান সুযোগ পেয়ে খেলেছেন ৯৫ রানের ইনিংস। ম্যাচটিতে আর মাঠে নামা হচ্ছে না স্টোকসের। তার পরিবর্তে ইংল্যান্ড দলে এসেছেন লেগ-স্পিনার ম্যাট পার্কিনসন।

ইংলিশ অলরাউন্ডারের পেটের পীড়া করোনাভাইরাসের সঙ্গে সংশ্লিষ্ট নয় জানিয়ে দিয়েছে টিম কর্তৃপক্ষ। ইংল্যান্ড ও ওয়েলস ক্রিকেট বোর্ড জানায়, 'ইংল্যান্ড অলরাউন্ডার বেন স্টোকস আজ মাঠে আসবে না এবং তার পেটের পীড়া পর্যবেক্ষণ করা হবে। লন্ডন থেকে পূর্ণাঙ্গ প্রতিবেদন না আসা পযর্ন সে টিম হোটেলে থাকবে।'

বিষয়টি যে কোভিড-১৯ সম্পর্কিত কোনো ভাইরাল ইস্যু নয় তাও বিবৃতি জানিয়েছে ইসিবি, 'স্পষ্ট যে, এটা কোনো ভাইরাল ইস্যু নয় অথবা কোভিড-১৯ সম্পর্কিত নয়।'

লঙ্কানদের বিপক্ষে ইংল্যান্ডের দুই টেস্ট সিরিজের প্রথম ম্যাচ হবে ১৯ মার্চ, গলে। পরের টেস্টটি হবে কলম্বোতে, ২৭ মার্চ।

# আর্সেনাল কোচ আর্তেতা করোনাভাইরাসে আক্রান্ত

আর্সেনাল কোচ মিকেল আর্তেতা নভেল করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। স্থগিত হয়ে গেছে ব্রাইটন অ্যান্ড হোভ অ্যালবিওনের বিপক্ষে আর্সেনালের শনিবারের ম্যাচ। 'গানার' নামে পরিচিত দলটি তাদের ট্রেনিং গ্রাউন্ড বন্ধ করে দিয়েছে। পাশাপাশি সম্প্রতি আর্তেতার সংস্পর্শে আসা ক্লাব স্টাফরা স্বেচ্ছায় অন্যদের থেকে নিজেদের আলাদা করে রাখবেন।

সুস্থ হয়ে কাজে ফিরতে চান ২০১৯ সালের ডিসেম্বরে আর্সেনালের দায়িত্ব নেওয়া ৩৭ বছর বয়সী আর্তেতা। "এটা সত্যিই হতাশাজনক। শারীরিকভাবে খারাপ অনুভব করায় আমি পরীক্ষা করিয়েছিলাম। ক্লাব আমাকে যখন অনুমতি দেবে তখন থেকেই আবার কাজে ফিরব।" আর্সেনাল ধারণা করছে, পুরো স্কোয়াডসহ 'উল্লেখযোগ্য সংখ্যক লোক' স্বেচ্ছায় অন্যদের থেকে নিজেদের আলাদা করে রাখবেন।

আর্তেতা করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার খবর নিশ্চিতের পরপরই ব্রাইটন এক বিবৃতিতে আর্সেনালের বিপক্ষে তাদের প্রিমিয়ার লিগের ম্যাচ স্থগিত করার কথা জানায়।

ভবিষ্যৎ সূচি নিয়ে আলোচনার জন্য প্রিমিয়ার লিগ কর্তৃপক্ষ শুক্রবার 'জরুরি ক্লাব সভা' করবে বলে জানানো হয় বিবিসির প্রতিবেদনে। ইংলিশ উইঙ্গার ক্যালাম হাডসন-ওডোই করোনাভাইরাস আক্রান্ত হয়েছেন বলে শুক্রবার জানিয়েছে তার ক্লাব চেলসি। এছাড়া, উপসর্গ দেখা দেওয়ায় লেস্টার সিটির তিন ফুটবলার স্বেচ্ছায় অন্যদের থেকে নিজেদের আলাদা করে রেখেছেন বলে জানিয়েছেন দলটির কোচ ব্রেন্ডন রজার্স।

## করোনাভাইরাসে আক্রান্ত সন্দেহে আইসোলেশনে নিউজিল্যান্ড পেসার লকি ফার্গুসন

সিডনি, ১৪ মার্চ (হি.স.) : করোনাভাইরাসে আক্রান্ত সন্দেহে আইসোলেশনে রাখা হয়েছে নিউজিল্যান্ড পেসার লকি ফার্গুসনকে উ কাশি, তার সঙ্গে গলা ব্যথা আর সামান্য জ্বর। করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার এই সব উপসর্গ দেখা গিয়েছে নিউজিল্যান্ড পেসারের শরীরে। সতর্কতার জন্য অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ড প্রথম ওয়ানডে ম্যাচের পরেই তাঁকে আইসোলেশনে রাখা হয়েছেউ

শুক্রবার দর্শকশূন্য সিডনি ক্রিকেট গ্রাউন্ডে প্রথম ওয়ানডে ম্যাচটি হয় অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের। কিউয়িরা ম্যাচটা হেরে গেলেও ফার্গুসন ৯ ওভারে ৬০ রান দিয়ে নেন ২টি উইকেট। এর পরেই অবশ্য স্থগিত হয়ে যায় গোটা সিরিজটাই।

২৮ বছর বয়সি এই কিউয়ি পেসার করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন কি না তা পরীক্ষা করা হবে। তাঁর রিপোর্টের অপেক্ষায় সবাই। পরীক্ষার রিপোর্টের উপরে নির্ভর করছে ফার্গুসনের দলে ফেরা।

উল্লেখ্য, অস্ট্রেলিয়ার ক্রিকেটার কেন রিচার্ডসনেরও এমনই সব উপসর্গ দেখা দিয়েছিল। তাঁকেও রাখা হয়েছিল আইসোলেশনে। কিন্তু পরীক্ষা করার পরে দেখা যায় অজি পেসার করোনাভাইরাসে আক্রান্ত হননি।-

## ধারাভাষ্যকারদের দল থেকে বাদ সঞ্জয় মঞ্জরেকর

মুম্বই, ১৪ মার্চ (হি.স.) : ভারতীয় ক্রিকেট কন্টোল বোর্ডের ধারাভাষ্যকারদের প্যানেল থেকে সরিয়ে দেওয়া হল সঞ্জয় মঞ্জরেকরকে উ সূত্রের খবর তাঁর পারফরম্যান্সে সন্তুষ্ট নয় বোর্ড।

আইপিএল-এও ধারাভাষ্যকার হিসেবে মঞ্জরেকরের না থাকার সম্ভাবনাই প্রবল।

সাম্প্রতিক অতীতে ধারাভাষ্য দিতে বসে মঞ্জরেকর যতটা না ক্রিকেট বিশ্লেষণ করেছেন, তার থেকে বেশি বিতর্কে জড়িয়েছেন। বিশ্বকাপ ক্রিকেটে ভারতের গুরুত্বপূর্ণ সেমিফাইনালের আগে রবীন্দ্র জাদেজা সম্পর্কে মন্তব্য করে বিতর্কের জন্ম দিয়েছিলেন। বিশ্বকাপের শেষ চারের লড়াইয়ে জাদেজা দারুণ পারফর্ম করে মঞ্জরেকরকে জবাব দিয়েছিলেন। পরে শোনা গিয়েছিল, জাদেজা নাকি পারফর্ম করে মঞ্জরেকরকে খুঁজেছিলেন। দেশের প্রাক্তন ক্রিকেটার পরে অবশ্য ক্ষমাও চেয়ে নেন জাদেজার কাছে।

হর্ষ ভোগলের বিরুদ্ধে আলটপকা মন্তব্য করেও বিতর্কে জড়ান মঞ্জরেকর। হর্ষ ভোগলের উদ্দেশে মঞ্জরেকর বলেছিলেন, পেশাদার ক্রিকেট খেলেননি হর্ষ। তাই ক্রিকেট সম্পর্কে তাঁর ধারণা পরিষ্কার নয়।

ধর্মশালার ভারত-দক্ষিণ আফ্রিকা প্রথম ওয়ানডে ম্যাচ বৃষ্টির জন্য ধুয়ে যায়। ধর্মশালার ম্যাচে সুনীল গাওস্কর, লক্ষ্মণ শিবরামকৃষ্ণণ ও মুরলী কার্তিক ধারাভাষ্য প্যানেলে উপস্থিত থাকলেও ছিলেন না মঞ্জরেকর। আইপিএল-এও দেখা যাবে না তাঁকে।

# করোনাভাইরাস ক্রীড়াঙ্গনে অচলাবস্থা

প্রাণঘাতী নভেল করোনাভাইরাসের প্রাদুর্ভাবে বিশ্ব ক্রীড়াঙ্গনে অচলাবস্থার উপক্রম হয়েছে। একের পর এক স্থগিত হয়ে যাচ্ছে সব টুর্নামেন্ট।

আড়াই মাসে মহামারীর আকার পাওয়া করোনাভাইরাসের প্রাদুর্ভাব বিশ্বের ১২৩টি দেশ ও অঞ্চলে আক্রান্তের সংখ্যা ১ লাখ ৩২ হাজার ছাড়িয়ে গেছে বলে জানিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। মৃতের সংখ্যা পৌঁছে গেছে প্রায় পাঁচ হাজারে।

চীনের পর ইতালিতে সবচেয়ে বেশি ছড়িয়েছে এই রোগ। ইউরোপ ও আমেরিকায় এর সংক্রমণ বাড়ছে দ্রুত। এর প্রভাব সবচেয়ে বেশি পড়েছে ইউরোপের ফুটবল লিগগুলোয়। একে একে বন্ধ হয়ে গেছে মহাদেশটির শীর্ষ পাঁচটি লিগই।

শুরু সেরি আ দিয়ে; আগামী ৩ এপ্রিল পর্যন্ত দেশটিতে সব ধরনের খেলা স্থগিত করা হয়েছে। আক্রান্ত হয়েছেন ইউভেন্তুসের সেন্টার-ব্যাক দানিয়েলে রুগানি। এরপর ক্লাবটির সব খেলোয়াড়কে রাখা হয়েছে কোয়ারেন্টিনে। দলটির সেরা তারকা ক্রিস্তিয়ানো রোনালদো স্বেচ্ছায় মাদেইরায় নিজ বাড়িতে অন্যেদের থেকে নিজেকে আলাদা করে রেখেছেন।

গত বৃহস্পতিবার রিয়াল মাদ্রিদের একজন বাস্কেটবল খেলোয়াড়ের শরীরে করোনাভাইরাস ধরা পড়ার পর ক্লাবটির সব অনুশীলন বাতিল করা হয়েছে। কোয়ারেন্টিনে আছে তাদের সব খেলোয়াড়। পরে সেদিনই স্পেনের লা লিগা কর্তৃপক্ষ তাদের সব ম্যাচ আগামী দুই সপ্তাহের জন্য স্থগিত করে।

আর শুক্রবার পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত ফ্রান্সের লিগ ওয়ান স্থগিতের ঘোষণা আসে। এরপর আসে ইংলিশ ফুটবল বন্ধের ঘোষণা। আগামী ৩ এপ্রিল পর্যন্ত ইংলিশ প্রিমিয়ার লিগসহ সব ধরনের ফুটবল নিষিদ্ধ করে ইংল্যান্ড। পরিস্থিতি বুঝে আগামী ৪ এপ্রিল পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে বলে বিবৃতিতে জানানো হয়।

সংক্রমিত হয়েছেন আর্সেনালের কোচ মিকেল আর্তেতা। আক্রান্ত হয়েছেন চেলসির উইঙ্গার ক্যালাম হাডসন-ওডোই। আর উপসর্গ দেখা দেওয়ায় লেস্টার সিটির তিন ফুটবলার স্বেচ্ছায় অন্যদের থেকে নিজেদের আলাদা করে রেখেছেন বলে জানান দলটির কোচ ব্রেন্ডন রজার্স।

সবশেষ শুক্রবার রাতে এ সপ্তাহের বুন্ডেসলিগা ও বুন্ডেসলিগা-২ এর সব ম্যাচ স্থগিতের ঘোষণা আসে। আগামী ২ এপ্রিল পর্যন্ত লিগের সব ম্যাচ স্থগিতের সুপারিশ করেছে জার্মান ফুটবল লিগ কর্তৃপক্ষ। আগামী সোমবার সভায় এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে।

আগামী ১৭ ও ১৮ মার্চ চ্যাম্পিয়ন্স লিগ ও ১৯ মার্চ ইউরোপা লিগের যেসব ম্যাচ হওয়ার কথা ছিল, সবগুলো স্থগিত করা হয়েছে।

চলতি মাসের বাকি সময়ে সব ধরনের ফুটবল স্থগিত করেছে নেদারল্যান্ডস।

বিরূপ প্রভাব পড়েছে বিশ্বকাপ বাছাইপর্বেও। এ মাসের শেষ সপ্তাহে মাঠে গড়নোর কথা ছিল লাতিন আমেরিকা অঞ্চলের কাতার বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচ। কিন্তু তা অনির্দিষ্টকালের জন্য স্থগিত করেছে ফুটবলের সর্বোচ্চ সংস্থা ফিফা।

দেরিতে হলেও ক্রিকেট দুনিয়ায় এর প্রভাব পড়তে শুরু করেছে। শুক্রবার স্থগিত ঘোষণা করা হয় ইংল্যান্ড ও শ্রীলঙ্কার মধ্যে দুই ম্যাচের টেস্ট সিরিজ। একই দিনে ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে তিন ম্যাচের ওয়ানডে সিরিজও স্থগিত করা হয়েছে।

নিউ জিল্যান্ডের বিপক্ষে অস্ট্রেলিয়ার তিন ম্যাচের ওয়ানডে সিরিজ অবশ্য এখনও চলছে। তবে ম্যাচগুলো হচ্ছে দর্শকশূন্য মাঠে।

একই কারণে আগামী ১৫ এপ্রিল পর্যন্ত পিছিয়ে দেওয়া হয়েছে আইপিএল। ২৯ মার্চ শুরু হওয়ার কথা ছিল প্রতিযোগিতাটির ত্রয়োদশ আসর।

পিএসএলের করাচির ম্যাচগুলো দর্শকশূন্য স্টেডিয়ামে আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। তাতে পাকিস্তানে বাংলাদেশের তৃতীয় দফার সফর নিয়ে আগে থেকেই থাকা শঙ্কা বেড়ে গেছে আরও।

আগামী ১ এপ্রিল হওয়ার কথা পাকিস্তান-বাংলাদেশের একমাত্র ওয়ানডে। টেস্ট ম্যাচটি শুরু হওয়ার কথা ৫ এপ্রিল।

টেনিসের দুনিয়াতেও আঘাত এনেছে করোনাভাইরাস। এটিপি ট্যুর ও এটিপি চ্যালেঞ্জ ট্যুরের সব টুর্নামেন্ট ছয় সপ্তাহের জন্য স্থগিত করা হয়েছে। বৃহস্পতিবার এই ঘোষণা আসার আগেই স্থগিত হয়েছিল ফেড কাপ ফাইনালস, ইন্ডিয়ান ওয়েলস ও মায়ামি ওপেন।

ডব্লিউটিএ নিয়ে অবশ্য এখনও কোনো ঘোষণা আসেনি।

তবে এপ্রিলের শেষের আগে টেনিসের মেয়েদের কোনো ট্যুর হবে না বলে ধারণা করা হচ্ছে।

বাংলাদেশের ক্রীড়াঙ্গনেও পড়েছে করোনাভাইরাসের প্রভাব। বাংলাদেশ গেমস স্থগিত করেছে বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন (বিওএ)। ২০টি ভেন্যুতে ৩১টি ডিসিপ্লিনে প্রায় ১২ হাজার অ্যাথলেট নিয়ে আগামী ১ এপ্রিল শুরু হওয়ার কথা ছিল এবারের আসরের।

আগামী জুন-জুলাইয়ে মাঠে গড়ানোর কথা ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ-২০২০ এর। তবে এই প্রতিযোগিতা নিয়েও জেগেছে শঙ্কা। আগামী মঙ্গলবার এ নিয়ে জরুরি সভা ডেকেছে উয়েফা। টুর্নামেন্টটি এক বছর পিছিয়ে নেওয়া হতে পারে বলে বিভিন্ন সংবাদমাধ্যমের খবরে এসেছে।

একই সময়ে মাঠে গড়ানোর কথা আছে লাতিন আমেরিকার সর্বোচ্চ প্রতিযোগিতা কোপা আমেরিকার। আর জুলাই-অগাস্টে হওয়ার কথা টোকিও অলিম্পিকের। এই দুই প্রতিযোগিতা নিয়ে অবশ্য এখনও কোনো শঙ্কার খবর আসেনি।

আর আগামী অক্টোবর-নভেম্বরে অস্ট্রেলিয়ায় বসবে এবছরের টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপ।

# করোনাভাইরাস: স্থগিত চ্যাম্পিয়ন্স লিগ ও ইউরোপা লিগ

আগামী ১৭ ও ১৮ মার্চ চ্যাম্পিয়ন্স লিগ ও ১৯ মার্চ ইউরোপা লিগের যেসব ম্যাচ হওয়ার কথা ছিল, করোনাভাইরাসের সংক্রমণ বৃদ্ধি এড়াতে তার সবগুলো স্থগিত করা হয়েছে।

নিজেদের ওয়েবসাইটে শুক্রবার দেওয়া এক বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করে ইউরোপীয় ফুটবলের সর্বোচ্চ সংস্থা উয়েফা। আগামী ২০ মার্চ এই দুই প্রতিযোগিতার পরবর্তী ধাপের ড্র হওয়ার কথা ছিল; স্বাভাবিকভাবে তাও স্থগিত হয়ে গেছে।

আগামী মঙ্গলবার চ্যাম্পিয়ন্স লিগে শেষ ষোলোর ফিরতি লেগে মুখোমুখি হওয়ার কথা ছিল ম্যানচেস্টার সিটি-রিয়াল মাদ্রিদ ও ইউভেন্তুস-অলিম্পিক লিওঁ। প্রতিযোগিতাটির পরদিনের সূচিতে ছিল বায়ার্ন মিউনিখ-চেলসি ও বার্সেলোনা-নাপোলি ম্যাচ।

মঙ্গলবারের ম্যাচ দুটি অবশ্য গত বৃহস্পতিবারই স্থগিত করা হয়।

রিয়ালের একজন বাস্কেটবল খেলোয়াড়ের শরীরে করোনাভাইরাস ধরা পড়ায় দলটির সব অনুশীলন বাতিল করার বিষয়টি বৃহস্পতিবার জানায় দলটি। ক্লাবটির সব খেলোয়াড়কে কোয়ারেন্টিনে রাখা হয়েছে। এর কিছুক্ষণ পর বৃহস্পতিবার এক বিবৃতিতে ম্যাচ স্থগিতের ঘোষণা দেয় লা লিগা কর্তৃপক্ষ। আর দিনের শেষ ভাগে সিটির বিপক্ষে রিয়ালের ম্যাচ স্থগিতের ঘোষণা আসে।

ইউভেন্তুসের দানিয়েলে রুগানি করোনাভাইরাসে আক্রান্ত হওয়ায় দলটির সব খেলোয়াড় কোয়ারেন্টিনে আছেন। তাই একই সঙ্গে চ্যাম্পিয়ন্স লিগে তাদের ম্যাচটিও স্থগিত করা হয়। এবার স্থগিত হয়ে গেল পর দিনের ম্যাচও। সেই সঙ্গে ইউরোপা লিগের এ সপ্তাহের সূচিও।

আগামী ৩ এপ্রিল পর্যন্ত ইংলিশ প্রিমিয়ার লিগসহ সব ধরনের ফুটবল নিষিদ্ধ করেছে ইংল্যান্ড। পরিস্থিতি বুঝে আগামী ৪ এপ্রিল পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে বলে শুক্রবার বিবৃতিতে জানানো হয়।

এ সপ্তাহের বুন্ডেসলিগা ও বুন্ডেসলিগা-২ এর সব ম্যাচ স্থগিত করা হয়েছে। আগামী ২ এপ্রিল পর্যন্ত লিগের সব ম্যাচ স্থগিতের সুপারিশ করেছে জার্মান ফুটবল লিগ কর্তৃপক্ষ। আগামী সোমবার সভায় এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে।এছাড়া পরবর্তী ঘোষণা না আসা পর্যন্ত বন্ধ থাকবে ফ্রান্সের লিগ ওয়ানের সব ম্যাচ।

আগেই আসে স্প্যানিশ লা লিগা ও ইতালিয়ান সেরি আ স্থগিতের ঘোষণা।

## টোকিও অলিম্পিক হবে জাপানের প্রধানমন্ত্রী

বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনাভাইরাসের প্রাদুর্ভাবে ইতোমধ্যে অনেক ক্রীড়া ইভেন্ট স্থগিত হয়ে গেছে। তবে পরিকল্পনা অনুযায়ী জুলাইয়ে টোকিও অলিম্পিক হবে বলে আশাবাদী জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে। তবে এ ব্যাপারে আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (আইওসি) চূড়ান্ত সিদ্ধান্ত নেবে বলেও জানান তিনি।"আমরা করোনাভাইরাস সংক্রমণের বিস্তার কাটিয়ে উঠব এবং পরিকল্পনা অনুযায়ী কোনো সমস্যা ছাড়াই অলিম্পিক আয়োজন করব।"মহামারীর আকার নেওয়া করোনাভাইরাসে জাপানে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে এক হাজার ৪০০-এর বেশি এবং মারা গেছে ২৮ জন।সংক্রমণ এড়াতে দর্শকের উপস্থিতি ছাড়াই গত বৃহস্পতিবার গ্রিসের প্রাচীন অলিম্পিয়ায় হয়ে গেছে টোকিও অলিম্পিকের মশাল প্রজ্জ্বলন। মশাল রিলের জাপান পর্ব শুরু হবে আগামী ২৬ মার্চ, ফুকুশিমায়। যুক্তরাষ্ট্র ইতোমধ্যে অলিম্পিকের বেশ কিছু ট্রায়াল ইভেন্ট স্থগিত করেছে। অবশ্য লন্ডনে বক্সিং ইভেন্ট সূচি অনুযায়ী শনিবার হওয়ার কথা।

## সিরিজের মাঝেই দেশে ফিরছে নিউজিল্যান্ড

কনোরাভাইরাসের ভয়ংকর প্রকোপের কারণে স্থবির হয়ে পড়ছে ক্রীড়া বিশ্ব। একে একে স্থগিত ঘোষণা হচ্ছে প্রায় সকল ধরনের খেলা। ইউরোপের শীর্ষ পাঁচ ফুটবল লিগ আপাতত মাঠে গড়াচ্ছে না। গত ২৪ ঘণ্টা বাতিল করা হয়েছে অনেক আর্নজাতিক ক্রিকেট ম্যাচ। এবার অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের মধ্যকার ট্রান্স-টাসমান পাড়ের ওয়ানডে সিরিজও স্থগিত করা হলো। ফলে তিন ম্যাচ ওয়ানডে সিরিজের প্রথমটি খেলেই দেশে ফিরছে নিউজিল্যান্ড ক্রিকেট দল।

নিউজিল্যান্ড সরকার তাদের সীমানা বিধিনিষেধের ওপর নীতি জোরদার করায় সিরিজ শেষ না করেই দেশে ফিরছেন উইলিয়ামসন-টেইলররা। তবে কিউই সরকার বেশ কয়েকটি দেশের তালিকা দিয়েছে যেখান থেকে কেউ এলে তাদের অন্তত ১৪ দিন কোয়ারেন্টিনে থাকতে হবে।

■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2018- 2020


## নন্দীগ্রাম কাণ্ডের ১৩ বছর, টুইট মমতার

কলকাতা, ১৪ মার্চ (হি.স.) : রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেস বরাবর দাবি করে এসেছে যে সংঘঠিত একটি গণহত্যামূলক হিংসাত্মক ঘটনার সাক্ষী ছিল ২০০৭ সালের ১৪ মার্চ। নন্দীগ্রামবাসীদের কাছে এখনও সেদিনে ভয়াবহতা চোখের সামনে ভেসে ওঠে। সেই কালো দিনে যে সমস্ত কৃষক, চাষী মারা গিয়েছিলেন তাঁদের শ্রদ্ধা জানাতে পালিত হয় কৃষক দিবস। শনিবার সেই জন্য টুইট করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

রাজ্যের ইতিহাসে এই দিন কালো অধ্যায় বলে পরিচিত। আজকের এই দিনেই একাধিক নিরপরাধ কৃষকদের ওপর হত্যালীলা চালিয়েছিল তৎকালীন বাম সরকার। নন্দীগ্রামে বয়েছিল রক্তের স্রোত। সেই সময় বাম সরকারের এই অত্যাচারের বিরুদ্ধে রুখে দাড়িয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়।

এই দিনে তৎকালীন সরকারের নির্দেশে রাজ্য পুলিশ নির্বিচারে কৃষকদের লক্ষ্য করে গুলি চালায়। মারা যায় একাধিক নিরাপরাধ মানুষ। তাঁদের সম্মান জানাতে মমতা বন্দ্যোপাধ্যায় যখন মুখ্যমন্ত্রীত্ব পদে বসেন তখন থেকে রাজ্যে কৃষক দিবস চালু করেন। এবং কৃষকরত্ন পুরস্কার চালু করেন। শনিবার এই বিশেষ দিনটিকে সম্মান জানাতে মুখ্যমন্ত্রী টুইট করে লেখেন, আমরা এই বিশেষ দিনে হারিয়েছিলাম অসংখ্য নিরীহ কৃষকদের। এখনও অনেকেই তাঁদের পরিবারের লোকেদের দেহ খুঁজে পাননি। দিনটি আমাদের রাজ্যের কালো অধ্যায়। ওনাদের সম্মান জানাতে আমরা প্রতিবছরই কৃষক দিবস পালন করি এবং কৃষকরত্ন পুরস্কার দিয়ে থাকি।

## করোনা জের, দুর্গাপুর এনআইটির পঠনপাঠন বন্ধ, হোস্টেল খালি করার নির্দেশ

দুর্গাপুর, ১৪ মার্চ (হি.স.): করোনাভাইরাস আতঙ্ক। রাজ্যজুড়ে স্কুল কলেজ বন্ধের পাশাপাশি দুর্গাপুর ন্যাশনাল ইন্সটিটিউট অব টেকনোলজি (এনআইটি) পঠনপাঠান বন্ধ করে হোস্টেল খালি করার নির্দেশিকা জারি করল কর্তৃপক্ষ। আর ওই নির্দেশিকায় বিপাকে পড়ার আশঙ্কা বিদেশী ও সংক্রামিত রাজ্যের পড়ুয়ারা। পরিস্থিতি মোকাবিলায় বিকল্প চিন্তাভাবনা শুরু করল কলেজ কর্তৃপক্ষ।

উল্লেখ্য, গত দুমাস ধরে চিনের করোনা ভাইরাস মহামারি আকার নিয়েছে। আর তাতেই ত্রস্ত গোটা দুনিয়া। ইতিমধ্যে ইরাক, ইরান সহ এদেশেও সংক্রামিত হতে শুরু করেছে। পরিস্থিতি মোকাবিলায় তৎপর রাজ্য ও কেন্দ্র সরকার। শনিবার রাজ্যের সমস্ত শিক্ষাপ্রতিষ্ঠানে আগামী ১৬ মার্চ থেকে ছুটি ঘোষণার নির্দেশিকা জারি হয়েছে ৩১ মার্চ পর্যন্ত। একই সঙ্গে দুর্গাপুরের ন্যাশনাল ইন্সটিটিউট অব টেকনোলজি (এনআইটি) তে ক্লাস সাসপেন্ড ও পড়ুয়াদের হোস্টেল খালি করার নির্দেশিকা জারি হয়েছে। জানা গেছে, কলেজে প্রায় ৫ হাজার পড়ুয়া হোস্টেলে থাকে। পশ্চিমবঙ্গ সহ দেশের বিভিন্ন রাজ্যের পড়ুয়া রয়েছে। এছাড়াও বাংলাদেশ, নেপাল, আফ্রিকান দেশেরও পড়ুয়া রয়েছে।

হোস্টেল খালির নির্দেশিকায় বাড়ী ফিরতে বিপাকে পড়ার আশঙ্কা করছে সংক্রামিত রাজ্যের পড়ুয়ারা। যদিও কলেজ কর্তৃপক্ষ জানিয়েছে, বিদেশী পড়ুয়াদের নিয়মিত মেডিক্যাল পরীক্ষা করা হচ্ছে। এনআইটির ডিরেক্টর ড় অনুপম বসু জানান,' ক্লাস সাসপেন্ড ও হোস্টেল খালির নির্দেশিকা জারি হয়েছে। সংক্রামিত এলাকার পড়ুয়াদের হোস্টেলে রাখার ক্ষেত্রে সমস্ত দিক খতিয়ে দেখা হবে। এবং অবশ্যই অবিভাবকের লিখিত আবেদনের ভিত্তিতে বিবেচনা করা হবে।'

## করোনাভাইরাসকে বিপর্যয় হিসেবে ঘোষণা করেছে কেন্দ্র

নয়াদিল্লি, ১৪ মার্চ (হি.স.) : করোনাভাইরাসকে বিপর্যয় আখ্যা দিল কেন্দ্রীয় সরকার। পাশাপাশি গড়া হয়েছে রাষ্ট্রীয় বিপর্যয় মোকাবিলা তহবিল। এই তহবিলের অর্থ দিয়ে করোনায় আক্রান্তদের চিকিৎসার খরচ বহন করা হবে। পাশাপাশি মৃতদের পরিবারের লোকেদের দেওয়া হবে আর্থিক ক্ষতিপূরণ বলে ঘোষণা করা হয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের তরফ থেকে প্রতিটি রাজ্যের মুখ্যসচিবদের চিঠি লিখে অবগত করানো হয়েছে। চিঠিতে বলা হয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা হু করোনাভাইরাসকে মহামারী হিসেবে ঘোষণা করে দিয়েছে। পাশাপাশি কেন্দ্রীয় সরকারও করোনাভাইরাসক বিপর্যয় হিসেবে ঘোষণা করেছে। ফলে গড়ে তোলা হয়েছে রাষ্ট্রীয় বিপর্যয় মোকাবিলা তহবিল। এই তহবিলের অর্থ দিয়ে রাজ্য সরকারও করোনারোধে যাবতীয় পদক্ষেপ নিতে পারবে। করোনায় আক্রান্ত হয়ে মৃতদের পরিজনকে চার লক্ষ টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হবে।

## ক্রমশই বাড়ছে সংক্রমণ, ভারতে করোনায় আক্রান্ত বেড়ে ৮৪

নয়াদিল্লি, ১৪ মার্চ (হি.স.): ভারতে কোভিড-১৯ নভেল করোনাভাইরাসে সংক্রমিত হলেন আরও একজনঊ শনিবার বিকেল পর্যন্ত কোভিড-১৯-এ আক্রান্তের সংখ্যা ৮৪-তে গিয়েছে ঠেকেছেঊ বিশেষ সচিব (স্বাস্থ্য), কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক, সঞ্জীবা কুমার জানিয়েছেন, ভারতে শনিবার বিকেল পর্যন্ত করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৮৪ জনঊ সঞ্জীবা কুমার জানিয়েছেন, সংক্রমিত ৮৪ জনের মধ্যে ১০ জন সম্পূর্ণ সুস্থ হয়ে উঠেছেন এবং তাঁদের ছেড়ে দেওয়া হয়েছে।

এদিকে, ইরানে আটকে থাকা ভারতীয়দের নিয়ে শনিবার মধ্যরাতেই ভারতে ফিরছে এয়ার ইন্ডিয়ার বিশেষ বিমানঊ সঞ্জীবা কুমার জানিয়েছেন, ইরান থেকে ভারতীয়দের নিয়ে শনিবার মধ্যরাতে মুম্বইয়ে অবতরণ করবে বিমানঊ এয়ার ইন্ডিয়ার অপর একটি বিশেষ বিমান শনিবারই ইতালির উদ্দেশে রওনা দেবেঊ ইতালি থেকে ফিরিয়ে আনা হবে ভারতীয় পড়ুয়াদের।

## করোনাভাইরাস আতঙ্কের জেরে বিশ্বের সাথে যোগাযোগ বিচ্ছিন্ন বিশ্বভারতীর, বন্ধ পঠন-পাঠন

বীরভূম, ১৪ মার্চ(হি. স.) : করোনা ভাইরাসের জেরে এবার বন্ধ করে দেওয়া হল বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে সমস্ত রকম পঠন -পাঠন, রবীন্দ্র কর্মশালা। আগামী ৩১ মার্চ পর্যন্ত বন্ধ থাকবে বিশ্বভারতীর পঠন-পাঠন। ছাত্রাবাস খালি করে দেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে। বিশ্বভারতীতে বহু বিদেশি পড়ুয়া রয়েছে, সে কথা মাথায় রেখে এই সিদ্ধান্ত বিশ্বভারতী কর্তৃপক্ষের। শুক্রবার রাতে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের তরফে একটি নির্দেশিকা জারি করা হয় নতুন করে। যেখানে বিশ্বভারতীতে সাফ জানিয়ে দেওয়া হয়েছে আগামী ৩১ মার্চ পর্যন্ত বিশ্বভারতীর সমস্ত ভবনে পঠন-পাঠন বন্ধ রাখা হবে।শুধু পঠন-পাঠন বন্ধই নয় বিশ্বভারতীর এ বছরের মাধ্যমিক পরীক্ষা পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ছাড়া বিশ্বভারতীতে যেহেতু বহু বিদেশি পর্যটক ছাত্রছাত্রীরা আছে তাই সেই বিদেশি পর্যটকদের যাতায়াত এর বিষয়ে নিয়ন্ত্রণে আনার জন্য বিশ্বভারতী কর্তৃপক্ষ বিশ্বভারতীর যাবতীয় কর্মশালা, রবীন্দ্র ভবন, বাংলাদেশ ভবন থেকে শুরু করে বিভিন্ন রবীন্দ্র কেন্দ্রিক দর্শনীয় স্থান অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়। ফলে বিশ্বভারতী এই সিদ্ধান্তে এখন কার্যত বিশ্বের সঙ্গে বিশ্বভারতী প্রায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ল।

প্রসঙ্গত, করোনা ভাইরাসের জেরে প্রস্তুতি নিয়েও বন্ধ হয়ে গিয়েছে ঐতিহ্যবাহী বসন্তোৎসব। প্রায় তিন দিনের মাথায় সমস্ত ধরণের প্রস্তুতি নিয়ে এবছর প্রথমবার বিশ্বভারতী বসন্ত উৎসব কে বাতিল না করার সিদ্ধান্ত নেয়।ইউজিসি তরফে বিশ্বভারতীর কাছে একটি আবেদন এর মাধ্যমে জানিয়ে দেওয়া হয়েছিল করোনা ভাইরাস সংক্রমণের অন্যতম মাধ্যম হল জনসমাগম। আর বসন্ত উৎসবের লক্ষ লক্ষ মানুষের জনসমাগম হয়ে থাকে।তাই সাধারণ মানুষের কথা মাথায় রেখে বিশ্বভারতী প্রথমেই বসন্ত উৎসব কে বাতিল ঘোষণা করে। এর ঠিক কিছু দিনের মধ্যেই বিশ্বভারতীর ক্যাম্পাসে পর্যটকদের নিয়ন্ত্রণের জন্য বিশ্বভারতীতে অবস্থিত রবীন্দ্র কেন্দ্রিক বিভিন্ন কর্মশালা বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কারণ প্রতিদিন বিশ্বভারতীতে বহু বিদেশি পর্যটক এসে থাকেন। সেই জন্য বিজ্ঞপ্তি জারি করে রবীন্দ্রভবন, বাংলাদেশ ভবন সংগ্রহশালা ও শান্তিনিকেতন গৃহ বন্ধ করে দেওয়া হয়েছিল। এমনকি, আশ্রম চত্বরে পর্যটকদের প্রবেশও নিষিদ্ধ করা হয় । এবার কোরোনা ভাইরাসের জেরে বন্ধ করে দেওয়া হল বিশ্বভারতী সমস্ত রকম পঠন-পাঠন। পিছিয়ে দেওয়া হল মাধ্যমিক পরীক্ষা। শুধু তাই নয় ছাত্রাবাসগুলিও খালি করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। ৩১ মার্চ পর্যন্ত বন্ধ থাকবে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়। তার আগে ছাত্র-ছাত্রীদের হোস্টেলে ফিরে আসার ব্যাপারে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।তবে বিশ্বভারতীর বিদেশি ছাত্রছাত্রী হোস্টেলে থাকেন তাদেরকে হোস্টেলে থাকার ব্যাপারে কোনও বাধা দেওয়া হয়নি। কারণ ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার কোনও ভাইরাসের সংক্রমণ এড়াতে বিভিন্ন দেশের সঙ্গে ভিসা বাতিলের সিদ্ধান্ত নেয়। তাই বিশ্বভারতী তাদের বিদেশী ছাত্রদের কথা মাথায় রেখে সেই সব ছাত্রছাত্রীদের ছাত্রাবাসে থাকার অনুমতি দিয়েছে। সবমিলিয়ে বর্তমান পরিস্থিতিতে বিশ্বভারতীর সঙ্গে গোটা বিশ্বের যোগাযোগ প্রায় বিচ্ছিন্ন। বিভিন্ন দেশের বিশ্ববিদ্যালয়গুলির সঙ্গে বিশ্বভারতীর যৌথ সেমিনার আগেই বাতিল করে দিয়েছে বিশ্বভারতী।

## পুরভোটের মুখে মাদ্রাসা কর্মীদের বেতন বৃদ্ধি

কলকাতা, ১৪ মার্চ (হি.স.) : মাদ্রাসা কর্মীদের বেতন বৃদ্ধির কথা ঘোষণা করা হল। প্রকাশ করা হয়েছে জেলার মাদ্রাসা শিক্ষা কেন্দ্র, মাধ্যমিক শিক্ষা কেন্দ্র, মাধ্যমিক শিক্ষাকেন্দ্র (সিনিয়র মাদ্রাসা) এবং শিশু শিক্ষা কেন্দ্রের শিক্ষক-অশিক্ষক কর্মীদের বেতন সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি। ০১.০৪.২০১৯ থেকে এই বেতনক্রম কার্যকর হবে বলেও সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে। **ছয়ের পাতায় দেখুন**



শনিবার আগরতলায় গণ অবস্থানে বসে চাকুরীচ্যুত ১০৩২৩ শিক্ষকরা। ছবি- নিজস্ব।

# পেট্রোল ও ডিজেলে প্রতি লিটারে ৩ টাকা শুল্ক বৃদ্ধি করল সরকার

নয়াদিল্লি, ১৪ মার্চ (হি.স.) : বিশ্ববাজারে অপরিশোধিত তেলের দাম কমলেও এদেশে মহার্ঘ্য জ্বালানি তেল। শনিবার পেট্রোল ও ডিজেলের উপর প্রতি লিটারে ৩ টাকা শুল্ক বৃদ্ধি করল কেন্দ্রীয় সরকার। জানা গিয়েছে, আন্তর্জাতিক বাজারে দাম হ্রাস পাওয়ার পর সরকারের রাজস্ব আয় কমে যাওয়ার ফলেই এই সিদ্ধান্ত।

অপ্রত্যক্ষ কর ও আবগারির কেন্দ্রীয় পর্যদের তরফে একটি বিবৃতিতে জানানো হয়েছে, লিটার পিছু পেট্রলে বিশেষ আবগারি শুল্ক (স্পেশ্যাল এক্সাইজ ডিউটি) দু'টাকা বাড়িয়ে আট টাকা করা হয়েছে। ডিজেলের ক্ষেত্রে প্রতি লিটারে তা চার টাকা করা হয়েছে। যা আগে লিটার পিছু দু'টাকা ছিল।

এর ফলে, সরকারের কোষাগারে বছরে বাড়তি ৩৯,০০০ টাকা ঢুকবে বলে অনুমান আধিকারিকদের।

একইসঙ্গে রোড সেসও বাড়ানো হয়েছে। প্রতি লিটার পেট্রল ও ডিজেলে রোড সেস এক টাকা বেড়েছে।

উল্লেখ্য, এখনও পর্যন্ত পেট্রল ও ডিজেলে প্রতি লিটারে যথাক্রমে ১৭.৯৮ টাকা এবং ১৩.৯৩ টাকা শুল্ক আদায় করে থাকে কেন্দ্র।

ভারতের প্রয়োজনীয় তেলের প্রায় ৮০ু বিদেশ থেকে আমদানি করা হয়। অপরিশোধিত তেলের দাম হ্রাস পাওয়ায় এমন একটি পরিস্থিতির সৃষ্টি হয়েছে যেখানে কেন্দ্র তীব্র রাজস্ব ঘাটতির মুখোমুখি হচ্ছে।

এই অবস্থায় এক্সাইজ ডিউটি ও রোড সেস বাড়ানোয় আবারও পেট্রল-ডিজেলের দাম উর্ধমুখী হবে বলে আশঙ্কা একটি মহলের।

কিন্তু ওয়াকিবহল মহলের দাবি, একলাফে অনেকটা শুল্ক বাড়লেও আন্তর্জাতিক বাজারে তেলের দাম কম থাকায় তা পুষিয়ে যাবে।

ফলে বাড়তি শুল্কের বোঝা মালুম হবে না আমজনতার।

## বরাক উপত্যকায় হোমিওপ্যাথিক হাসপাতাল প্রতিষ্ঠার উদ্যোগ ডা. দেবাংশু ও আহমদ আলির

বদরপুর (অসম), ১৪ মার্চ (হি.স.) : বরাক উপত্যকায় একটি হোমিওপ্যাথিক হাসপাতাল প্রতিষ্ঠা করার স্বপ্ন প্রায় ২৫ বছর আগে থেকে। পাথারকান্দি কলেজ-সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা অধ্যাপক কমরুল হকের সঙ্গে এ বিষয়ে চূড়ান্ত আলোচনাও হয়েছিল। ১৯৯৮ সালের ১৯ অক্টোবর বন্ধু কমরুল হকের আকস্মিক প্রয়াণে মন ভেঙে যাওয়ার ফলে সেই স্বপ্ন তছনছ হয়ে যায়। কিন্তু এই স্বপ্ন এখনও তাঁকে কুড়ে কুড়ে খাচ্ছে। বক্তা প্রখ্যাত হোমিওপ্যাথি চিকিৎসক ডা. দেবাংশু বন্দ্যোপাধ্যায় (ব্যানার্জি)।

বরাক উপত্যকায় একটি হোমিওপ্যাথিক হাসপাতাল প্রতিষ্ঠা করার অদম্য ইচ্ছা ব্যক্ত করতে গিয়ে ডা. বন্দ্যোপাধ্যায় বলেন, যেন মনে হয় আমার বন্ধু কমরুল কবর থেকে হাসপাতাল প্রতিষ্ঠার জন্য আমাকে তাড়া করছেন। প্রধানমন্ত্রীর মন-কি বাতে প্রশংসিত নয়টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা রিকশা চালক পাথারকান্দির হাজি আহমদ আলিকে কাছে পেয়ে এই কথাগুলি বলেন, প্রখ্যাত হোমিওপ্যাথি চিকিৎসক পশ্চিমবঙ্গের বাসিন্দা ডা. দেবাংশু ব্যানার্জি। সম্প্রতি হাজি আহমেদ আলি হাইলাকান্দি জেলায় একটি সংবর্ধনা অনুষ্ঠানে যাচ্ছিলেন। যাওয়ার পথে বরাক উপত্যকা সর্বধর্ম সমন্বয় সভা-র কেন্দ্রীয় সাধারণ সম্পাদক এইচএম আমির হুসেনের সৌজন্যে বদরপুরঘাটে ডা. দেবাংশু ব্যানার্জির চেম্বারে উভয়ের সঙ্গে পরিচয় করিয়ে দিলে এই প্রসঙ্গ উঠে আসে। ডা. ব্যানার্জি হাসপাতাল প্রতিষ্ঠায় সহযোগিতা চাইলে এক সঙ্গে মাঠে নামার প্রতিশ্রুতি দেন হাজি আহমদ আলি।

আহমদ আলি আরও একধাপ এগিয়ে গিয়ে বলেন, পাথারকান্দির খিলরবন্দে তাঁর নিজের এলাকায় একটি মহাবিদ্যালয় প্রতিষ্ঠার চেষ্টা চালাচ্ছেন। বরাকবাসীর সাহায্য ও সহযোগিতা কামনা করেন বহু আলোচিত ব্যক্তিত্ব আহমদ আলি। এদিন আলোচনাকালে উপস্থিত ছিলেন আহমদ আলি হাইস্কুলের প্রধান শিক্ষক শিক্ষাবিদ আব্দুল বাসিত, এইচএম আমির হুসেন-সহ অন্যরা।

## ৮০ কেজি গাঁজা সহ ছয় মাদক পাচারকারীকে গ্রেফতার করে বহরমপুর থানার পুলিশ

বহরমপুর, ১৪ মার্চ (হি.স.) : মুর্শিদাবাদ থেকে উদ্ধার বিপুল পরিমাণ গাঁজা ঊ শুক্রবার গভীর রাতে ৮০ কেজি গাঁজা সহ ছয় মাদক পাচারকারীকে গ্রেফতার করে বহরমপুর থানার পুলিশ। শনিবার অভিযুক্তদের বহরমপুর আদালতে তোলা হয়েছে।

৮০ কেজি গাঁজা উদ্ধার করল বহরমপুর থানার পুলিশ। ঘটনাকে কন্দ্র করে মোট ৬ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশ সূত্রে খবর, শুক্রবার গভীর রাতে বহরমপুর থানার মানকরা এলাকায় ১ টি ট্রাক ও ২ টি ছোট চার চাকার গাড়িতে তল্লাশি চালায় পুলিশ। সেখান থেকেই উদ্ধার হয় ওই গাঁজা।পুলিশ জানিয়েছে, কোচবিহার থেকে মুর্শিদাবাদের ডোমকল এবং জলঙ্গিতে পাচার করা হচ্ছিল ওই গাঁজা। শনিবার অভিযুক্তদের বহরমপুর আদালতে তোলা হয়েছে।

## দার্জিলিংয়ে ধসে ভেঙে পড়ল মাটির বাড়ি, শিশু-সহ মৃত্যু ৩ জনের

দার্জিলিং, ১৪ মার্চ (হি.স.): গত কয়েকদিন ধরেই লাগাতার বৃষ্টি হচ্ছে দার্জিলিং, কালিম্পং-সহ পাহাড়ে। এমতাবস্থায় শুক্রবার রাতে দার্জিলিংয়ের রিমবিকের কাছে লোধামায় ধসে ভেঙে পড়ল একটি মাটির বাড়ি। মাটির বাড়ি ধসে মৃত্যু হয়েছে একই পরিবারের ৩ জন সদস্যের। মৃতদের মধ্যে একটি শিশুও রয়েছেঊ মৃতদের নাম হল-নিমা তামাং (৩৪), চন্দ্রা তামাং (২৯) ও নেহাল তামাং (৫)। মৃতদেহগুলি ময়নাতদন্তের জন্য দার্জিলিং সদর হাসপাতালে পাঠানো হয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, শুক্রবার রাতে দার্জিলিংয়ের রিমবিকের কাছে লোধামায় আচমকাই ধসে পড়ে মাটির বাড়ি। জলের পাইপ ফেটে জল লিক করার কারণে বাড়িটি ধসে পড়ে বলে মনে করা হচ্ছে। ধসে পড়া বাড়ির ধ্বংসস্তূপের নীচে চাপা পড়ে মৃত্যু হয়েছে ৫ বছরের একটি শিশু-সহ ৩ জনের। পরে মৃতদেহগুলি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে পুলিশ।




## পেট্রোল ও ডিজেলের দাম কমানোর আর্জি কংগ্রেসের

নয়াদিল্লি, ১৪ মার্চ (হি.স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম কমার সুফল দেশবাসীর পাওয়া উচিত বলে দাবি করা হয়েছে কংগ্রেসের তরফে। সেই মর্মে পেট্রোল, ডিজেল, এলপিজি গ্যাস সিলিন্ডারের দাম কমানোর আর্জি জানিয়েছে তারা।

শনিবার কংগ্রেসের সদর দফতরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কংগ্রেস নেতা অজয় মাকেন জানিয়েছেন, আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম কমে চলেছে। এমন পরিস্থিতিতে পেট্রোল, ডিজেল, এলপিজি, সিএনজির দামও কমানো উচিত। ২০০৪ সালের জুন-জুলাইতে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ৩৫ ডলার ব্যারেল প্রতি ছিল। সেই সময় দিল্লিতে ডিজেলের লিটার প্রতি দাম ছিল ২২টাকা ৭৪ পয়সা ও পেট্রোলের ৩৫ টাকা ৭১ পয়সা। বর্তমানে আন্তর্জাতিক বাজারে তেলে একই থাকা সত্বেও ডিজেলের লিটার প্রতি দাম বর্তমানে দিল্লিতে ৬২ টাকা ৮১ পয়সা।

অজয় মাকেন আরও জানিয়েছেন, কংগ্রেসের তরফে কেন্দ্রের কাছে তিনটি দাবি করা হয়েছে প্রথমটি হচ্ছে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দামের কথা মাথায় রেখে ভারতে ডিজেল ও পেট্রোলের দাম ৩৫ থেকে ৪০ টাকার মধ্যে রাখতে হবে। দ্বিতীয়ত জিএসটির আওতায় পেট্রোল ও ডিজেলকে আনতে হবে। তৃতীয়ত ২০১৪ সালে যা উৎপাদন শুল্ক ছিল তেমন পর্যায় তা নিয়ে যেতে হবে।

## সেলিমপুর রেল ঝুপড়িতে বিধ্বংসী আগুন, ঘটনাস্থলে দমকলের ১০টি ইঞ্জিন

কলকাতা, ১৪ মার্চ (হি.স.) : সেলিমপুর রেল ঝুপড়িতে বিধ্বংসী আগুন। শনিবার রাতে আগুন লাগে দক্ষিণ কলকাতার সেলিমপুর রেল ঝুপড়িতে ঊ ইতিমধ্যে ঘটনাস্থলে পৌঁছেছে দমকলের ১০টি ইঞ্জিন। যুদ্ধকালীন তৎপরতায় আগুন নেভানোর কাজ চলছে। তবে ঘনবসতি এলাকা হওয়ার ছড়িয়ে পড়ছে আগুন। সম্পূর্ণ বন্ধ হয়ে গিয়েছে ওই লাইনের ট্রেন চলাচল। রেলের তরফে জানানো হয়েছে, বজবজ বাদে দক্ষিণ শাখায় পুরোপুরি স্তব্ধ ট্রেন চলাচল।

ক্রমশ ভয়াবহ হচ্ছে দক্ষিণ কলকাতার সেলিমপুর রেল ঝুপড়ির আগুন। শনিবার রাত পৌনে ৮টা নাগাদ আগুন লাগে। ঢাকুরিয়া স্টেশনের কাছে এই জায়গা ঘনবসতিপূর্ণ এলাকা হওয়ায় আগুন ছড়ানোর আশঙ্কা। আগুনে পুড়ে ছাই বেশ কয়েকটি ঝুপড়ি। উৎস এখনও জানা যায়নি। এর সঙ্গে পাল্লা দিয়ে ঝড়ো হাওয়ার কারণে আরও পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে উঠেছে। প্রথমে ঘটনাস্থলে পৌঁছয় দমকলের ৭টি ইঞ্জিন। পরে আরও ৩টি ইঞ্জিন যায় ঘটনাস্থলে ঊ দমকলের ১০টি ইঞ্জিনের সাহায্যে যুদ্ধকালীন তৎপরতায় আগুন নেভানোর কাজ চলছে। চারপাশ দিয়ে জল দিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা হচ্ছে।

তবে কীভাবে আগুন লাগল তা এখনও জানা যায়নি। তবে প্রচুর পরিমাণে দাহ্য পদার্থ থাকার কারণে আগুন আরও বিধ্বংসী আগুন আকার নেয়। তীব্র আতঙ্ক তৈরি হয়েছে। আগুনের তীব্রতা এতটাই রয়েছে যে কালো ধোঁয়াতে ঢেকে গিয়েছে গোটা এলাকা।

অন্যদিকে, একেবারে রেল লাইল সংলগ্ন এই ঘটনা হওয়ার কারণে সম্পূর্ণ বন্ধ হয়ে গিয়েছে ওই লাইনের ট্রেন চলাচল। রেলের তরফে জানানো হয়েছে, বজবজ বাদে দক্ষিণ শাখায় পুরোপুরি স্তব্ধ ট্রেন চলাচল। ঘটনার পরেই বহু মানুষ ওই লাইনের উপর নেমে পড়েছে, যার কারণে ট্রেন চলাচল ওই লাইনে বন্ধ করে দেওয়া হয়েছে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।